
College Form No. 4

This book was taken from the Library on the date last stamped. It is returnable within 14 days.



রঙমহলে অভিনীত

Constant san

॥ বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড ॥
। কলিকাতা বারো ।

প্রথম অভিনয়-রন্ধনী—৮ নবেম্বর, ১৯৫৬ পরিচালক—বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র



প্রস্থ-সংগ্র অধিকারী:
মনীবী বহু
পি-১৯০ লেক রোড, কলিকাতা-২৯
নাট্যান্ডিনয়-সংগ্রে অধিকারী (১৯৬১ অবধি):
রঙমহল
৭৬-১, কন ওয়ালিশ স্ত্রীট, কলিকাতা-৬

প্রথম সংকরণ : পৌব ১৩৬৩
প্রকাশক : শচীজ্রনাথ মুথোপাধ্যার
বেলল পাবলিশার্ন
১৪ বহিম চাটুজ্বে খ্রীট, কলিকাতা-১২
মুল্লাকর : গ্রীরঞ্জনকুমার দাস
শনিরঞ্জন প্রেস
৫৭ ইজ্র বিবাস রোড, কলিকাতা-৩৭
প্রজ্বে-লিখন :
বিনর সরকার
ক্রক ও প্রজ্বদণ্ট-মুল্রণ :
ভারত কোটোটাইপ স্টুড্তিও
বাধাই : বেলল বাইওার্স

क्रहे होका

উৎসর্গ

শ্রীঙ্গিতেন্দ্রনাথ বস্থ শ্রীহেমস্ক বন্দ্যোপাধ্যায় শ্রীনলিন বন্দ্যোপাধ্যায়

বে তিন গুণীকে প্রথম এই নাটক শোনাই; একবার শুনেই খাঁরা উল্লসিত ও উচ্ছুসিত হয়েছিলেন।

১ পৌৰ, ১৩৬৩

এই লেখকের বই

- উপক্যাস: এক বিহনী (৩য় সং)॥ সৈনিক (৭ম সং)॥ ওগো বধ্ ফুল্বরী (৪র্থ সং)॥ বকুল (৩য় সং)॥ নবীন ষাত্রা (৩য় সং)॥ জলজন্বল (৩য় সং)॥ শত্রুপক্ষের মেয়ে (৪র্থ সং)॥ যুগান্তর (২য় সং)॥ ভূলি নাই (২৬শ সং)॥ বাঁশের কেল্লা (৪র্থ সং)॥ আগস্ট, ১৯৪২ (৩য় সং)॥ সবুজ চিঠি (২য় সং)॥ বৃষ্টি!
- গক্ষপ্রছ: মনোজ বহুর শ্রেষ্ঠ গল্প (তয় সং)। বনমর্মর (৪র্থ সং)। উলু
 (তয় সং)। কাচের আকাশ (২য় সং)। দেবী কিশোরী
 (তয় সং)। থতোত (২য় সং)। কুছুম (২য় সং)।
 কিংশুক। পৃথিবী কাদের ? (৪র্থ সং)। নরবাধ (৪র্থ সং)।
 দিল্লি অনেক দ্র (২য় সং)। তৃঃখ-নিশার শেষে (তয় সং)।
 একদা নিশীথকালে (৪র্থ সং)।
- লাটকঃ প্লাবন (৪র্থ সং)॥ নৃতন প্রভাত (৫ম সং)॥ বিপর্বয়। রাখিবন্ধন (২য় সং)॥ বিলাসকুঞ্জ বোর্ডিং॥ শেষ লয়॥
- জ্ঞ্মণঃ চীন দেখে এলাম ১ম পর্ব (৭ম সং)। দিতীয় পর্ব (জয় সং)।
 পথ চলি।

ভূমিকা

রাশিয়া ও মধ্য-এশিয়া ঘূরে এলাম ১৯৫৪-র শেষাশেষি। নাটক-অপেরার দেশ—বলসই, মক্ষো-আর্ট এবং আরও অনেক নামজাদা থিয়েটারে বিন্তর পালা দেথে এসেছি। নাটক আবার চাড়া দিয়ে উঠেছে মাথার মধ্যে। ওদেশে যত দেখলাম, (পুরানো ক্লাসিক নাটকও দেখেছি, তার কথা বলছিনে) একটি ছাড়া কোন নাটকেরই বিশেষ কিছু 'বাণী' নেই। অমন প্রগতিবান দেশেই যথন এই ব্যাপার, আমার মনে কুণ্ঠা পুষে লাভ কি? আমাদের পেশাদারি মঞ্চে প্রগতি-নাটক অচল—দর্শক জোটে না, লোকদান দিয়ে মঞ্চকর্তারা কাহাতক ব্যবদা চালাবেন? আমার 'নৃতন প্রভাত' রাথিবদ্ধনে'র মতো নাটকও পেশাদারি মঞ্চে গৃহীত হয় নি। অতএব ঠিক করে ফেললাম—ঘরোয়া জমাটি নাটক লিথব, মঞ্চে ধা চলতে পারে।

নাটকীয়তায় সমৃদ্ধ হুটো গল্প আছে আমার—'উলু'ও 'বর'। গল্প হুটোর কিছু কিছু অংশ নিয়ে এবং অনেকথানি নতুন লিখে নাটক দাঁড় করানো হল। পছন্দসই হল জিনিসটা।

কিশোর বয়স অবধি গ্রামে মাত্রয—এমনি অনেক ব্যাপার আমার চোথে দেখা। বছর কয়েক আগেও এক অজ-পাড়াগাঁয়ে প্রায় এমনি কাণ্ড হতে যাচ্ছিল। সেটা খুলনা জেলায়, এখন পাকিস্তানের ভিতর—পশ্চিম-বাংলার কথা বলতে পারব না।

রঙমহলের কর্তাদের এক তরফের সঙ্গে আমার অনেক দিনের সৌহার্দ্য। থিয়েটার প্রথম যথন এঁদের হাতে এলো, নাটক বাছাবাছির ব্যাপারে আমিও আসাযাওয়া করতাম। নাটক লিথছি—হয়তো আমিই বলেছি অথবা অন্ত স্থতে শুনে থাকবেন, অন্ততম কর্ণধার শ্রীমান নলিন একদিন বললেন, শোনান আপনার নাটক—

---শেষ দিকটা বাকি এখনো।

- —যতটা হয়েছে, শোনা যাক।
- —নাটকের মজাই তো শেষে। গোড়ায় গল্প ও চরিত্র ছড়িয়ে যায়, শেষ দিকে সমস্ত গুটিয়ে আসে।

সপ্তাহ-দেড়েক পরে শুনলেন ওঁরা নাটক। আমার সর্বপ্রথম শ্রোতা তিন জন। ভাল লাগল তাঁদের; সঙ্গে সঙ্গে রায় দিলেন, এ নাটক আমাদের। কর্তৃপক্ষ তারপরে বন্ধুবর বীরেক্রকৃষ্ণ ভদ্রকে নিয়ে আমার বাড়ি এলেন নাটক শুনতে। বীরেক্রকৃষ্ণ খুব তারিপ করলেন। কথা হয়ে রইল, বীরেক্রকৃষ্ণের পরিচালনায় নাটক মঞ্চস্থ হবে 'উল্কা' নাটকের পরে।

নাটক তথন বিয়োগাস্ত—ফুলশয্যার রাত্রে গৌরীর শোচনীয় মৃত্যুতে শেষ।
নাম দিয়েছি 'ফুলশয্যা'। নিজেরা বলাবলি করি, অভিনয়ের পর দর্শকেরা
ফিরে যাবার সময় আমরা তাকিয়ে তাকিয়ে দেথব; যার চোথ শুকনো থাকবে,
ডেকে তাঁর টিকিটের টাকা ফেরত দেওয়া হবে। সত্যি, এমনি নিদারুণ
টাজেডি ছিল গোড়ায়।

বীরেক্সক্ষ বার কয়েক পড়ে দেখে বললেন, এত বেদনা দর্শকদের সহ্ হবে না। মিলনাস্ত করতে পারেন কিনা দেখুন—গৌরীকে বাঁচিয়ে রেখে বিয়েথাওয়া দিয়ে দিন। প্রথমটা মনে হল অসম্ভব। ভাবতে লাগলাম। ভেবেচিস্তে রদবদল করা গেল। এবং তথন মনে হল, এটাও লাগসই হয়েছে। বিয়ের তিনটে লয়। প্রথম লয় প্রতীক্ষায় কাটল; বিতীয় লয়ে নিশির সক্ষে বিয়ে হতে যাচ্ছে—গৌরীর জীবনের সর্বনাশা ছর্বোগ; তৃতীয় ও শেষ লয়ে মিলন—ব্কের উপর থেকে উদ্বেগ ও বিষাদের পাথর নেমে গেল। নাটকেরও তাই নতুন নামকরণ হল—'শেষ লয়'।

'উদ্ধা' ইতিমধ্যে খুব জমেছে। 'শেষ লগ্ন' অতএব চাপা পড়ে রইল। একাদিক্রমে ত্-বছর ধরে চলল। কর্তৃপক্ষ তারপরে ঠিক করলেন, পাঁচ শ' রাত্রির বেশি 'উদ্ধা' চালাবেন না। আমার নাটক অবশেষে বাল্লের বন্দিন্দ থেকে বাইরে এল।

থিয়েটার-সিনেমার রাজ্যে আমি নতুন নই। এইবারে সঙিন সময়, ব্রুতে

পারছি। পরিচালক কাটাকাটি শুরু করেন, আর লেখকে-পরিচালকে ধন্তাধন্তি বেধে যায়। লেখক ভাবেন, কায়দায় পেয়ে কোতল করছেন আমার গল্প ও চরিত্র। এক-একটা কথা কাটা যায়, এক-একটা ছোরার খোঁচা পড়ে যেন লেখকের বুকে। তলিয়ে দেখলে এই বিরোধের কারণ বোঝা ষাবে। লেথক ও পরিচালক তু-জনেই শিল্পী। লেথকের মনের মধ্যে একটা ছবি থাকে; আবার নাটক পড়ে পরিচালকের মনের মধ্যেও ছবি ফোটে একটা। তুই ছবিতে মেলে না। তুই শিল্পী-মান্থবের ক্ষচি-প্রকৃতি অমুষায়ী তাঁদের মানসচিত্রের চেহারা আলাদা হতে বাধ্য। পরিচালক ভাবছেন. লোকটা বই লিখতে পারে, কিন্তু অভিনয়ে কোন চেহারা ফুটবে, সে ধারণা কোথায় ? ব্যস, বেধে গেল। লেথককে পাশ কাটাতে চান ডিনি: দেখলে হয়তো বা বিরক্ত হন মনে মনে—এই রেঃ, আবার এখন চেপে বসে ফোড়ন কাটবে, কাজের ভণ্ডল হবে। শেষ পর্যস্ত অবস্থা দাঁড়ায়—সবাই নাটক বোঝে, শুধুমাত্র যে লিখেছে দেই মাহুষটি ছাড়া। অথচ লেখককে সামনাসামনি অবহেলা করতেও শরমে বাধে—বিশেষ লেথকটি যদি প্রতিষ্ঠাবান হন। পরিচালক মশায় তবু যা হোক জুড়লেন, রদবদল করলেন—তারপরে আসে অভিনেতাদের পালা। তাঁরাও মুখে মুখে রচনা করেন স্টেজের উপর, উন্টে-পান্টে দেখেন দর্শক কি ভাবে নিচ্ছে। দর্শকের তারিপ পেলে আর রক্ষা নেই। আর, দর্শক যখন নিচ্ছে কারও কোন এক্তিয়ার আছে কথা বলবার ?

কিন্তু আমার ভাগ্য ভাগ—এই নাটক পরিচালনার ভার নিলেন পরম গুণী প্রীযুত বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। আমার স্থান্দর্গকালের বন্ধু—বছর কুড়ি আগে ব্যেক্টিওয় একত্র অভিনয় পর্যন্ত করেছি। তিনি নিজে নাট্যকার, সাহিত্যশিল্পী এবং উচুদরের অভিনেতা। নাট্যমঞ্চের সঙ্গে অনেক দিনের যোগাযোগ তাঁর; দর্শকদের ধাত বোঝেন। তাঁর হাতে নাটকের লাঞ্ছনা হবে, এমন কথা ভাবতে পারা যায় না। তবু মন-ক্যাক্ষি যে একেবারে হয় নি, এমন নয়। কিন্তু আমাকেই হার মানতে হয়েছে—খানিক ভড়পানোর পরে সব

লেখকেরই যে গতি হয়। এমন কি কয়েকটি ক্ষেত্রে আমারই বোঝবার ভূল, একথা স্বীকার করতে আজ দ্বিধা নেই।

বেমন ধক্ষন, গোবিন্দর চরিত্র। মূল-নাটকে ঘটকের নামোল্লেখ মাত্র ছিল। নাটকের কাহিনীর পক্ষে ঘটক অপ্রয়োজনীয় ও অবাস্তর। বীরেল্রক্লফ এই চরিত্রের যোজনা করেছেন—গোবিন্দর পরিকল্পনা ও সংলাপ সমস্তই তাঁর। এখন দেখা যাচ্ছে, অভিনয়-গুণে গোবিন্দ-রূপী জহর রায় প্রেক্ষাগৃহ মাতিয়ে তুলেছেন। গোবিন্দ-বিহীন নাটক আজ ভাবতেই পারা যায় না। আর হুণ্টি ছোট চরিত্র—গদা ও রজনী একাস্ত ভাবেই বীরেল্রক্সফের। দিতীয় অঙ্কে বনমালীর চরিত্র তিনি অনেক বাড়িয়েছেন; গোবিন্দের সঙ্গে কমিশনের ভাগাভাগি তাঁরই রচনা। অবশ্য তৃতীয় অঙ্কে বনমালীর অংশ কাটাও গিয়েছে। সাতকড়ি এবং মদনের চরিত্রও বেড়েছে। এই সমস্ত পরিবর্তন ও পরিবর্জন সত্ত্বেও গল্পের মূল-কাঠামো ঠিক আছে; দেদিক দিয়ে আমার অন্থ্যেগের কারণ ঘটেনি।

গোড়ায় ভেবেছিলাম, আমার মৃল-নাটক ছবছ ছেপে দেবো। কিন্তু পাঠকেরা চান, থিয়েটারে যা অভিনীত হচ্ছে, তারই গ্রন্থরূপ। দেজত্য মৃল-নাটক এবং বীরেক্সক্রফের সংস্থারের মধ্যে দক্ষি-স্থাপনা করে নিয়েছি। ছাপা নাটকে কিছু কিছু বাড়তি সংলাপ আছে, সময়-সংক্রেপের জত্য অভিনয়ে দেগুলো বাদ যায়। প্রতি অঙ্কের শেষভাগে পদা পড়বার মূথে ছাপা নাটক ও মঞ্চের অভিনয়ে কিছু তফাৎ দেখা যাবে। অর্থাৎ ঐ সব জায়গায় পরিচালকের সঙ্গে আমি সায় দিতে পারি নি। তৃতীয় অঙ্কের ভিতর হুই জায়গায় ফুটনোট আছে; দেখানেও আমাদের মতভেদের পরিচয়। তৃতীয় অঙ্কের পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম দৃশ্রের জায়গায় একটিমাত্র দৃশ্রে মঞ্চাভিনয় হয়ে থাকে। এই সংযুক্ত দৃশ্রটি, বীরেক্রক্রঞ্জ দাঁড় করিয়েছেন ("পরিশিষ্ট"রূপে সেটা ছাপা হল)। মৃল-নাটকে হুটি অঙ্ক ছিল—দ্বিতীয় অঙ্ক ভেঙে পরিচালক দ্বিতীয় ও তৃতীয় হুই অঙ্কে দাঁড় করিয়েছেন।

দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যের শেষটা এই রকম ছিল:—

ভষাল। ছাতে ত্রিপল দিল্ছ, উঠোনে কিন্তু সামিয়ানা চাই। চারিদিকে ফুন্দরি ঝালর থাকবে। দেই দেকালে আমার বিরের বেমন করেছিল— রাজ। বেশ, মঞ্র।

তমাল। তারপরে, ধরোপে ঢোল-

বাৰ। উহ, ব্যাও—ব্যাগপাইপ—

তমাল। ঢোল হল চিরকালের জিনিস। ঢোল ছাড়া কি বিরে জনে ?

রাজ। ওসব পাড়াগাঁরে চলে। ক্সাপক করবে।

তমাল। ঢোলের বাজনার এখনো বুক গুরগুর করে। বিরের দিনের কথা মনে পড়ে বার। ঢোল-কামি-শানাই---

[বাজনার প্রসক উঠতেই আলো নিভেছে। মঞ্ ঘৃবছে। অন্ধকারেই কর্তানিরির কথা চলছিল। কথা শেব হতে সকে সকে ঢোল-কাঁসি-শানাই বেজে উঠল। আলো অসল।]

কথার উপর কথা চাপিয়ে গতিসঞ্চার করে বিয়েবাড়ির চেহারার কিছু আন্দাজ দিয়ে আমি রাজমোহনের কলিকাতার বাড়ি থেকে সরাসরি গ্রামের বিয়েবাড়ি পৌছতে চেয়েছিলাম। ঢোলের বান্ধনা ছাড়া পাড়াগাঁয়ের বিয়ের চেহারা ফোটে না; কিন্তু স্টেজের উপর তা ও আর ঘটে উঠল না।

নাটকের রূপায়ণের জন্ম পরিচালক যে পরিশ্রম করেছেন, তা ধারণায় আনা যায় না। নাটক যদি জনপ্রিয় হয়, সেজন্ম প্রধান রুতিত্ব তাঁরই। এই প্রসঙ্গে হেমন্ত বন্দ্যোপাধ্যায় ও নলিন বন্দ্যোপাধ্যায় আত্যুগলের নিষ্ঠা ও অধ্যবসায়ের উল্লেখ না করলে প্রত্যবায় ঘটবে। রঙমহলের শিল্পিবর্গ আমার কল্পনার ছবিকে রূপদান করেছেন; নেপথ্যকর্মীরা পর্ববিশ্ব সহযোগিতা করেছেন। এঁদের সকলের প্রতি আমি ক্বতজ্ঞ।

কুশীলব

শিবনাথ ··· গ্রাম্য গৃহস্থ ভূবন ··· ডাক্তার

নিশি · · · গ্রামের লোক

সাতকড়ি · · "

গ্যাড়া ··· নিশির বড় ছেলে স্থাড়া ··· নিশির মেন্ড ছেলে

গোবিন্দ · · ঘটক

নীরদ · · · কলিকাভাবাসী যুবক

প্রশান্ত …

রাজমোহন · • প্রশান্তর বাবা

বনমালী · · বাজমোহনের বাডির সরকার

বন্ধু বিশাস, মদন পাগলা, পুরোহিত, বর্ষাত্রীরা, কয়েকটি চাধী,

বিভার মামা।

গৌরী · · · শিবনাথের পৌত্রী

কাদস্বিনী · · · শিবনাথের বিধবা মেয়ে

স্থরবালা ... গৌরীর মা

ভুলোর মা
 শেবনাথের বাড়ির দাসী

বিভা

 ভ্বন ডাক্তারের মেয়ে

তমালবাসিনী · · প্রশান্তর মা

রজনী ... গ্রামের এক গৃহিণী

হুধা · · গৌরীর স্থী

नीना ...

গ্রামের মেয়ে-বউরা।

প্রথম অঙ্গ

॥ প্রথম দৃশ্য॥

শিবনাথের বাহির-বাড়ি। পুরানো গৃহস্থ—এখন অবস্থা খারাপ হরে গেছে, বাড়ির চেহারার বোঝা যার। উঠান, এক প্রান্তে বকুলগাছ। দেখানে বাখানো বেদার মতো। এখন ভেডেচুরে গেছে। পিছন দিকে ইট-বার-করা অমুচ্চ গাঁচিল। জীর্ণ কটক আছে একটা। পাঁচিলের বাইরে অনেক দুরে জ্ঞামস্থলরের মন্দিরের চূড়া দেখা বাছে। বাঁ দিকে বৈঠকখানার বারালা—পিছনে কামরা আছে, ভার আন্দাল পাঙ্কা বাছে। একটা জানলা পাঙ্কা বাছে। একটা জানলা ঐ দেয়ালে।

বারান্দার শতরঞ্জি ও চাদর পাতা। করেকটা তাকিরা। ছটো হঁকোদান। অপরাহু। নিবনাধের বিথবা পুত্রবধু স্থরবালা কটকের ধারে পথের দিকে তাকিরে আছেন। ভিতরের দিক দিরে নিবনাধের বিথবা মেরে কাদ্দিনী এলেন।

কাদম্বিনী। দেখ, ভূলোর মার কাণ্ড দেখ একবার! ফরাসের উপর জক্ষল জমে আছে। কলকাতার ছেলে, সর্বদা ফিটফার্ট থাকে। এর মধ্যে এসে বসবে কেমন করে?

করাদের উপর প্র-ইঠানে গুৰুনো পাতা পড়ে ছিল। কাদ্যিনী পুঁটে খুটে কেলতে লাগলেন। দাসী ভুলোর মা ছু হাতে ছুটো রূপো-বাধানো হ'কো নিয়ে চুকল।

ভূলোর মা। দব তাতে ভূলোর মার দোষ। দাত-দকালে কত্তা মণাই ফরাদ করে রেথে গেলেন। পাতা উড়ে উড়ে পড়ছে, আমি তার কি করব ? শে—ল—>

স্বৰালা এদিকে তাকালেন।

- স্থারবালা। কুটুম্ব কথন আসবে ঠিক নেই, সকাল থেকে বাবা বাড়িস্থন্ধ তাড়িয়ে বেড়াচ্ছেন। ছ্-বার আমি এর মধ্যে সাফ করে দিয়ে গিয়েছি ঠাকুরঝি। তেওঁ কি ভুলোর মা, এত হুঁকোর ঘটা কেন রে ?
- ভূলোর মা। আমি তার কি জানি? হুঁকোদান আর বাঁধানো হুঁকো বের করে কভামশাই হুকুম দিয়ে গেলেন, মেজেঘদে চকচকে করে সাজিয়ে রাথবি—

সুরবালা হাসতে লাগলেন।

স্থরবালা। বাবার কাণ্ড! ভেবেছেন, তাকিয়ে ঠেদান দিয়ে বদে তারা শুরুজনের মুখে ধোঁয়া ছাড়বে। ছাঁকো টানতে টানতে মেয়ে দেখবে। ভূলোর মা। (ছাঁকো রেখে) ক্তাবাবু গেল কমনে ?

সুরবালা হাসতে হাসতে হঠাৎ গন্ধীর বিমর্ব হলেন।

- স্থারবালা। যাবেন আর কোথায় ? কোন মতে নাকে-মূথে হুটো গুঁজে গাঙের ঘাটে গিয়ে বদে আছেন। আমি বললাম, ঘাটে যাবার দরকারটা কি বাবা—না, কলকাতার ছেলে, পাড়াগাঁ চেনা-জান। নেই, মুশকিলে পড়ে যাবে।
- ভুলোর মা। কেন, গোবিন্দ ঘটক তো তাদের নিয়ে আসছে। সে কি রাস্তা চেনে না? আহা, বুড়ো মাহুষ্টা সেই ছপুর থেকে বসে আছে গা!
- কাদস্বিনী। ভূলোর মা, জলখাবারের বাদনগুলো এবার ধুংগ্র-মুছে ঠিক করে রাখংগে।
- র্ত্তার মা। সে আর তোমায় বলতে হবে নি, কোন কালে সব ঠিক করে রেখেছি। এখন পানগুলো শুধু সেজে ফেললেই হয়।

ভুলোর মা চলে গেল।

ছবৰালা কটকের দিক খেকে কিরে কাদখিনীর কাছে এলেন। কাদখিনী ইতিমধ্যে বারালার বনেছিলেন।

স্থরবালা। এল না বোধ হয় ঠাকুরঝি। আদবার হলে এতক্ষণে কি আদত না?

কাদধিনী। আসবে বউ, আসবে। অত ভেবো না।

স্থ্রবালা। গোবিন্দ ঘটকের সম্বন্ধ তো, তাই ভরসা হচ্ছে না।

কাদম্বিনী। তা সত্যি কথা বলি, গোবিন্দ সম্বন্ধও কম আনলে না। পয়সার লোভটা ওর একটু বেশি, কিন্ধ চেষ্টা খুবই করে। এ গাঁয়ের কত মেয়েকে তো পার করল!

স্থারবালা। তা ঠিক। তব্ আমি আর বিশাস রাখতে পারছি না ঠাকুরঝি। কেবল মনে হচ্ছে কলকাতার ছেলে, সে হয়তো আসবেই না।

কাদধিনী। আদবে গো, আদবে। তুমি একটু দ্বির হয়ে এখানে বদ দেখি। ছেলে নিচ্চে চিঠি লিখেছে, নৌকোর জোয়ার-ভাঁটার ব্যাপার, ঘড়ি ধরে আদে কেমন করে? পথ তাকাতে তাকাতে তুমিও তো দারা হয়ে গেলে। ঠাণ্ডা হয়ে বদ, দময় হলে ঠিক এদে থাবে।

স্থ্রবালা। এলেই বা কি ঠাকুরঝি? কত এল কত গেল, দ্বাই তো মুথ ফিরিয়ে চলে যাচ্ছে।

কাদধিনী। ও-কথা বলো না বউ। ডোঙাঘাটার দত্তর। তো পছন্দ করেছিল। দেনাপাওনায় বনল না তাই—

স্থরবালা। তাই দেখ, যদিই বা মেয়ে পছন্দ হল তথন আটকাল পণের টাকায়। দশটা টাকা জোগাড় করতে কালঘাম ছুটে যায়, কোখেকে আদর্থে হাজার হাজার টাকা? ঘর-বর কপালে থাকবে তো অসময়ে বাপকে থেয়ে নিশ্চিন্দি হবে কেন? তুমি দেখে নিও ঠাকুরঝি, ওকে চিরকাল আইবুড়ো থাকতে হবে।

ৰুক্ষকে মেন্নে বিভা ব্যাগ হাতে হাসতে হাসতে এল। বিভা। কাকে চিরকাল আইবুড়ো থাকতে হবে কাকীমা ?

- স্থারবালা। এই যে বিভা, এসে গেছিস। কত দেরি করে ফেললি বশ্ দেখি ?
- বিভা। কোথায় দেরি ? আগেভাগে দাজিয়ে রাখলে থারাপ হয়ে যায় না ? শাড়ি, পাউডার, রুজ, ক্রীম সমস্ত গুছিয়ে এনেছি। কডক্ষণ আর লাগবে ?

ध्रमाध्यव चार्त्राक्षनश्रमा (प्रथान ।

কাদস্বিনী। কলকাতার শহরে থাকিস, আজব ক্ষমতা ধরিস তোরা মা। বিভা। (হেসে) কি রকম ?

- কাদখিনী। চাটুজ্জেদের অস্তা বিয়ে করে এল। পাল্কি থেকে বউ নামল একেবারে পটের পরী। বিকেলবেলা গিয়ে দেখি, নেয়ে-ধুয়ে এসেছে কিনা—গুমা, কটকটে এক দাঁড়কাক। চোথ তুলে চাওয়া যায় না।
- স্থাবালা। নানান থোঁজ-খবর করে ঘটককে ধরাপাড়া করে সম্বন্ধ এসেছে।
 কনে নজরে লাগলে এক পয়সাও লাগবে না, শাঁখা-শাড়িতে বিয়ে
 হয়ে যাবে। (বিভার হাত ধরে) তোর যত বিজেসাধ্যি আছে দেখ্
 খাটিয়ে। এক ঘণ্টা, তৃ-ঘণ্টার জন্মে খুব স্থানর করে দে বিভা। এ সম্বন্ধ
 খনে গেলে আর গোঁরীর ছাদনাতলায় যেতে হবে না—

বিভা রাগ করে হাত ছাড়িয়ে নিল।

বিভা। অমন যদি করেন, কিছু করব না আমি। বাড়ি চলে ধাব। চোধ তো নেই আপনাদের, কানা-কানা-অমন মেয়েকে তাই থারাপ দেখেন।

করকরিয়ে বিভা ভিতরে চলে গেল।

·স্থরবালা। (ঘুরে দাঁড়িয়ে দ্রের মন্দিরের উদ্দেশ্তে করজোড় করলেন)
ঠাকুর, শ্রামস্থলর, চোথ তুলে চাও একটি বার। আমার ছুর্ভাগা
মেয়ে—কত চেষ্টায় বাবা ওদের জুটিয়ে আনছেন, এবারে ভেন্তে গেলে
বুড়ো মাহুষ মারা যাবেন।

কাদখিনী। না, না,—এবারে ঠিক। ফোটো দেখে তারপরে তো আসছে। সময়টাও বড় ভালো। ডুব্-ডুব্ বেলা—কন্সাফলর বেলা বলে। হতক্চিছৎকেও স্থলর দেখায় এই সময়টা। অলাবোর জোগাড় রাখতে হবে বউ। হেরিকেন সাফ-সাফাই করে কেরোসিন পুরতে হবে। সেই কাজগুলো এস সেরে রাথিগে—

ত্ব-জনে ভিতরে বাচ্ছেন—বিভা কিরে এল।

বিভা। গৌরী কোথায় কাকীমা ? দেখতে পেলাম না তো! স্থবালা। গেল কোথায় হতচ্ছাড়ি ? কাদম্বিনী। কোথায় আবার মাবে, বোধ হয় ঘাটে গেছে 1 দেখছি, দাঁড়া।

গামহা ও কাচা-কাগড় হাতে গৌরী প্রবেশ করল।

কাদম্বিনী। ওমা, এই তো। অ বিভা, এইবারে তাড়াতাড়ি সেরে নে। চল বউ—

द्रवाना ७ कान्यिनीत थादान।

গোরী। থিড়কি-পুকুরে গা ধুয়ে এলাম ভাই-

বিভা। সারা বেলা খালি গা-ই ধোয়া হচ্ছে। বলি সাজগোজ হবে কখন ? বর এসে পড়ল এদিকে !

গোরী। বর না হাতী!

বিভা। আদছে—আদছে—উতলা হোদ নে। হাতী নয়, চাঁদের মতো ঝিক্সিকে বর আদছে।

গৌরী। আসছে কড়া মাস্টার একজামিন করতে। আর একজামিন মানেই
ফেল—যা আমার বরাবরকার নিয়ম।

বিতা। বর এবারে নিজে মান্টার হয়ে আসছে। তার মৃত্যু ঘুরিয়ে দিতে হবে না! সাজিয়ে-গুলিয়ে এমন একখানা কাণ্ড করব…এবারে ফুল মার্কদ। চল্—চল্—

গৌরীব হাত ধরল।

পৌরী। না রে বিভা, সেজে-গুজে দাঁড়াতে লজ্জা করে—ঘেন্না করে। সাজগোজ তো কতবার হল, বিনি সাজেই দেখা যাক না।

বিভা। ছঁ, বুঝেছি, বুঝেছি মতলব—

(भोती। कि व्यनि ?

বিভা। নিশি মল্লিক তোর চোপ ধাঁধিয়ে দিয়েছে। অতা বরে মন নেই।
বাগরী। যাঃ—

বিভা। তা দোষ দিই নে। বরের সঙ্গে আধ ডজন ছেলেমেয়ে। তিন তিনটে বউ গেছে—বাক্স ভরতি তিন বউয়ের গয়না। কার না লোভ হয় বল্?

গৌরী। দেখাচ্ছি তোকে! ভদ্রলোকের এত শোকতাপ, বিপদের উপর বিপদ—যখন-তখন হাসাহাসি করবি তাঁকে নিয়ে?

ৰূপট ক্ৰোধে কিল উচিয়ে বিভাকে তাড়া করন।

নিশি। (নেপথ্যে) কর্তামশায় আছেন ?

বিভা। আরে, নাম করতে করতেই—

খমকে দ'ড়ার বিভা ও গৌরী। নিশি মনিক ও নাতকড়ি প্রবেশ করল।

নিশি। এই যে, বিভা এসেছ দেখছি। গৌরীকে নাকি দেখতে আসছে ? বিভা। গ্রা, আসছে।

গৌরী চলে গেল।

নিশি। ভালো ভালো। দে ছেলে আমাদের কুটুম্বের মধ্যে পড়ে। খ্ব আপনার লোক—আমার মাদতুতো ভায়ের পিদতুতো শালা।

বিভা। তা হলে তো খুবই আপনার।

নিশি। চাক্ষ দেখা-সাক্ষাৎ নেই। আজকে দেখাশুনো আলাগ-পরিচয় হবে। তা-কর্তামশাইকে দেখছি নে তো ? বিভা। তিনি নদীর ঘাটে গেছেন পাত্তর আনতে। এখুনি আদবেন।
নিশি। তা হলে একটু বিদি। বিভা, ভূলোর মাকে বল তো, কলকেটা
ধরিয়ে দিয়ে যেতে।
বিভা। আচ্ছা।

ৰিভা চলে গেল।

নিশি। বস হে সাতকড়ি, বস। এই তো টুল রয়েছে, নাও।
সাতকড়ি টুলে বসল, ৰারাশার বসল নিশি।

নিশি। ব্ঝলে সাতকড়ি, ব্যাপার গুরুতর !

শাতকড়ি। কেন বলুন তো?

নিশি। বুড়ো শিবনাথের মাথা খারাপ হয়ে গেছে।

শাতকজি। কি করে ব্ঝলেন ?

নিশি। আরে, মাথা ধারাপ না হলে কখনো কলকাতার পাত্তর খোঁজ করে ? বিয়ে দিতে গিয়ে ফতুর হয়ে যাবে না ?

সাতকড়ি। শুনেছি, কনে পছন্দ হলে পাত্তরপক্ষ দাবি-দাওয়া করবে না।

নিশি। করবে না—করবে না, তবু পাঁচ-সাত হাজার। হেঁ-হেঁ, ওরা হল কলকাতার লোক—টাকার মুঠি ধূলোর মুঠি ওদের কাছে।

শাতকড়ি। তা দেবেন কর্তামশায় যোগাড়যস্তোর করে। কোমরে বল না থাকলে আনছেন কোন্ ভরদায় ?

নিশি। হাঁা, যোগাড় করবে! ভিটেমাটি বেচলেও ওর অর্থেক টাকা হবে না। বুঁড়োর মুরোদ জানি নে? সে গেছে কলকাতার বর আনতে, হুঁঃ!

ভূলোর মা কলকের কুঁ দিতে দিতে এল।

নিশি। এই বে ভূলোর মা, দে, কলকেটা দে। হুঁকোর জল ফেরানো আছে তোরে?

নিশি হ'কো টানছে। ভূলোর মা চলে যাচ্ছিল, নিশি তাকে ভাকল।

নিশি। ই্যা ভূলোর মা, একটা পান দিবি নাকি ?

ভূলোর মা। এখন থাম বাপু। কাজের বাড়ি, আমার অবসর নেই। একটু বসতে হবে।

নিশি । জানিস, যে-পাত্তর আসছে তার সঙ্গে আমার খুব নিকট-সম্পর্ক।

ভূলোর মা। তা হলে দিদিমণির বিয়েটা লাগিয়ে দাও তেনারে ধরে-পেড়ে।

নিশি। ধরাধরির মধ্যে আমি নেই।

ভূলোর মা। তবে আর গা দেখাতে এলে কেন মিছামিছি?

ভূলোর মা'র প্রহান।

নিশি। কেন এসেছি, তার তুই কি ব্ঝবি? কি বল সাতকড়ি?

কড়কড় করে হ'কো টাবছে।

সাতকড়ি। তা তো বটেই ! কর্তাবাবুর সঙ্গে আমাদের কি সম্পর্ক ও তার কি বুঝবে ? কর্তাবাবুর মতো লোক এ তল্লাটে আর নেই ।

নিশি। এমনি তো মাহ্য ভাল, কিন্তু নাতনীর বিয়ের ব্যাপারে মাথাটা একেবারে ঘূলিয়ে গেছে।

সাতকড়ি। নাতনী সেয়ানা হয়েছে, গলায় পাথর হয়ে ঝুলছে, কিছুতে পার করতে পারছে না। এমন অবস্থায় কার মাথা ঠিক থাকে, বল ? অখহা, শ্রামস্থলর করুন, এইবারে যেন পছন্দ হয়।

নিশি। (সক্রোধে) সাতকড়ি!

সাতক্তি চমকে উঠল।

সাতকড়ি। উহু, পছন্দ না হয় যেন। এই তো, মল্লিকদা ?
নিশি। আচ্ছা, হল না হয় পছন্দ। বিয়েখাওয়াও হয়ে গেল। তার পর ?
বলি, তার পরের হুর্গতিটা ভেবে দেখেছ ?

শাতকড়ি। কেন, শহরের পাকা দালানে দিব্যি গিয়ে থাকবে।

নিশি। থেকে দেখেছ কখনো? না আছে বাগান-পুকুর, না আছে ছটে। গাছগাছালি। যেদিকে তাকাও, শুধুই পোড়ামাটি।

শাতকড়ি। বল কি ? কিন্তু শুনেছি, থাকেও তো বহুৎ লোক—

নিশি। থাকবে নাকেন? থাঁচার মধ্যে পাথি থাকে না? রান্তার ছ-ধারে দেদার ইটের থাঁচা।

সাতকড়ি। সর্বনাশ!

নিশি। তা ছাড়া কলকাতার ছেলে, ওদের ধরন-ধারণ আলাদা। পাড়াগাঁয়ের মেয়ে বলে চিরদিন নাক সেঁটকাবে। মেয়ে চোখের জলে ভাসবে। আমাদের গাঁয়েরও অপমান বটে। বলি বীরপুর তল্পাটে কি পাত্তর নেই যে সকলের চোখের ওপর দিয়ে চিলের মতন ছোঁ মেয়ে গাঁয়ের মেয়েটাকে আর এক মৃল্ল্কে নিয়ে তুলবে ?

সাতকড়ি। হাা, তা বটে। কিন্তু তেমন পাত্তর কোথা এ দিকে ?

নিশি। আছে, আছে। চোথ থাকলে বুড়ো দেখতে পেত। গেঁয়ো ঘোগী তিথ পায় না—বুঝলে না ?

মাতক্তি ভাৰছে।

শাতকড়ি। গাঁরে বিয়ে দেবার মতো পাত্তর । তোমরা তো এই ছ্-তিন ঘর কায়েত। তা তোমার ছেলে আছে দত্যি। কিন্তু তার দঙ্গে কি গৌরীকে মানাবে !

নিশি। (চটে গিয়ে) তুমি এক নম্বরের হাঁদারাম সাতকড়ি। বলি, ছেলের সঙ্গে না মানাক, আর কারুর সঙ্গে মানাতে পারে না ?

শাতকড়ি। '(সবিশ্বয়ে) আর কারুর সঙ্গে ? (নিশির দিকে তাকিয়ে মাথা চূলকে বলল) হাা···মানে··তা···অগত্যা···

নিশি গভীরভাবে উঠে গড়াল।

নিশি। সাতকড়ি, আমার হুদের টাকাটা আর আসলের অর্ধেক কালকের মধ্যেই চাই— শাতকড়ি। (ব্যাপারটা ব্ঝে উচ্চকণ্ঠে বলে উঠল) মানাবে, মানাবে—
চমংকার মানাবে মল্লিকলা। আমার মাথায় ব্যাপারটা একেবারে ঢোকে
নি। ওঃ, একেবারে রাজ্যোটক হবে। ফাদ কেলাদ—

[মঞ্ঘুরল]

॥ দ্বিতীয় দৃশ্য ॥

ৰঞ্চ একটু ভাইৰে যুৱল। বে দালাৰের দেৱাল দেখা বাচ্ছিল, সেইটে এবার সামনে। বিভাও গৌরী তক্তাপোলে বলেছে। বিভাগৌরীকে সালাচ্ছে।

বিভা। হাতের নাড়ু চিলে ছোঁ মেরে নিয়ে যায়—থবর শুনেই মল্লিক ছুটতে ছুটতে এসেছে। চিল তাড়াবার ফিকিরে আছে।
গৌরী। বড় ইয়ে হয়েছিদ তুই বিভা। মান্থবের বিপদ নিয়ে ঠাটা!
বিভা। সত্যি, বড়া বিপদ যাচ্ছে মল্লিক-দার। তিন নম্বরের বউটা গলায় দড়ি
দিয়ে মরল—

চেষ্টা-চরিত্র করে বিভা মূখ দলিন করে; তবু হাসি চিকচিক করছে মূখের উপর।

ঠাটা কোথায়, তুঃথই করছি আমি। এমন সাধুসজ্জন লোকেরও এমন তুর্গতি হয়! টানতে টানতে থানায় নিয়ে গেল—বউকে গলা টিপে মেরে তার পরে নাকি আড়ায় ঝুলিয়ে দিয়েছিল। সমস্ত বেলা ধরে ভেউ-ভেউ করে কালা। শেষটা দারোগাকে ধরমবাপ বলে অনেক কটে রেহাই পেল। ডাক্তার বলে বাবাকেও থানায় ডেকেছিল। বাবার কাছে শ্বল্পটা ভনে অবধি—

বিচা আর পারে না, হেসে ল্টোপুটি খেতে লাগল।

পৌরী। মাহ্য যা-ই হোক্, ঐ নিশি মল্লিক ছাড়া আর কার নক্তরে পড়লাম বল্ ? (কণ্ঠ সহসা গভীর হয়ে উঠল) সত্যি রে বিভা, দাহর দশা দেখে আমার কানা পায়। এদেশ-দেশে করে এক এক দল আনেন। তারা মৃথ ঘ্রিয়ে চলে যায়, সঙ্গে সঙ্গে দাহুর আহার-নিদ্রা বন্ধ। আজকের ব্যাপার দেখ্—আদবে সন্ধ্যের কাছাকাছি, দাহু সেই কখন থেকে ঘাটের উপর হোগলাবনের পাশে পা ছড়িয়ে বদে আছেন।

हेशहेश करत इ-रकाहा अब्द शिहात शहा । विष्ठा महत्रह वृत्क हित्न त्नत्र ।

বিভা। বর আদবার দিনে আনন্দ করতে হয় রে। একটানা গাঁয়ে পড়ে থেকে দত্যি কি রকম হয়ে যাচ্ছিদ তুই। দোমবারে কলেজ খুলবে। কাল কলকাতা যাব। চল্ আমার সঙ্গে, এবারে আর ছাড়ছি নে। বাইরে দিন কতক বেড়িয়ে এলে মন ভাল হবে।

গোরী। একটা জিনিস ধার দিতে পারিস বিভা?

বিভা। কি?

গোরী। তোর ঐ গায়ের রঙ।

বিভা। ফের এই সব কথা মুথপুড়ী ? (বিভা গাল টিপে ধরল)

পৌরী। মিছে ভাই ঘষাঘষি করছিদ। ভগবানের দেওয়া পাকা রঙ বড় জার একটু ফ্যাকাশে হবে, তার বেশি কিছু নয়। ভয় করছে বিভা, দত্যি বড়ু ভয় সরপ যদি বদলাবদলি হত রে, ওরা দেখেন্তনে চলে গেলে ভোর রূপ ভোকে ফিরিয়ে দিতাম।

বিভা। (রেগে) তুই হিংস্টে, তুই কানা। এ বাড়ির সব কানা। আম্মনা তো সামনেই রয়েছে, দেখ্না একবার মুখখানা।

গৌরী। সে ভাই তোর চোথে। তুই যদি পুরুষ হতিস—

বিভা। আলবাং। তা হলে নিশ্চয় তোকে বিয়ে করতাম। বিয়ে না করে দকালে সন্ধ্যায় পিঠের ওপর গুমগুম করে কিল—

व्यानदत्र भोत्रीत्क कड़िदत्र धत्रन।

আমি ছাড়া কারো চোথ নেই, বটে রে! আজকে তবে কি হচ্ছে চাঁদ ? কোটো দেখেই তো ছুটে আসছে! পৌরী। তাজ্জব লাগে—ফোটো পাঠাবার পরেও আসছে আমায় দেখতে! কাউকে বলিদ নে বিভা। ক'দিন ধরে বার বার আমি মন্দিরে যাচছি। ঠাকুরকে বলি, কোন রকম মায়া করে ওদের চোথ ধাঁধিয়ে দাও, পছন্দ করে চলে যাক। নইলে মা আর দাহ ঠিক পাগল হয়ে যাবে।

বিভা। আবার চোথে জল ? আমার এতক্ষণের সাজানো তুই নষ্ট করে দিবি। চুপ কর।

শিবনাথ। (নেপথ্যে) কই রে, অ ভূলোর মা, এসে গেছেন এরা। আহ্বন, আহ্বন।

বিভা তাড়াতাড়ি জানলার কাছে এসে উকিন্ কি দের।

বিভা। এদে গেল তারা ? হাঁা, এদেছে। কাপড়টা ছেড়ে আর গৌরী— তাড়াতাড়ি।

পৌরী চলে গেল। ফ্রন্ত স্থরবালা প্রবেশ করলেন।

স্থ্রবালা। এসেছে নাকি রে ? বিভা। হাা, দেখুন না।

স্থাবালা বিভার পালে দ'াডিরে জানলার উকি দিচ্ছেন।

স্থরবালা। হাঁা রে, জামাই কোনটি ওর মধ্যে ? বিভা। ঠিক বুঝতে পারছি না—

निरनाथ धाराम क्यालन।

শিবনাথ। অ বৌমা! এই যে···বিভা, একটু তাড়াতাড়ি কর্। গৌরীকে সান্ধানো হয়ে গেছে ?

বিভা। এই হল। আপনি ততক্ষণ গল্লগুজব করুন গোদাত্। ভূলোর মা নিয়ে যাচ্ছে।

শিবনাথ। আচ্ছা—(প্রস্থানোগ্রত)

বিভা। দাহ, হু-জন তো এসেছে। ওর মধ্যে বর কোন্টি?

শিবনাথ ফিরলেন

. শিবনাথ। বর তো আসে নি।

বিভা। নিশ্চয় এসেছে।

শিবনাথ। নারে, বলছেন ওঁরা—

শিবনাথ। বলিদ কি? কোন্টিরে? ও বিভা, ওর মধ্যে কোন্ জন?

বিভা। ওই যে দিল্কের শার্ট গায়ে চুপচাপ বদে আছে, আমার তো মনে লাগছে এ—

শিবনাথ। কিন্তু ওর নাম যে বলল—প্রশান্তকুমার বোস। আর চটপটে ছেলেটি হল—হল গে নদেরচাদ। নীরদবিহারী কেউ তো নেই ওর ভিতর।

বিভা। তবে আর কি! বেদ-বাক্য বলেছে! দাহ ভাবেন ছনিয়ায় কেউ কথনো মিথ্যে কথা বলে না। আপনি চলে যান দাহ, ভূলোর মাকে দিয়ে এখুনি গৌরীকে পাঠাচ্ছি।

শিবনাথ। আছা।

শিবনাথের প্রস্থান।

॥ তৃতীয় দৃশ্য ॥

মঞ্ ঘুরে আবার উঠান এল।

নীরদ, প্রশাস্ত ও শিবনাধ, নিশি ও সাতকড়ি।

নিশি। নীরদ আসে নি—কী মুশকিল! আমার কুটুম, আমি যে আলাগসালাপ করতে এলাম—

- শিব। (ব্যাকুল ভাবে) আচ্ছা, গোবিন্দ ঘটক যে বলে গেল—দাদাভাই নিজে দেখে পাকাপাকি করবেন, হঠাং কি হয়ে গেল ভাই ?
- নীরদ। বলেন কেন, আজকালকার ছেলের মতো নয় নীরদটা। বিষম লাজুক।
 আমি বলছি, প্রশান্ত বলল—'চল্ ভাই, ভদ্রলোকদের যথন লেখা হয়েছে,
 নিশ্চয় তোর যাওয়া উচিত।' কিছুতে নয়। শেষটা আসছি বলে
 পিঠটান—আর কোন পাতা নেই।

শিব। গোবিন্দও তো এল না।

নিশি। আপনি গোবিন্দ ঘটকের কথা বিশ্বাস করেন কর্তামশাই? এক নম্বরের ধড়িবাজ। খালি পয়সা আদায়ের ফিকিবের ঘোরে।

নীরদ। না না, গোবিন্দর দোষ নেই। নীরদ তাকে সময় দিতে ভুল করেছিল। সে সময়টা টেন নেই। আমরা তাই আগে বেরিয়ে পড়েছি। ...গোবিন্দ পরে আসতে পারে।

শিব। হয়তো বা নীরদ বাবাজীকেও ধরে নিয়ে আসবে।

নীরদ। (হেসে) না, নীরদের পাত্তা সে কোথায় পাবে ?

সাতকড়ি। কিন্তু মুক্ষবি ব্যক্তি কেউ এলেন না কেন? থার কথায় কাজ হবে। দেখে শুনে যিনি মতামত দিতে পারবেন।

নীরদ। মুক্তবি কেউ নেই নীরদের মাথার উপর। সে-ই সব। কারো মতামতের দায়ে ঠেকতে হবে না। ঘাবড়াবেন না, আমি তার অভিন্নস্তদয় বন্ধু—যে রকম বলব, ঠিক সে তাই করবে।

প্রশাস্ত। এই ভাঁটিতে ফিরতে হলে কিন্তু তাড়াতাড়ি করার দরকার।

শিব। হাঁ। ভাই, এথনই মেয়ে নিয়ে আদছে।

শিবনাথ বাডির ভিতর ছুটলেন। তথন নীরদ বলছে:

নীরদ। সাজগোজের দরকার নেই শিবনাথবাব্। আলগা চেহারাটা দেখে আমরা চলে যাই। লেগে যায় তো শুভদৃষ্টিতে এর পর নীরদই ভালো করে দেখবে। কিছু জিজ্ঞাসাবাদ করছি নে, সে রেও্য়াজ উঠে যাচ্ছে ইদানীং—

নিশি। জিজ্ঞাসা করবে কি? আমি তো ভাই অটেল পাত্রী দেখেছি, সেকাল একাল—উভয় কালেরই। সেকালে বিশ বার জিজ্ঞাসা করে তবে শুধু নামটা পাওয়া যেত। এখনকার পাত্রীর সামনে গিয়ে বসতে বুকের মধ্যে ঢেঁকির পাড় পড়ে। কি জানি, উল্টে আমারই না নাম-ঠিকানা চোদ্দ পুরুষের কুলজি চেয়ে বসে! সব মিলিটারি মার্কা—

সাতকড়ি। মা তুর্গারা ফৌত হয়েছেন—সিংহীরাই শাড়ি পরে কেশর ফুলিয়ে কনে হয়ে দাঁড়ায়।

म निष्करे रामन ७४।

নিশি। যাবলেছ।

নীরদ। আপনারও মেয়ে রয়েছে নাকি?

নিশি। হাঁা, আছে। তারা ছোট। গেল শ্রাবণে আমার স্ত্রী গত হয়েছেন, কী মুশকিলে যে পড়েছি, কি আর বলব !

नीतम । दंगा, এই व्याप श्वी त्राल मूनकित्नत कथारे वर्ष !

সাতকড়ি। না না, দাদার আমার তেমন বয়স হয় নি। ভেবে ভেবে শুধু চুকে পাক ধরেছে।

নিশি। বলেছে ঠিকই।

निवनाथ भूनतात्र व्ययम कत्राम ।

भौत्रम। करे, कि रुल?

শিবনাথ। এই যে, এখুনি নিয়ে আসছে।

নীরদ। জোয়ার এদে গেলে ফিরে যেতে পারব না।

শিবনাথ। জোয়ারের দেরি আছে ভাই। এত কট্ট করে এলে, মুখে তো এখনও জলটুকুও দাও নি।

নীরদ। মাপ করবেন শিবনাথবাব্। ওসব আজকে নয়। ফেরবার বড় ভাড়া। এই ভাঁটিভেই যেতে হবে। কি বল প্রশাস্ত ?

প্রশাস্ত। না না, ও সমস্ত আজ কেন? কনে দেখে পছন্দ করে চলে যাই,

তারপরে বিয়ের সময় নাতজামাইকে যত পারেন খাওয়াবেন। **আমরাও** বর্ষাত্রী হয়ে এদে খাব।

নিশি। (হেসে) কিন্তু পছন্দ না হলে? সাতকড়ি। সবারই খাওয়া বাদ গেল।

मकल होतन

নীরদ। পছন্দ হবে না কেন ? গোবিন্দ ঘটক ষে রকম বলল—
নিশি। ওটা একের নম্বরের মিথ্যেবাদী। আমাকে যে কী ঠকান
ঠকিয়েছে !

নীরদ। ফোটো দেখেছি আমরা। ভালোই তো মনে হল।

শিবনাথ। সত্যিই বড় ভালো ভাই। ভারি মিটি মেয়ে। নিজের চেটায় লেখাপড়া শিথেছে। রান্না-বান্না সেলাই-ফোড়াই—কোন কাজে তার জুড়ি নেই। নিজের নাতনী বলে বলছি নে। আমার দিদি যেখানে যাবে, সে সংসার শতেক ধারে উথলে উঠবে।

সাতকড়ি। সে কথা একশ' বার! গৌরী যা মেয়ে, যাকে বলে ফাস কেলান।

নিশি সাভকড়ির দিকে কঠিন দৃষ্টিভে ভাকাল।

নিশি। সাতকড়ি!

সাতকড়ি সামলে নিল। গৌরীকে নিমে ভূলোর মা এল। শিবনাথ। এই যে আমার দিদি। বোস, দিদি বোস।

বেনারসি-পরা স্পক্ষিতা গোরী। শিবনাথ গোরীকে বদাতে গেলেন। নীরদ বারান্দা থেকে নেমে কাছে এসে তীক্ষান্তীতে বেখছে।

নীরদ। উত্ত, বসলে হবে না। দাঁড়াও। ঐ পর্যস্ত হেঁটে যাও দিকি।
গৌরী এগিরে গেল। নীরদ হাঁটু গেড়ে মাটির উপর কুঁকে পড়ে দেখছে।

সাতকড়ি। মাটিতে গন্ধ শুঁকছেন কিসের ?
নীরদ। শুঁকছি না মশায়। ঠাহর করে দেখছি, মেয়ে খড়ম-পেয়ে কি না ?

থড়ম-পেয়ে হলে পায়ের আগা আর গোড়ার দাগ পড়বে, মধ্যিখানে ফাঁকা।

শিবনাথ। (উদ্বিগ্ন কঠে) তা হলে কি দাদা···গৌরী আমাদের—

নীরদ। আজ্ঞে না, খড়ম-পেয়ে নয়। মাঝের দাগও আছে। খড়ম-পেয়ে
মেয়ে অলক্ষ্ণে হয় কিনা! ইয়ে হয়েছে—শিবনাথবার, মাথার চুলটা খুলে
দিন তো। মানে পয়সাকড়ির ব্যাপার নয়, মেয়েটিকে একটু বাজিয়ে দেখে
নেওয়া।

শিবনাথ। ঠাদা চুল-যেমন ঘন, তেমনি লম্বা।

নীরদ। বটেই তো। আপনি কি আর মিছে কথা বলছেন? তবু নিচ্ছের চোথে একটু দেখা। মানে, নীরদবিহারী নিচ্ছে এলে কোন কথা ছিল না। আমাদের গিয়ে সমস্ত বলতে হবে কিনা। এর পরে খুঁত বেরুলে চিরজীবন ধরে সে হুষবে। বুঝছেন না?

नियनाथ को बीह हुन थूल पिलन।

নীরদ। (খোলা চুল দেখে মস্তব্য করছে) তা মন্দ নয়, ভালই।
একগোছা চুল নিয়ে হাতে ববছে। বিভা বেরিরে এল সহসা, নীরদের মুখোমুখি দাঁড়াল।

বিভা। টেনে দেখুন না! পরচুলোও তো হতে পারে।

নীরদ। কনে দেখতে এসেছি, ভাল করে দেখা উচিত বই কি ! এমন কত হচ্ছে আজকাল। ···মেয়েটি কে শিববাবু ?

শিব। বিভা—বিভারাণী। ভূবন ডাক্তারের মেয়ে। কলকাতায় মামার বাড়ি থেকে পড়াশুনো করে। গৌরীর দক্ষে বড় ভাব।

নীরদ। ও, আমাদের কলকাতার মেয়ে, তাই বলুন। তাই এমন ছঙ্কার!
আচ্ছা বিভারাণী, তোমার বন্ধুর ম্থের তুলনায় পায়ের পাতার রঙ যেন
কিছু চাপা। ঝুটো কোনটা বল দিকি—মুখ না পা?

বিভা। পা। সাবান-জলে ধুয়ে দেখুন, খাঁটি রঙ বেরিয়ে পড়বে। আনব সাবান ?

শে--ল---২

- শিব। কি হচ্ছে বিভা? এঁরা হলেন পাত্রপক্ষ, যা বলেন, তার ওপর কথা বলতে নেই।
- নীরদ। যাকগে, যাকগে। আমার হয়ে গেছে। একটা থাতা-টাতা দিন তো শিববাব্। এক ফর্দ কাগজ হলেও হবে। আচ্ছা, আমার কাছেই আছে। তোমার নামটা লেথ। আগে বাংলাতেই লেথ, অক্ষরের ছাদটা দেখে নিই।

शोती कांगत्क नाम निथन।

না, মন্দ নয়। দেখ হে প্রশান্ত, কেমন ?

প্রশান্ত। চমৎকার! মুক্তো সাজিয়ে গেছেন যেন।

- নীরদ। (হেসে উঠল) বুঝলেন শিববাবু, প্রশাস্তর একটু কবিতার ধাত আছে। বাড়িয়ে না বললে ওর স্থধ হয় না। তবে হাঁা, নিন্দের নয় বাংলা লেখাটা। আছা, আমার নাম হল নদেরটাদ দত্ত চৌধুরি—ঠিক-মতো বানান করে লেখ দিকি ইংরেজিতে।
- বিভা। ঢের হয়েছে। আর লিখতে পারবে না। কত হেনস্তা করবেন বেচারিকে?

भोडीत हां धरत होनन : निवनाथ दी-दें। करत हें हेरलन ।

निव। कि कतिम अद भागनी पिपि? विस्तत भाजी रय।

বিভা। পাত্রী হলেও মাহুষ দাত্।

- নীরদ। ধাকগে, ধাকগে, লিখতে হবে না। মুখে বানান হোক। আমার নাম ··· আচ্ছা, পুরোপুরি কাজ নেই, শুধু উপাধিটা—দত্ত চৌধুরি—দ—ত্ত চৌ—ধু—রি।
- বিভা। আমি করছি। ডি-ও-এন-কে-ই-ওয়াই। হাা—ডনকি, গর্দভ, উজ্বুক, উল্লুক···
- শিব। কি করছিদ বিভা? যা, চলে যা তুই। তোরা বড়লোক, সমস্ত মানায় তোদের। আমরা নিঃস্থ নিঃসহায়—কত কটে বাড়িতে এঁদের

পায়ের ধুলো পড়েছে। চলে যা তুই এথান থেকে। তোর বাপকে বলে দেব।

বিভা। তাই যাচ্ছি। এত লাঞ্ছনা চোখের উপর দেখা যায় না।

বিভা গেট দিরে বেরিরে গেল। সকলে তক। শিবনাধ হতভত হরে দ'াভিবে। নীরদ। আমার হয়ে গেছে। গৌরীও চলে যেতে পারে।

গৌরী ভূলোর মার সঙ্গে ধীর-পারে ভিতরে গেল।

আমায় ক্ষমা করবেন শিববাব। মিথ্যাচার করেছি। মানে, ছদ্মনামের আড়াল না হলে মেয়ে দেখতে একটু লজ্জা-লজ্জা করে। চিঠি ষা লেখা হয়েছিল, তাই। পাত্র এদেছে।

শিব। বিভা তবে ঠিকই ধরেছিল !

নিশি। কোনটি পাত্র ?

শিব। (প্রশান্তকে দেখিয়ে) ঐ যে। সে কি আর বলে দিতে হয়, ভার দেখেই ওরা ধরে ফেলেছে।

নীরদ। আজে না, এই অধম—

শিব। তোমার নাম বললে তো নদেরচাদ—

নীরদ। একটু হেরফের করে নিতে হবে। চাঁদ বলেন, তারা বলেন, খাদ কলকাতারই। নদের মাটি কোন পুরুষে মাড়াই নি। নাম হল নীরদবিহারী সরকার।

নিশি। তুমি—তুমি নীরদবিহারী—আমার পিস্তৃতো ভাইয়ের সাক্ষাৎ
মাসত্ত্তো শালা! সম্পর্কে দাদা হলাম তবে। ওঃ, এতক্ষণ বলতে হয় ?
নীরদ। একটা কথা শিবনাথবার। মেয়ে তো দেখলাম—

শিব। তুমি রাগ করেছ বোধ হয় দাদাভাই। কিন্তু আমরা তো কিছু
করি নি। ও বড়লোকের আহুরে মেয়ে, শহরে থাকে, পাড়াগাঁয়ের গতিক
কিছু জানে না। তাই দেখলে তো, তাড়িয়েও দিলাম। গৌরীকে
আমি আবার নিয়ে আসছি, যত রকমে যতক্ষণ খুশি তুমি পরীক্ষা কর।

নীরদ। পরীক্ষার দরকার নৈই। পাত্রী পছন্দ হয়ে গেছে। শিব। পছন্দ হয়েছে? চিরজীবী হও, ঠাকুর শ্রামস্থলর দর্বস্থী করুন তোমাদের। ওরে, উলুদে তোরা, শাঁথ বাজা—

শিবনাথ উল্লাসে টেচাতে টেচাতে ভিতর দিকে বাচ্ছেন।

নীরদ। ব্যস্ত হবেন না, শুহুন-শুহুন-

শিবনাথ ফিরলেন।

নীরদ। পছন্দ হয়েছে ঐ শহরে মেয়ে বিভারাণী—

नकरन छन्।

প্রশাস্ত। তুমি বলছ কি নীরদ? এত গালাগালি খেলে-

- নীরদ। গালি দিয়ে বিহ্যুতের মতন ঝিলিক দিয়ে চলে গেল, দেখলে না? বিয়ে যদি করতে হয়, ঐ মেয়েকেই—
- নিশি। (ঘাড় নেড়ে সমর্থন করল) তোমার চোথ আছে ভায়া। মেয়ে খুব চৌকস। হাঁা হাা, থাসা পছন্দ। তা ছাড়া, ঐ এক মেয়ে ভুবন ডাক্টারের। তুমি না চাইলেও দেবে-থোবে বিস্তর।
- শিব। (আর্তনাদ করে উঠলেন) ভূবন ডাক্তারের মেয়ে—ওর পাত্রের অভাব কি? আমার ওই বাপ-মরা নাতনীর দিকে চাও দাদাভাই। ও বড় ছঃথী। তুমি দয়া না করলে—

राज धरानन, राज हाज़ित्र निल नीत्रम ।

- নীরদ। দয়ার কথা উঠছে কিসে শিবনাথবাবৃ ? বিয়েথাওয়ার, ব্যাপার, চিরজীবনের সম্পর্ক। কনে ঠিক মতন দেখে না নিতে পারলে জীবনভোর পস্তাতে হবে আমায়।
- শিব। কি আর বলব ভাই! শ্রামস্থলর ভাল করুন তোমার। আমি বুড়ো মাস্থ, চোথে অন্ধকার দেখছি। কী যে করব, ঠিক করে বুঁ পারছিনে।

নিশি। আহা, উতলা হচ্ছেন কেন কর্তামশায় ? নাতনী আপনার কি
পড়ে থাকবে ? বিধাতা পুরুষ মেয়ে স্প্টে করেন, মেয়ের বর তার আগেভাগে স্প্টি করে রাথেন। ঠিক জায়গায় ঘা দিতে পারছেন না, তাই
সম্বন্ধ লাগে না। যার বর তার কনে ঠিক হয়ে আছে। বিভাও ডো
আপনার নাতনীর মতো—তার বিয়েতেও আপনার আনন্দ। তা হলে
যাওয়া যাক একবার ডাক্তারবাব্র ওথানে। এই য়ে, ডাক্তারবাব্ এনে
পড়েছেন দেখছি—

ভূবৰ ডাক্তার এলেন।

ভূবন। এক টাইফয়েড-কেদে আটকা পড়েছিলাম, আসতে দেরি হয়ে গেল।
নিশি। ডাক্তারবাব্, খুব জোর থবর। আপনার মেয়ের বিয়ে ঠিক হয়ে
গেছে।

ভূবন। সে কি?

নিশি। খ্যা। আপনার মেয়েকে পছন্দ করেছে এরা।

ভূবন। আমার মেয়েকে? কিন্তু আমি তো এঁদের ডাকি নি। এঁরা কি করে পছন্দ করলেন?

নিশি। ঐ তো, একেই বলে বিধির নির্বন্ধ। আপনার মেয়েটিও কেমন! রূপে লক্ষ্মী, গুণে সরস্বতী, কেন পছন্দ করবে না? (নীরদকে ইঙ্গিড) ইনিই ডাক্তারবাবু—

नीवन नमयाव कवन।

শিব। (কাঁদ-কাঁদ ভাবে) ও ভ্বন, তোমার মেয়ের জন্ম কত সম্বন্ধ এদে পড়বে, এঁদের বল একটু—

ভূবন। হাঁ। হাঁ।, বলব বইকি, একশ-বার বলব। বিভার বিয়ের পাত্তর এলো কি করে কিছু তো ব্ঝতে পারছি না—

নীরদ। এ বাড়িতে এই অবস্থায় কথাবার্তা হবে না। চলুন আপনার বাড়ি। নিশি। তাই তাই। চলুন ডাক্তারবার্। বিয়ের কথাবার্তা সেখানে— ভূবন। তা বেশ, তাই চলুন। কিন্তু বিয়ে সম্পর্কে আমি তো কিছুই ভাবিনি।

নিশি। ভেবে না থাকেন তো ভাব্ন। আমার পিসত্তো ভাইয়ের মাসত্তো শালা। উপষাচক হয়ে আপনার মেয়ে চাচ্ছে। নিজের কর্তা নিজেই। মাথার উপর কেউ নেই। এ কোহিমুর হেলায় হারাবেন না ডাজারবাব্। চলুন, বাড়ি চলুন।

ভূবন। হাঁা, হাঁা সে তো বটেই। মানে আমার তো সব গোলমাল লেগে বাছে।

নিশি। গোলমাল কিছু নয়—চলুন, যেতে যেতে গুনবেন। সাতকড়ি—

রোলমাল। হতভন্ন ভূবন ডাজার একবার এদিকে একবার ওদিকে বান। নিশি তাঁকে এক রকব ঠেলে নিরে চলল। সকলে ফটক পার হরে অদৃগু হল। শিবনাথ মাধার হাত দিয়ে ৰসে পড়লেন। ৰাজভাবে কাদধিনা ও স্বৰালা প্রবেশ করলেন।

कानिश्नी। कि इन वावा?

শিবনাথ। সর্বনাশ হয়ে গেল। বিভাকে দেখতে পেয়ে, ওরা তাকেই পছন্দ করে বসল।

कां विनी। था, तन कि ? विভात मत्न पर परे हिन ?

স্থরবালা। বিভার দোষ দিচ্ছ কেন ঠাকুরঝি? সব দোষ আমার পোড়া অদৃষ্টের। তা না হলে সব হারিয়ে আজ এমন দশা হবে কেন?

हत्क अक्न पितन।

শিবনাথ। তোমাদের কারো দোষ নয় মা, কারো দোষ নয়। জন্মজনাস্করে অনেক পাপ করেছিলাম, ঠাকুর তার শান্তি দিচ্ছেন।

[নেপথ্যে গোবিন্দ ঘটক—কর্তাবাব্!]

কাদখিনী। গোবিন্দ আসছে---

ৰোটা থাতা হাতে, ছাতা ৰগলে গোৰিন্দ প্ৰবেশ করল। গোৰিন্দকে দেখে স্থাৰালা ও কাদখিৰী চলে গোলেৰ।

গোবিন্দ। কর্তাবাবু, ওঁরা আসেন নি বুঝি ?

শিবনাথ। এসেছিলেন।

গোবিন্দ। ইাা, আমিও নীরদবাবুর বাড়ি গিয়ে তাই শুনে এলাম। ওঁরা রওনা হয়েছেন। আমাকে বলে দিয়েছিলেন, তুমি বেলা আটটায় এসো। আমি ঠিক তাই গেছি। গিয়ে গুনলাম, ভোর পাঁচটার টেনে ওঁরা বেরিয়ে পড়েছেন। কলকাতার ছেলেদের কাণ্ডই আলাদা। তা তাঁরা এরই মধ্যে চলে গেলেন কোথায়? আপনি এ ভাবে বসে আছেন কেন কর্তামশাই? মেয়ে পছন্দ হয় নি?

শিবনাথ। না। পাত্র ভুবনের মেয়ে বিভাকে পছন্দ করেছে।

গোবিন্দ। এই মরেছে রে! বিভাকে দেখল কোথায় ?

শিবনাথ। আমার বাড়িতেই দেখে গেছে।

গোবিন্দ। কি সর্বনাশ। মেয়ে দেখতে এল আপনার, আর আপনি বিভাকে দেখিয়ে দিলেন ?

শিবনাথ। আমি কেন দেখাব গোবিন্দ, ঘটনাচক্রে দেখা হয়ে গেল।

গোবিন্দ। কি অন্তায় বলুন তো? বিভা দেখা দিলে কেন? দেখছিস, ত্বছর ধরে মেয়েটার বিয়ে দিতে আমর। গলদ্ঘর্ম হয়ে ষাচ্ছি—আর তুই ধেই-ধেই করে তার সামনে বেরিয়ে পড়লি?

শিবনাথ। সে বেচারিরও দোষ নেই। আমার ভাগ্যের দোষ গোবিন।

গোবিন্দ। ,কলকাতার ছেলের কাণ্ডই আলাদা। এরা দেখবে একজনকে, বিয়ে করবে আর একজনকে, প্রেম করবে আর একজনের সঙ্গে। জালাতন ৷ তা তারা গেল কোথায় ?

শিবনাথ। কি জানি, নিশির সঙ্গে ভূবনের বাড়ি গেল বোধ হয়।

গোবিন্দ। অ, নিশি মল্লিকও জুটেছে তা হলে? বুঝেছি, আমার কমিশন ফাঁকি দেবার মতলব। আচ্ছা, আমিও গোবিন্দ ঘটক, দিল্লি থেকে কলকাতা পর্যন্ত লোকের বিয়ে দিয়ে বেড়াই। আমায় কলা দেখাবি ? দাঁড়ান, আমি ঘুরে আসছি ভূবন ডাক্তারের বাড়ি থেকে। আপনি কিচ্ছু ভাববেন না কর্তাবাব্। একটা পাত্তর খনেছে তো বয়েই গেল, আমার এই খাতায় এখনও বারো শ' পাত্তরের নাম-ঠিকানা লেখা রয়েছে। জাল ছিঁড়ে আর কটা পালাবে ? এই বছরের মধ্যে একটা না একটাকে ধরে আপনার নাতনীকে গছাবই—তবে আমার নাম গোবিন্দ ঘটক।

শিবনাথ হতাশভাবে দাওরার বসে রইলেন। গোবিশ্ব চলে গেল।
[মঞ্ঘুবল]

॥ চতুর্থ দৃশ্য ॥

কোঁপা-জন্মলের ভিতর দিরে আমের স্থাড়িপথ। ভূবন ডাক্তার, নিশি মন্নিক, নারদ ও প্রশাস্ত চলেছে। প্রশাস্ত সকলের পিছে, কিছু চিস্তাহিত।

নিশি। ডাক্তারবাবু, অদৃষ্ট বটে আপনার মেয়ের। দেখে তাজ্জব হয়ে গেছি।
বুড়ো শিবনাথ কোমরে চাদর বেঁধে হিল্লি-দিল্লি করে পাত্তর পায়
না—আর আপনার মেয়ের বেলা, আমার ভায়ার মতন পাত্তর ঢ়ঁ
মেরে এদে পড়ে। হাতের লক্ষ্মী পায়ে ঠেলবেন না।

ভূবন। তা তো বটেই। পায়ে ঠেলি কেমন করে? কিন্তু আমার যে সব গোলমাল হয়ে যাচ্ছে।

নিশি। চলুন ডাক্তারবাব্। পথে গাড়িয়ে এসব হয় না—আপনার বৈঠকখানায় বদে ধীরেস্থস্থে আলোচনা করা যাক। ত চলুন। এ ভাটায় তোমাদের যাওয়া হল না ভায়া। কথাবার্তা একেবারে পাকাপাকি করে যাওয়াই ভাল। কি বলেন ডাক্তারবাব্?

ভূবন। হাা, তা…পাকাপাকি করতে হলে—

জঙ্গলের দিক থেকে বিভা সহসা আত্মপ্রকাশ করল।

বিভা। বাবা, আমাদের বাড়ি নিয়ে যাচ্ছ এঁদের ?

ভূবন। না না, আমি নেব কেন? এঁরা যে যেতে চাচ্ছেন।

নিশি। ইঁয় বিভা, কপাল বলে একে। এত বকাঝকা করলে, তা সত্তেও নীরদ-ভায়ার তোমার উপরেই বোঁক পড়েছে।

হাসতে লাগল।

বিভা। আপনি থামূন। বাবা, লেখাপড়া শিথিয়ে তুমি কি আমায় আঁন্ডাকুড়ে ছুঁড়ে দিতে চাও ?

ভূবন। আমি কি করলাম রে? আমি কিছু জানি নে, কিছু বলি নি।

নীরদ। (বিভার দিকে চেয়ে কঠোর কঠে) আঁন্ডাকুড় বলতে চাও তুমি কাকে?

বিভা। অনাত্মীয় মেয়েকে 'আপনি' বলতে হয়, এটুকুও ভদ্রতার জ্ঞান নেই ?

নীরদ। কিন্তু আত্মীয়তা যথন হতে যাচ্ছে—

ভূবন। তাতো বটেই। আত্মীয় হলে আর দোষ হয় না।

বিভা। চলে এস বাবা। এক কশাইকে বাড়ি ডেকে নিয়ে ঘর-উঠান নোংরা করতে দেব না আমি।

ভূবন। কক্ষণোনা। কশাইয়ের ঘরে আমি মেয়ে দেব না।

নিশি। সম্বাস্ত বংশের ছেলে, অবস্থাপন্ন, আমার পরমাত্মীয়। কলকাতায় ত্ব-পাতা ইংরেজি পড়ে একেবারে যা-তা বলে যাচ্ছ—কশাই।

বিভা। হাাঁ, কশাই। গৌরীকে দেখছিল, ছুরি বদাবার আগে কশাইরা ঠিক যেমনটা করে। সে ঠাণ্ডা মেয়ে, অপমান তার গায়ে বেঁধে না। আমি হলে একটি চড় কমিয়ে দিতাম।

ভূবন। দিলি নে কেন ? ই্যা, অপমান করবে আর সয়ে ষেতে হবে ?

বিভা। চলে এস বাবা, এদের কাছে থাকলে আরও অকথা-কুকথা বেরিয়ে
পড়বে। নিজের কাছে ছোট হয়ে যাব। সর্বনেশে লোক এরা—

ভূবন। গোড়া থেকেই বুঝেছি, সাংঘাতিক লোক—সর্বনেশে লোক—

विका क्रवनक । नाम हाल लाग ।

নিশি। কী রণচণ্ডী মেয়ে, বাপ রে বাপ! তেমনি বাপটাও। টাকার দেমাক, বৃথলে ভায়া ধরাকে সরা জ্ঞান করে। তুমি মৃথ গোমড়া করছ কেন? ডেপো মেয়ে, ফাজিল মেয়ে! আর বাপটাও তেমনি বদ্ধ পাগল। পাগলের গুটি। ওদের তুটো চড়া কথায় গা-হাত-পা ক্ষমে গেল নাকি? আমি তোমার পাত্রী দেখে দেব।

কাঁথে বৈঠা মাঝি এল।

মাঝি। খুঁচ্ছে খুঁচ্ছে আলাম বাবু—এখুনি বেরিয়ে পড়তি হয়। আর দেরি করলি তামাম রাত্তির বামনঘাটায় পড়ে থাকতি হবেনে কিন্তুক।

भीतम। ना ना, रमति किरमत। हल रह প्रभास्त।

নিশি। সে কি কথা? আত্মীয় মাহুয—নতুন পরিচয় হল, আমার বাড়ি যাবে না? বাড়িই বা কোথায় ভায়া—শ্মশান—শ্মশান! ঘরের ঘরণী যেখানে নেই, সে হল শ্মশানঘাটা। তবু যদি একবার—

নীরদ। না দাদা, এবারটা থাক। গায়ে জ্বলবিছুটি মারছে, এ গাঁয়ে তিলার্ধ আর নয়। আপনি বরঞ্চ আহ্বন একবার আমাদের কলকাতায়। তুমি এগোও মাঝি, আমরা বাচ্ছি। চল হে প্রশাস্ত। ভাবছ কি অমন করে ?

भाषि हत्न भान।

প্রশাস্ত। শিববাবুর বাড়ি যেতে হবে আমায়—

নিশি। কেন? কোন কিছু ফেলে এসেছ নাকি ভায়া?

নীরদ। দেখানে আবার কেন?

প্রশাস্ত। দরকার আছে। যে ভাবে ওঁকে আমরা অপমান করে চলে এলাম, আমার খুব থারাপ লাগছে।

নীরদ। তার জন্মে মাপ চাইতে যাচ্ছ ? আর বাড়ির উপরে পেয়ে ডাব্তারের মেয়েটাকে দিয়ে আমাদের যে অপমান করালেন ?

প্রশাস্ত। ওঁর তাতে দোষ ছিল না। সকলের সামনে মেয়েটাকে তাড়িয়েও
দিলেন।

নিশি। ছিল হে ছিল। এসব যোগসাজ্বসের ব্যাপার। সাতকড়ি। না-না, কর্তবাবু কিন্তু সে রকম— নিশি। (ধমক দিয়ে) সাতকড়ি!

সাতকড়ি কাঁচুমাচু হরে

শাতকড়ি। হাঁা, কর্তাবাব্ই তো—
প্রশাস্ত। চললাম ভাই দেখানে—
নীরদ। কেন ? ওর নাতনীর জন্ম সম্বন্ধ জুটিয়ে আনবে নাকি ?
প্রশাস্ত। সম্বন্ধ আর কোখেকে জোটাব ?
নীরদ ? তা হলে ?
প্রশাস্ত। বিয়ে করব আমি গৌরীকে।
নিশি। আঁয়া—
সাতকড়ি। (সানন্দে) ফাস কেলাস!

নিশি ভার দিকে তাকাতেই চুপ।

প্রশাস্ত। অবস্থি নাতনীকে যদি দয়া করে তাঁরা দেন আমার হাতে।
নীরদ। বল কি ? ছোট মাসীর মেয়ের দক্ষে কথা চলছে, আমার উপর ভার .
দিয়ে মাসীমা নিশ্চিস্ত। আর—
প্রশাস্ত। এঁরা রাজি হলে সে বিয়ে হবে না।
নীরদ। ঠাগু মাথায় ভেবে-চিস্তে বলছ, গুই মেয়েটাকে বিয়ে করবে ?

প্রশান্ত। হাা, এঁরা যদি রাজি হন।

নিশি। কি দেখে ভূলেছ জিজ্ঞাসা করি ? ওই তো চেহারা, তা ছাড়া আমরা গাঁয়ের লোক, আর নীরদ ভায়ার বন্ধু হলে তুমি,—তোমার কাছে ঢাকাঢাকি কি, মেয়ের আরও বিস্তর খুঁত আছে। শোন—

প্রশাস্ত। কোন-কিছু শুনব না, মন স্থির করে ফেলেছি।

নীরদ। (জলে উঠে) কিন্তু তোমার বাবা···তার মত লাগবে তো? আমার কর্তা আমি, তোমার তো তা নয়। বলি, রাজমোহন বোদ বে গাঁটি হয়ে

বসে আছেন, ছ-হাজারের এক আগলা কমে ছেলের মাথায় টোপর চড়াবেন না। সেটার কি হবে ১

নিশি। এদের হল অগতক্ষ্য ধহুগুণ। ছ-হাজার—কি বলছ, ছ-কুড়ি বের করতেই প্রাণাস্ত।

প্রশাস্ত। তা হোক।

নীরদ। আর তোমার মা-জননী? এই বউ তিনি ঘরে নেবেন? আমার মাসতৃতো বোন মেমের মতো ফরসা, তবু তার খুঁতথুতানি রয়েছে · · · এ সমস্ত ভেবে দেখেছ?

প্রশাস্ত। পরে ভাবব ভাই। এখন মাথায় কিছু আসছে না। চললাম।

প্ৰশান্ত চলে ৰাচ্ছে।

নীরদ। এখনই নৌকো ছেড়ে দেবে। আর দেরি করা যাবে না কিন্তু। প্রশাস্ত। (ফিরে) দেরি করো না তা হলে।

নিশি। ডেকে-ডুকে ফিরিয়ে আন। ছ-জনে একসঙ্গে এসেছ, এ কি কথা।
নীরদ। ফিরবে না, ও বিষম একগুঁয়ে। মহান্তভবতা। ব্ঝতে পারলে না,
আমার মুথে জুতো মেরে গেল। এক ক্লাসে পড়তাম, তথনও ঠিক এই
রকম। আনাই ভুল হয়েছে। আচ্ছা, জানি তো ওর বাপকে, দেখি এ
বিয়ে কেমন করে হয় ?

নিশি। দেখতেই হবে ভায়া। তুমি এক দিকে দেখ, আমি অন্ত দিকে। এ তোমাকে অপমান। কিছুতেই সহু করব না। উটকো মামুষ, বন্ধূ হয়ে এসে ভোমার অপছন্দের মেয়েটাকে টপ করে বিয়ে করে নিয়ে যাবে! জীবন থাকতে তা হতে দিচ্ছিনা। আমিও খাব কলকাতায়, শীগগিরই যাব। ভার পর দেখব, কত ধানে কত চাল!

(भाविन एउ अर्वन कड़न।

গোবিন্দ। এই যে, নীরদবাবু এখানে! ব্যাপারটা কি দাঁড়াল, স্বল্ন দিকি ? নীরদ। সে সব পরে শুনো। এখন বলবার সময় নেই। নিশি। আমি তোমায় বলব গোবিন্দ। এখন চল, ভায়াকে নৌকোয় তুলে দিয়ে আদি।

नवारे अक्टम्ह।

গোবিন্দ। শুনলুম, ডাক্তারবাব্র মেয়েকে নাকি— নীরদ। না, দেখানে হবে না।

গোবিন্দ। তাই তো! তা হলে যেখানে হবে, সেই ঠিকানাটা দিয়ে দিন, চলে যাই। আমরা ঘটক, ব্রুছেন, লাথ কথা নইলে বিয়ে হয় না, তা কি আর জানি না?

[मक घ्राइ]

॥ পঞ্চম দৃশ্য॥

শিবনাথের বাহির বাড়ি। বকুলতলায় শিবনাথ বসে পড়েছেন, পারের কাছে বসে মদন গান গাইছে।

আমি কেমনে ধরিব হিয়া ?

আমার বঁধুয়া আন-বাড়ি যায়—আমার আঙিনা দিয়া।

সেই গুণনিধি মোহনমূরতি এমনি নিঠুর হয়।

পরের পরাণ হরণ করিলে কাহার পরাণে সয় ?

সে শ্রাম কানিয়া না চাহে ফিরিয়া এমনি করিল কে ?

আমার অন্তর যেমন করিছে তেমন হউক সে॥

মদন। কর্তাবাবু, এখন তবে যাচ্ছি। কেমন?

শিবনাথ মাথা নাড়লেন। মদন চলে গেল। গৌরী দীপ হাতে এসে তুলসীতলার আলো দিল। ভারপর শিবনাথের কাছে এসে চোথ মোছাছে।

গৌরী। কাঁদছ তুমি দাত্? ছি-ছি-ছি, পুরুষমান্থবের চোখে জল পড়ে, এমন তো দেখি নি। লোকে কি বলবে? निव। वननाम निवि तन वन्छि, थवतनात ! त्काथां काता ?

পৌরী। দাছ, নাকাল তো আমাকেই হতে হল। হাটের থদ্দেরের মতন এসে দেখে-শুনে বিচার-বিবেচনা করে শেষটা ঘাড় নেড়ে চলে গেল। আমার তো কই কাল্লা আসে না, হাসি পায়। দেখ না, কত হাসছি, দেখ।

(হরবালা এলেন)

স্থরবালা। তুই মাহ্য্য নোস। বেহায়া, বেলাজ, গায়ে গণ্ডারের চামড়া, তাই হাসতে পারিস দাঁত বার করে।

পৌরী। হাদি আমার রোগ মা, না হেদে থাকতে পারি না। ঠাকুর ভামস্থন্দরকে বলি—ও তুমি যতই কর, আমায় কাঁদাতে পারবে না। আমি কাঁদব না। আচ্ছা, রূপ নেই, আমি তার করব কি মা? যে বিধাতা-পুরুষ রূপ দেন, তাঁর সঙ্গে বোঝগে।

হ্রবালা। হয় তুই মর্, নয় আমি মরি। আর আমার সহু হয় না।

গৌরী। কি দরকার মরামরির ? আমি মরে গেলে তথন যে গালাগালি দেবার মাহ্যব পাবে না মা। আর তুমি মরলে, গালমন্দের পর আমায় কোলের কাছে বদিয়ে এক খোরা ছ্ধ-আমদত্ব থাওয়াবে কে ?

बाहरवष्टेरन ऋत्रवानारक खिएड धत्रन ।

কান্ধ নেই, বেশ তো আছি। একদল এল, হৈ-চৈ হল তাদের নিয়ে, অপছন্দ করে চলে গেল। আমি হাসলাম, দাত্ন কাদল, তুমি ঝগড়া করলে। কিছুদিন চুপচাপ। আবার দাত্ব বিশ্বজ্ঞাণ্ড খুঁজতে বেরুল—বর চাই গো, বর—বর—

কটকে প্ৰশান্তকে দেখা গেল।

প্রশান্ত। দেখুন— শিব। কে? প্রশান্ত। আমি—আমি প্রশান্ত। শিব। ও, প্রশান্ত ! এস। চুকিয়ে-বুকিয়ে দিয়ে চলে গেলে, আবার কি ? প্রশান্ত। ফিরে এলাম। একটা প্রার্থনা। আমায় ক্ষমা করবেন। আমি অযোগ্য, তবু যদি আপনার নাতনীকে আমার হাতে দেন—

শিব। (পাগলের মতো) আমার নাতনীকে মানে আমার গৌরী-দিদিকে নেবে তুমি ? জনমত্থিনী ঠাঁই পাবে তোমার পায়ে ?

প্রশান্ত। তাই বলতে এসেছি, কলকাতায় গিয়ে বাবার সঙ্গে যদি একবার দেখা করেন। আমার বাবার নাম রাজমোহন বোস। দর্জিপাড়ায় মিত্তির-বাড়ি বললে সকলে দেখিয়ে দেবে।

শিব। জানি সে বাড়ি। ছই সিংহের মূর্তি দরজার ত্ব-পাশে। কতবার তোমাদের বাড়ির সামনে দিয়ে আনাগোনা করেছি দাদা। ঐ বাড়ির একটা থবরও দিয়েছিল একজনে। কিন্তু বামন হয়ে চাঁদ ধরতে যাব কোন্ সাহসে? ছেলেটা নাকি ইঞ্জিনিয়ারিং-এ ফার্ট হয়েছে, বিলেত যাবে—

প্রশান্ত। আজে, আমিই এবারে ইঞ্জিনিয়ারিং পাদ করলাম।

শিব। তুমি—তুমিই সেই? আকাশের চাঁদ পায়ে হেঁটে আমার উঠানে। বউমা বউমা, শিগগির এস। দেখ, কে এসেছে!

স্ববালার ক্রত প্রবেশ।

দেখ বউমা, শ্রামস্থলরের লীলা দেখ। আকাশ থেকে সোনার চাঁদ হাত বাড়িয়ে আমাদের গৌরীকে নিতে এসেছে। আর ভাবনা নেই—আর কোন ভাবনা নেই। শাঁথ বাজাও, শাঁথ বাজাও।

স্থাবালা। (সবিশায়ে) কি বলছেন বাবা ?

শিবনাথ। বলছি এই যে গৌরীর বর, তোমার জামাই প্রশাস্ত। কাছ গেল কোথায়? পাড়ার মেয়েছেলেরা এদেছিল, সবাই চলে গেল নাকি? ডেকে আন, ডেকে আন। শ্রামহন্দর ডাক শুনেছেন, দয়াল ঠাকুর মৃর্ভি ধরে নিজে চলে এদেছেন।

শোরীর হাসি-যাখা ঠোঁট ছুটো হঠাৎ থরধর করে কাপস। ত্র-চোথ দিরে জলের ধারা। শিবনাথ কাছে টেনে এনে অনুচ্চস্বরে বনলেন।

শিব। কি দিদি, কাদবি নি যে মোটে ? গৌরী। যাও দাত্, মিথ্যে বদনাম দিও না, কথন কাঁদলাম ?

[গোরী ভিতরে গেল]

শিব। দাদা-ভাই, দিদির আমার বড় লজ্জা। কেমন করে টুচলে গেল, দেখলে না?

প্রশান্ত। আমি আদি তা হলে।

শিব। এখনই চলে যাবে ভাই?

প্রশাস্ত। হাা, ভাটা হয়ে গেছে। নৌকো ছেড়ে দেবে—

निमि महिक थार्यम कड़न।

নিশি। নৌকোতো ছেড়ে দিয়েছে।
শিব। তবে আর রাত্তিরবেলা কোথায় যাবে দাদা ?

ख्रवालात भूनः अवन ।

হ্বর। ঘুরঘুটি অন্ধকারে যেতে দেব না তোমায় বাবা।

শিব। যে অট্টালিকায় থাক তোমরা! তা আর কি হবে—গরিবের বাড়ি একটা রাত কষ্টেস্টে কাটিয়ে যাও দাদা-ভাই।

প্রশাস্ত। অমন যদি বলেন, যত অন্ধকার আর যেমন কট হোক এক্ষ্ণি বেরিয়ে পড়ব।

শিব। আচ্ছা আচ্ছা, ঘাট মানছি—আর বলব না। দাদাকে নিয়ে যাও বউমা। ক্লান্ত হয়েছে, হাত-মৃথ ধুয়ে ক্ল-কুড়ো কিছু মুথে দিক। স্থারবালা। এল বাবা।

প্রণান্তকে নিরে স্থরবালা ভিতর দিকে চলে গেলেন।

- নিশি। খুব তো ফুর্তি কর্তামশাই, বলি রাজমোহন বোদের থাঁই ষেটাতে পারবেন ? করকরে নগদ তকা ছ-হাজার, উপযুক্ত গয়না বরশ্ব্যা—
- শিব। দেব, সমস্ত দেব। আনন্দের মধ্যে ভয় দেখিও না নিশি। আমার বিশ বিঘে ধান্জমি, ঘর-বাড়ি বাগবাগিচা বিক্রি করে বন্ধক দিয়ে দায় মেটাব। গৌরীর বিয়ের পরে কি দরকার আমার ঠাট-ঠমকে ?
- নিশি। আর ছেলের মা চান ডানা-কাটা পরী। নীরদের কাছে সমস্ত শুনলাম। সেটার কি হবে ?

শিব। তা --- প্রশাস্ত কি আর না ব্রেস্থরে---

নিশি। ছঁ ছঁ, সে বড় শক্ত ঠাই। ষা শুনলাম, রাজমোহন বোসই নাকানি-চোবানি থেয়ে মরেন—

বিভা কথন এসেছে, নিশি দেখতে পার নি। বিভা সামনে এল।

বিভা। মল্লিক-দা, এখনও ফেউ লেগে আছেন ? ঘরদোর নেই আপনার ? নিশি। ওঃ, বিভা! কর্তামশাই দ্ব-দ্ব করে তাড়ালেন—আবার তুমি এই বাড়িতে এসেছ ?

বিভা। সেজগু আপনার মাথাব্যথা কেন বলুন তো? যান যান, নিজের চরকায় তেল দিনগে। বাড়িতে বাচ্চাগুলো ট্যা-ভ্যা করছে, তাদের সামাল দিনগে যান—

নিশি। ওরে বাবা!

ভাডাভাডি নিশি চলে গেল।

- শিব। বিভাঁ? আয় দিদি, রাগ করিদ নে বুড়োমাছুষের ওপর। জালা-যন্ত্রণায় মাথার ঠিক থাকে না।
- বিভা। রাগের আচ্ছা করে শোধ দিয়ে এসেছি দাত্। রাগ গিয়ে এখন লক্ষা লাগছে।
- শিব। যাকগে, ওদব কথা ছেড়ে দে।…গুনেছিদ দক্ষের দেই ছেলেটি— শে—ল—•

তুই যাকে বর বর্লে ঠাউরেছিলি গো—সত্যি সত্যি সে-ই বর হয়ে দাঁড়াল।
নিজে এসে বিয়ের কথা বলল।

বিভা। সত্যি?

- শিব। কলকাতার মস্ত বড়লোক রাজমোহন বোদের ছেলে। ইঞ্জিনিয়ারিং-এ ফার্ট হয়েছে। আমি যে সম্বন্ধ এনেছিলাম, তার শতেক গুণ ভাল ছেলে।
- বিভা। বটে! কারো নাকি পছন্দ হয় না? দেখে আদি, এবারে কি বলে গৌরী—

বিভা চলে গেল। শিবনাখও বাচ্ছিলেন, এমন সময় কাদখিনী এল।

শিব। কোথায় ছিনি ওরে কাদি? বাড়ি বয়ে এনেছে গৌরীর বর—রাজে এখানেই থাকবে। কত বড় বিদান, কত বড় ঘর, কত এখর্য—

গৌরীকে দেখা গেল, অলক্যে দে কথা ওনছে।

- কাদ। ঘরবাড়ি ধানজমি বাগণাগিচা সমস্ত বিক্রি করে দিয়ে তুমি নাকি পণের টাকা জোগাচ্ছ বাবা ?
- শিব। কে বলল ? নিশির সঙ্গে দেখা হল ব্ঝি ? সর্বনেশে মান্ত্রি—স্পষ্টি— সংসার পলকের মধ্যে বিষিয়ে দেয়।
- কাদ। মনে মনে তোমার ওই মতলব। নাতনীকে রাজার ঘরে তুলে দিয়ে আমাদের পথে বদাবে। তুমিও বৃড়ো বয়দে ছয়োরে ছয়োরে ভিক্ষেকরে বেড়াবে।
- শিবনাথ। আ:, ঝগড়াঝাঁটি করিদ নে কাদি। ছেলেটা রয়েছে—

[নেপথ্যে গোবিন্দ—কর্তামশাই!] কাদ্যিনা চলে গেল। গোবিন্দ অবেশ করল।

গোবিন্দ। কর্তামশাই, শুনলাম আপনি জামাই পেয়ে গেছেন ! পুব ভাল।
ছয়ে:ছ, খুব ভাল হয়েছে।

শিবনাথ। তুমি কার কাছে ভনলে?

গোবিন্দ। সাতকজি হালদারের কাছ থেকে। সব শুনেছি। দেখুন গোবিন্দের হাত্যশ আছে কি না! 'এক রাজা গেল, অন্ত রাজা এল। আমার ঘটক-বিদেয় মারে কে?

শিবনাথ। ঘটক-বিদেয় নিশ্চয় দেব। সত্যিই তো, তুমি যদি ওই সম্বন্ধটি না আনতে, তা হলে প্রশাস্তকে আমি পেতাম কেমন করে ?

গোবিন্দ। ওই তো আমার কায়দা! একটা সম্বন্ধ আনব, চারটে লেগে যাবে। এইমাত্তর তাই তো ডাক্তারবাবৃকে বলছিলাম যে, আপনি ঘদি চান, আমি বিভা-দিদির জন্মে ঝাকায় করে এক ডজন বর এনে দেব। যাকে খুশি বেছে নেবেন। তা উনি বললেন, এখন থাক। • • ঘাই হোক, এখন আপনার যখন ভাগ্যে লেগে গেছে, তখন তো ত্-হাত এক করাতেই হবে। তা হলে আপনি আমায় ওঁর ঠিকানাটা দিন। আমি গিয়ে ঘরটা বেঁধে ফেলি। না হলে, বাগড়া দেবার লোকের অভাব তো নেই!

শিবনাথ। আহা, প্রশাস্ত যে রকম ছেলে—

গোবিন্দ। ুসে রকম দেখা যায় না। তা আমি মানি। নিজে যখন বলেছে তখন বিশ্নের সন্তাবনা পনেরো আনা তিন পয়দা। কিন্তু তবু ঐ এক পয়দার ধোঁকা থাকে কেন বলুন? আমি গিয়ে পয়দাটাকে একেবারে বাজে তুলে আদি।

শিবনাথ। কিন্তু প্রশাস্ত কথাটা যতক্ষণ না পাড়ছে বাড়িতে—

গোবিল। ততক্ষণ আমি বোবা। কথাটা পেড়েছে কি আমার মৃথ থেকে খই
ফুটবে। দে ভাববেন না—আমি গোবিল ঘটক, কলকাতা থেকে দিল্লি
পর্যন্ত লোকের বিয়ে দিয়ে বেড়াই—আমি ঘোৎ বৃঝি নে? আপনি
ঠিকানটা দিন।

সোৰিশ থাতা পুলল।

বিবনাথ। पर्किপাড়া, রাজমোহন বহুর বাড়ি।

গোৰিন্দ থাতা বন্ধ করল।

গোবিন্দ। আরে, এ তো আমাদের পুরনো ঘর। রাজমোহন বোদ? দজিপাড়া? হাা, বোধ হয় আমি তাঁরও বিয়ে দিয়েছি।

শিবনাথ। না, না। তুমি কি করে তাঁর বিয়ে দেবে ? তাঁর বয়েদ হয়েছে।
গোবিন্দ। তা হলে আমার বাবা দিয়ে গেছেন। আমরা তিন পুরুষ ঘটকালি
করছি কর্তামশাই। আমাদের বাদ দিয়ে কলকাতার কোন বনেদি ঘরে
বিয়ে হয় নি। যদি হয়ে থাকে জানবেন, দে বিয়ে রেজেয়ীর বিয়ে, হিন্দু
বিয়ে নয়। আমি চলি।

यर्छ पृष्ण ॥

শিবনাধের বাড়ির কামরা। কেরালের খারে আলমারি। তক্তাশোশের উপর বিছালা। টেবিকে
ভারিকেন আলা। শিবনাথ প্রশাস্ত প্রবেশ করলেন।

শিবনাথ। রাত হয়েছে, এবার শুয়ে পড়।

প্রশাস্ত। আচ্চা।

শিবনাথ। তুমি দকালে যাচ্ছ? আমরা বিকেলে যাব কলকাতায়। বিভার মামার বাড়িতে গিয়ে উঠব আমরা। দেখানেই ভাল, কোন হালামা নেই। এব মধ্যে ত্রয়োদশী পড়ে যাবে—সর্বসিদ্ধি ত্রয়োদশী। পরশুদিন কলকাতায় দেখাদাকাৎ হবে।

প্রশান্ত। যে আজে--

শিবনাথ। তারপর থবরাথবর করার জল্মে গোবিন্দ ঘটক রইল। লোকটা আমাদের জল্মে খুব করে। ··· কেমন ?

প্রশান্ত। যে আজে--

निवनाथ। ७८प्र १५ माना, क्रांख श्राह, व्यावात्र नकान नकान छेईट इरव।

প্রশান্ত। আজে-

শিবনাথ চলে গেলেন, প্রশাস্ত উঠে দরজার থিল দিতে গেল। থিল ভাঙা। দরজা ভেরিছে ফারিকেনের আলো কমিরে গুয়ে পড়ল। ক্ষণপরে পা টিপে টিপে গৌরী এনে প্রবেশ করল।

(गोती। पूम्लन?

প্রশান্ত। (ধড়মড় করে উঠে) কে ?

গৌরী। আমি। শব্দ করবেন না, চুপি চুপি একটা কথা বলতে এদেছি
আপনাকে। আপনি অবাক হয়ে গেছেন, হবারই কথা, কিছু উপায়
নেই যে আপনাকে না বলে।

প্রশান্ত হারিকেনের জালো বাড়িয়ে দিল।

প্রশাস্ত। বস্থন।

(भीडी वमन मा।

গৌরী। याবার সময় আপনি বলে যাবেন, এ বিয়ে হবে না।

প্রশান্ত। হবে না কেন?

গৌরী। তাই বলবেন আপনি। আপনার অনেক দয়া—এই দয়াটা চাই আপনার কাছে।

প্রশান্ত। এই বলবার জন্ম এসেছেন ?

গৌরী। হাঁা, অনেক ভেবেছি। শেষে আর পেরে উঠলাম না, লজ্জা-সংকাচ বিদর্জন দিয়ে চলে এসেছি।

প্রশাস্ত। তাই বটে ! দেখুন, আমার বড্ড দোষ, ঝোঁকের মাথায় এক-একটা কাজ করে বিদি। এটা ভেবে দেখিনি, আমার ইচ্ছাটাই সব নয়—ইচ্ছাঅনিচ্ছা অন্ত পক্ষেরও আছে। আমার প্রস্তাবে আপনার যদি অসম্মান
হয়ে থাকে, ক্ষমা করবেন।

গৌরী। ছি: ছি:, এই ব্ঝলেন? আকাশের চাঁদ আপনি, দাত্ বলছিলেন —
দয়াল খ্যাম স্থলর মৃতি ধরে এনেছেন। আমাদের যে কিছুই নেই। দাত্
গরীব, আমারও না আছে রূপ, না আছে গুণ।

- প্রশান্ত। (হেদে) যাক, রক্ষে পেলাম। আর কিছু নয় তো?
- গৌরী। আপনি কানে নিলেন না আমার কথা।
- প্রশাস্ত। নিয়েছি বই কি! আমি আকাশের চাঁদ—আপনার রূপ নেই, গুণ নেই —বলুন এই কিনা ?
- গৌরী। আপনার কথাটাই ঘুরিয়ে বলছি আমি। শুধু আপনার ইচ্ছেটাই সব নয়। আপনার মা চান রূপ, আর আপনার বাবা । বিয়ের কনে বোবা হয়ে থাকে, কিন্তু কী অবস্থায় পড়ে যে এসেছি!
- প্রশান্ত। আমার মা-বাবার সঙ্গে আমার বোঝাপড়া, সে ভাবনা আপনাদের
 নয়। দেখুন, ইহকাল-পরকালের সকল ভার যদি দিতে পারেন, এগুলোও
 আমার উপর ছেড়ে দিয়ে নিশ্চিস্ত হন না। শুধু শ্রীমতী গৌরী দেবী
 প্রশন্ন থাকলেই হল, আর কোন কিছুতে আটকাবে না।
- গৌরী। কিন্তু কথা যখন উঠেছে, দাত্ কিছুতে শুনবেন না। বাড়ি ঘরদোর ধানজমি বিক্রি করে টাকার যোগাড় করবেন। সে হবে না, কিছুতে আমি হতে দেব না।
- প্রশাস্ত। হবে না, হতে আমরা দেব না। গৌরী দেবী হাসতে হাসতে আসবেন আমার জীবনে,—তার মুখ ভার হবে, এ কখনও হতে পারে ?

নৌরী ভান্তিত বিশ্বরে প্রশান্তের মূখের দিকে তাকার—চোথে জল ভরে আদে।

- পৌরী। আপনি কি বলছেন? কী চোথে দেখেছেন! আপনার পাশে
 দাঁড়াবার যোগ্যতা আমার যে নেই। কালো কুল্কিং এক গোঁয়ো মেয়ে—
- প্রশাস্ত। (কুত্রিম ক্রোধে) দেখুন, অষথা নিলেমন্দ আমি সইতে পারিনে, রাগ হয়ে যায়।
- গৌরী। (সভয়ে) কিন্তু আমি তো নিজের সম্বন্ধেই বলছি।
- প্রশাস্ত। দাহুর মত পেয়েছি, মায়েরও। তারপরে কক্ষণো আপনি আর আপনার থাকলেন না। আপনার আপত্তি থাককে অবস্ত আলাদা কথা।

গৌরী। আছে, নিশ্চয় আপত্তি আছে।

প্রশান্ত। আা?

গোরী। আমায় 'তুমি' বলবেন-

প্রশান্ত। আমাকেও।

গোরী। বড়কে বলতে নেই।

হঠাৎ ৰাইব্ৰে শিবনাথের কণ্ঠখর।

নেপথ্য। দাদাভাই, জেগে আছ দেখছি। আলো জলছে।

গৌরী। সর্বনাশ, দাত আসছেন। না আসেন তেমনি কিছু বলে দিন।

প্রশাস্ত। আমি ঘুম্চ্ছি দাহ, মানে ঘুমে চোথ ভেঙে আসছে।

শিবনাধ বারাণ্ডার উঠছেন, গৌরী ভাড়াতাড়ি হারিকেনের আলো কমিরে আলমারির পালে লুকাল।

শিব। আমার ঘুম হচ্ছে না দাহভাই।

ৰলতে বলতে প্ৰবেশ করলেন।

তুমিও যথন ঘুমোও নি, বাকি কথাগুলো হয়ে যাক।

ভক্তপোশের প্রান্তে ৰদলেন।

প্রশাস্ত। কলকাতায় হবে দাহ। আমি গিয়ে আগে বাবা-মার সঙ্গে কথা বলি। ভোরে উঠতে হবে, বড় ঘুম পাচ্ছে।

শিব। আমার পাচ্ছে না। তোমার খণ্ডর—আমার একমাত্র ছেলে গোপাল মারা গেল, দেই থেকে হাদিনি আমি দাদা। আজকে এমন ফুর্তি, পাগল হয়ে যেন নাচতে ইচ্ছে করছে।…আঁ্যা, থদথদ করে কি—কুকুর-টুকুর চুকল নাকি?

প্রশান্ত। না না---

শিব। এক নেড়ি কুকুর আছে দাদা, বড় গা-গড়ানে। ঘুমুচ্ছ, শেব-রাতে দেখবে, তোমার ঠিক পাণটিতে কুগুলী পাকিয়ে কেঁউ-কেঁউ করছে।

প্রশাস্ত। আজ্ঞে না। শোবার আগে দেখেছি ভাল করে। ও আমি নড়েছিলাম একটু। তথা বলি দাছ, পণ বাব্দ দিকি-পয়দা দিতে পারবেন না। পণ দিতে গিয়েছেন কি আমি এমন ডুব মারব, ত্রিভুবনের মধ্যে আর পাত্তা পাবেন না।

শিব। কিন্তু তোমার বাবার সম্বন্ধে যে শুনলাম । ত্, নির্ঘাত কুকুর—

হারিকেন বাড়িরে ভক্তাপোণের নিচে উকি দিলেন।

না, নেই।

আলমারির পাণে নজর পড়তেই

ও কে ? আরে, মাহুষ — চোর ঢুকে আছে, চোর—চোর—চোর— গোরী ভাড়াভাড়ি বেরিয়ে এল।

গৌরী। দাহ, আমি— শিব। তুই ? গৌরীদিদি?

কাদখিনী প্রবেশ করলেন।

কাদখিনী। কোথায় চোর বাবা ? শিব। না রে, ঠাটা করছিলাম নাতজামাইকে। কাদখিনী। গৌরী কেন এখানে ?

শিব। টেনেটুনে নিয়ে এলাম দিদিকে। যুগল-মিলন দেখব, সবুর সইছে না।
পৌরী, গরবিণী দিদি, প্রণাম কর আমার দেবতা দাহভাইকে।

श्रवाना व्यवन कन्नलन।

স্থ্রবালা। চোর কোথায় বাবা ?

শিব। এই যে। চোরচ্ড়ামণি আমার গরবিণী দিদির মন-প্রাণ চ্রি করে নিয়েছে।

কাল। বিয়ে হওয়ার আগে পুরুষের সামনে কনে নিয়ে এলে, ও কেমন হল বাবা ?

- কাদ। (কঠিন কঠে) বাবা, বাড়াবাড়ি হচ্ছে। শুভকর্ম হয়ে যাক আগে— ছাদনাতলায় গিয়েও কত বিয়ে বাতিল হয়ে যায়—
- শিব। (তাড়া দিয়ে উঠলেন) থাম কাদি। কী সব অলকুণে কথা!
- পৌরী প্রশাস্তর দিকে বাবার ভান করে হঠাৎ শিবনাধের পারের গোড়ায় চিপ করে প্রণাম করল।
 শিবনাধের অক্ষকার মুখ সঙ্গে হাসিতে ভরে গেল।
- শিব। আঁ্যা, আমাকে ? ও দাদাভাই, বর বদল করে ফেলেছে। গৌরীর তবে আমাকেই পছন্দ—
- প্রশাস্ত। ত্রিভ্বনে আপনার মতন আর কে আছে দাছ। পছন আমারও, আমি প্রণাম করি—

ধ্যশাস্ত প্রধাম করতে বার। শিবনাথ তাকে বুকে জড়িয়ে ধরতেন। পর্মা

দিতীয় অঙ্ক

॥ প্রথম দৃশ্য ॥

बाक्रपाइत्वत वाहरतत पत । व्यभाख आश्वन मान वाम वाम भान कताह ।

ভোমরা গুপ্তরে, ভোমরা গুপ্তরে,
গুন-গুন-গুন গুনগুনিয়ে ভোমরা গুপ্তরে।
মুখের 'পরে চোখের 'পরে
লাল অধরের মধুর তরে—
ভোমরা গুপ্তরে ॥
গ্রামল বরণ লাজুক মেয়ে
গাঁয়ের পথে ছিল চেয়ে,
এক নিমেষে মিষ্টি হেসে ঠাঁই নিল অন্তরে ॥
অবাক বাতাস থমকে থাকে—
ফুলপরীরা ঝাঁকে ঝাঁকে,
রামধন্থ-রঙ পাখা মেলে ফুলের বুকে লুটে পড়ে ॥
আকাশ-ভরা আকাশকুস্থম—
নয়নে আজ নাই রে ঘুম—
আদর করে সন্ধ্যাতারা ভালবেসে ভাকছে খরে ॥

शाःनद्र (भरत महकात वनमानी धारवन कद्रन ।

বনমালী। ছোটবাবুর যে খুব ফুর্ভি দেখছি! প্রশাস্ত। সরকার মশাই যে! আহ্মন আহ্মন। অনেক দরকারি কথা আছে আপনার সঙ্গে। বনমালী। আমার দক্ষে দরকারি কথা – আপনার?

প্রশাস্ত। ই্যা। গোটা কলকাতা শহর চুঁড়ে আপনার মতন বৃদ্ধিমান বিচক্ষণ মাহুষ একটি মেলে না সরকার মণায়।

वनभानी। (इं-(इं, खक्त हेट्ह--

প্রশাস্ত। বাবা তো বিশেষ থাতির করেন আপনাকে। আপনার কথায় ওঠেন বদেন।

वनभानी। ७८र्ठन वरमन! ८एँ-८एँ, की रव वर्लन! भवरे अकृत है एक-

প্রশাস্ত। দেখুন, বাবাকে একটা কথা বলতে হবে।

বনমালী। একটা কেন, দশটা কথা বলব।

প্রশাস্ত। আমি বললে তো গালাগালি দিয়ে উঠবেন। মা বললে ঝগড়া।
আপনি বেশ কায়দ। করে বলুন দিকি কথাটা। আপনি ছাড়া কাউকে
দিয়ে হবে না। লাগিয়ে দিতে পারলে ফ্যান্সি ছাতা।

বনমালা। ফ্যান্সি ছাতা—বাং, বাং। কাঠের বাঁটের কিন্ত। বেতের বাঁট হলে হবে না।···বেশ, বলুন কি কথা ?

প্রশাস্ত। বলবেন, বয়স হয়েছে ছোটবাব্র। বিয়ে দিতে আর দেরি করা ঠিক নয়। শিগগিরই—

বনমানী। সে আর বলতে হবে না। সম্বন্ধ আসছে ভাল ভাল। গিল্লিমা সকাল-সন্ধ্যে মেয়ে দেখে বেড়াচ্ছেন। এদিকে কর্তামশায় দর নিচ্ছেন। দর উঠছেও দিনকে দিন। বিলেতটা ঘুরে এলে এখন যা হচ্ছে, তার ঘুনো উঠে যাবে। প্রশাস্ত। আর তারপরে চাকরি হলে তখন তিনগুণ?

বনমালী। নিশ্চয়, নিশ্চয়।

প্রশাস্ত। প্রোমোশন পেয়ে পেয়ে অফিসের মাথা যথন হব?

বনমালী। চারগুণ।

প্রশাস্ত। আর চুল পেকে দাঁত পড়ে ষথন চোথ বুঁজব, তথন ?

বনমালী। ছ'গুণ।···ছি, ছি। কী অলুক্ষণে কথা বলেন। অত দিন লাগবে না, তার আগেই হয়ে যাবে। প্রশাস্ত। হওয়ার তো গতিক দেখিনে সরকার মশায়। মায়ে বাবায় গওগোল। মা চান কাঁচা-সোনার মেয়ে, বাবা চান করকরে রূপোর টাকা। কিন্তু কাঁচা-সোনা আর অচেল রূপো একসঙ্গে কোথায় মিলবে বলুন ?

বনমালী। বটেই তো, হুটো কেমন করে হয় ?

- প্রশাস্ত। ভেবে-চিন্তে আমি এক মতলব ঠাউরেছি। শামলা মেয়ে একেবারে শৃত্ত হাতে আদবে। বাবার কথা থাকবে না, মায়ের কথাও নয়। কারো তথন আর রেষারেষির কিছু রইল না।
- বনমালী। উঃ, কী মাথা আপনার ছোটবাবু! আচ্ছা বৃদ্ধি বের করেছেন। কিন্তু অমন সম্বন্ধ মিলবে তো? যে, কর্তা গিন্নি ত্-জনেই একসঙ্গে পালা দিয়ে কপাল চাপড়াবেন?
- শ্রশাস্ত। মিলবে মানে ? ঠিকঠাক করে এদে তবেই তো আপনাকে ধরেছি। তবে সেটা হল গোড়ায় গোড়ায়। বউ হলে তারপরে তো ফেলে দিতে পারবেন না ?

বনমালী। ঠিক - যথার্থ কথাই বলেছেন।

- প্রশাস্ত। আপনি এখন ঠিকমতো পাড়তে পারলে হয়। যদি পারেন ফ্যান্সি ছাতা।
- বনমালী। হাা, হাা, ঠিক আছে। আপনি নিশ্চিম্ভ থাকুন। তাকমান্দিক কথা বলে কি রকমে কাজ হাদিল করি, দেখবেন।
- প্রশান্ত। আচ্ছা, আমি চলি তা হলে। লাইব্রেরি-ঘরে আছি। বাবা বাড়ি কিরলে আমিও ঠিক এদে পড়ব।

বনমালী। আজ্ঞে-

প্রশাস্ত ভিতর দিকে গেল। বনমাসী থাতা খুলে লিখতে লাগল।

গোবিন। নমন্ধার। কর্তামশাই আছেন?

বনমালী ভার আপাদমন্তক দেশছে।

বনমালী। (গম্ভীর ভাবে) কি দরকার?

গোবিন। আমি তাঁর সঙ্গে বিয়ের—

বনমালী। বিয়ে কর্তামশাইর দক্ষে? বেরোও, বেরোও এখান খেকে।

গোবিনা। আপনি থামকা চটছেন। আমায় তো কথাটা শেষ করতেই দিলেন না। কর্তামশাই কেন—তাঁর একটি যুগ্যি ছেলে রয়েছে, তাঁর বিয়ে-থাওয়া তো দিতে হবে! হবে কিনা বলুন ?

বনমালী। তাই বল! ভা ছেলের বিষে দেবার তুমি কে হে বাপু? বাপ রয়েছে, মা রয়েছে, আমরা রয়েছি—আমরা বিষে দিতে পারি না?

গোবিন্দ। আরে, আমি যে ঘটক—ঘটক না হলে বিয়ে হয় ?

বনমালী। আলবৎ হয়।

গোবিন্দ। আপনি মিধ্যে তর্ক করছেন। দৃত ছাড়া বেমন যুদ্ধ হয় না, তেমনি ঘটক ছাড়া বিয়ে হয় না।

বনমালী। ও:, ভারি বললে! কত হচ্ছে দেখগে যাও।

গোবিন্দ। হবে না কেন? আজকাল হঠাৎ-পয়সাওয়ালা লোকেদের সব হচ্ছে। কিন্তু বনেদি ঘরে হয় না।

বনমালী। দজিপাড়ার রাজমোহন বোদেরা বনেদি নয়, তুমি বলতে চাও?

গোবিন্দ। বনেদি বলেই তো আমরা কনে খুঁজে এনে দি। নইলে বাজে জায়গায় আসব কেন বলুন ? মশাই, আমি গোবিন্দ ঘটক, কলকাতা থেকে দিল্লি পর্যস্ত লোকের বিয়ে দিয়ে বেড়াই। এই ছেলের বিয়ে দিয়ে তবে আমি এখান থেকে নডব।

বনমালী। বিয়ে তোমায় আর দিতে হবে না। হঁহঁ, সে গুড়ে বালি। ছেলে নিজেই সব ঠিকঠাক করে ফেলেছে।

গোবিন্দ। জানি। তিনি যেখানে কনে ঠিক করেছেন সেখান থেকেই তো জামি ঠিকানা নিয়ে এগেছি।

ৰনমালী। বল কি? আমরা জানিনে কোথায় বিয়ে হবে, তুমি সেথান থেকে এরই মধ্যে ঠিকানা নিয়ে এলে? গোবিন্দ। তবে আর কিদের ঘটকালি করি? বলি, সে মেয়ে তো পছন্দ হয়েছে আমারই দৌলতে।

বনমালী। গোপনে গোপনে এই সব কাজ ভোমার ?

গোবিন্দ। হা: হা: হা:, আমার কিছু নয় সরকার মশাই। সবই সেই ওপরওয়ালার কেরামতি, ব্রুছেন না ? হোঁ: হোঁ:—

বনমালী। উ:, এই ঘটক বেটাই আমায় ফাঁদালে। ছাতাটা গেল।

গোবिन । कि विড়विড় कत्रष्ट्न? विश्वान श्रष्ट ना वृक्षि ष्यामात्र कथा?

বনমালী। না, বিখাদ হবে না কেন? তুমি আমার পাওনাগণ্ডা মারলে হে বাপু!

গোবিন্দ। পাগল হয়েছেন? যা কিছু পাব, তার দশ আনা আমার ছ-আনা আপনার। আপনি একবার দাদাবাবুর সঙ্গে আমার দেখাটা করিয়ে দিন। বনমালা। তা দেখা করিয়ে দিছি, কিন্তু শেষ অবধি আমায় যদি বাপু ফাঁকি দাও?

গোবিন্দ। আপনি ছাদনাতলা থেকে বর তুলে নিয়ে আসবেন।

বনমালী। সে কোন কাজের কথা ?···যাকগে, ঐ কথা রইল—দশ আনা আর ছ-আনা।

গোবিন্দ। হাঁ, দশ আনা আমার ছ-আনা আপনার।

বনমালী। তাই, তাই। কিন্তু এই চুনের ঘরে বদে দিব্যি দিচ্ছি, কাউকে কিছু বলবে না—আমার ভাগ চুপি চুপি আমার হাতে দেবে।

গোবিন্দ। এ আর বলছেন কেন? টাকা তো আদবে আপনার হাত দিয়ে। তথন নিজেরটা চেপে রেথে আমারটা দিয়ে দেবেন।

বনমালী। বেশ, তাহলে তুমি ছোটবাবুর কাছে যাও। এই ঘর থেকে বেরিয়ে সোজা গিয়ে লাইবেরি-ঘর—দেখানে ছোটবাবু সাছেন।

शाविस्तत्र धात्रान ।

নাঃ, ফাঁকি দেবে না বলেই মনে হচ্ছে। তবু ৰাবুর কাছে কথাটা আনায় আগেই পাড়তে হবে। ভাগ যদি না দেয়—

গদার প্রবেশ।

ছোটবাবু বে ছাডাটা দেবে, ঐ দিয়ে পেটাতে পেটাতে বেটাকে বাড়ির বার করে দেব।

গদা। (ক্ষুক ভাবে) শুধু শুধু পেটালেই হল? কেন দোষঘাট কি হল আমার?

ৰনমালী চশমার উপর দিয়ে তাকাল।

- বনমালী। ও, তুই ? তা দোষঘাট তোমার হবে কেন ? সব দোষ আমার ! সকাল থেকে তো তোমার টিকি দেখতে পাওয়া যাবে না। আমার ঘরে ঢুকে জল তুলে কুজোটা ভর্তি করে রাখবে, তারও হুঁশ থাকে না ?
- গদা। আচ্ছা সরকার মশাই, আমি কোন্ দিক করি, কও তো ? তোমার ঘরের কাজ করব। বাড়িতে এত লোক আসছে—তাদের চা দেব, পান দেব, সরবং দেব। আবার সকাল-সন্ধ্যে পাঁচ বাড়ি মায়ের সঙ্গে সন্ধে মেয়ে দেখতে হাজরে দেব। একটা মাহুষ তো বটে আমি ?
- वनमानी। এখন মেয়ে দেখা বন্ধ করে সদরে খিল লাগিয়ে বসে থাক।
- গদা। তুমি বলছ কি ? দাদাবাবুর জন্মে কত সব সম্বন্ধ আসতিছে, আর আমি গিলিমার সঙ্গে বেরুব না ? তিনি একা যাবেন ?
- বনমালী। ছ-বছর ধরে তো মেয়ে দেখে বেড়াচ্ছ, গিন্নিমার একটা মেয়েও তো নজরে লাগল না !
- গদা। কি জানি বাবৃ! মা কেবল দেখেই যাচ্ছেন—পছন্দ-অপছন্দ নিয়ে কোনদিন তো রা কাড়েন না!
- বনমালী। এ তো ভারি মন্ধা! দেখেই যাচ্ছেন, সকাল-সন্ধ্যে বাড়ি বাড়ি ঘুরে শুধু দেখেই যাচ্ছেন—
- গদা। কালা-ধলা কত রকমের কত মেয়ে দেখছেন, তাদের কত লাচ-গান-অ্যাকটো —
- বনমালী। তাই নাকি?

গদা। তা সরকার মশাই, সত্যি কথা বলব ? ত্-একজন লাচে ভাল, গানও দিব্যি গায়। বাইস্কোপে যেমন হয় না ? তেমনি।

বনমালী। মরেছে! এ বেটাকেও বাইস্কোপে ধরেছে। কলির আর শেষ হতে বাকি কড ?

[নেপথ্যে প্রশান্ত—গদা !]

गना। चांख्य, वांरे---

थानाञ्च ७ शावित्मत्र थावन ।

প্রশাস্ত। গদা, লাইত্রেরি-ঘরের দরজাটা বন্ধ করে দিয়ে আয়। গদা। আজে।

नवात्र धात्रान ।

গোবিনা। তাহলে ছোটবাবু, ঐ কথাই রইল।

প্রশাস্ত। ইাা, ঐ কথা।

গোবিন্দ। গাড়ি-ভাড়া বাবদ যদি কিছু···মানে, এখানে দেখানে ঘোরাঘুরি করতে হয় কিনা—

थानाख इटो है। का शाविन्तरक किन, शाविन्त हरन शान ।

প্রশাস্ত। সরকার মশাই, বাবাকে যা বলতে বলেছি, সব মনে আছে ?

বনমালী। আজে, সব মনে আছে।

প্রশাস্ত। কি বলুন তো?

বনমালী। খুব তাড়াভাড়ি ছোটবাব্র বিয়ে দিয়ে দিন, নইলে ছোটবাব্র আর সবুর সইছে না।

প্রশাস্ত। আপনিই মজাবেন ! · · · বরঞ্চ একেবারে সোজাস্থজি · বলবেন বে, ছোটবাবু মেয়ে পছন্দ করে কথাবার্তা বলে এসেছেন।

বনমালী। নিশ্চয় বলব। তবে কি জানেন, আপনার বাবা বা রাগী, আর পয়সাটা যা চেনেন, তাঁকে ভোলানো—

প্রশাস্ত। কিচ্ছু শক্ত নয়। বজ্র আঁটুনি ফদকা গেরো। বাইরেই বাবার ঐ রকম, হিদাবপত্র তিনি মোটেই বোঝেন না। বনমালী। আজে, সেটা জানি কিছু কিছু। আর জানি বলেই তো টকে আছি। নইলে একটা বেলাও পোষাত না। আছা, স্থার এলেই আমি কথা পাড়ব।

প্রশাস্ত। দেখুন, আপনি যদি না পারেন তো গোবিন্দ ঘটককে দিয়েই তবে— বনমালী। (রেগে) গোবিন্দ কি করবে? তার তো ঐ দশ-আনা আর ছ-আনা—

প্রশান্ত। দশ-আনা, ছ-আনা মানে ?

বনমালী। (সামলে নিয়ে) ঐ মানে, আপনার ইয়ে···লোকে দশ-আনা ছ-আনা চুল ছাটে না ? গোবিন্দ সেই হিসেব করে বর বাছে।···যাকগে, যাকগে, কথা আমি ঠিক পাড়ব। মোদা ছাতাটা আমার নগদ নগদ চাই ছোটবাবু।

[নেপথ্যে রাজমোহন-গদা!]

প্রশান্ত। ঐ বাবা আসছেন। নিন তবে, আমার সামনেই—

সাহেবী পোণাকে রাজমোহন ঘরে চুকলেন। ছাট-স্টাণ্ডে টুপি রাখলেন। প্রশাস্ত এক পালে বনে ইতিমধ্যে খবরের কাগজ পড়তে শুক্ত করেছে।

বনমালী। একটা কথা স্থার-

রামমোহন। (মুখ না ফিরিয়ে) বলে যাও।

বনমালী। (ঢোক গিলে) আজে, কথাটা হল—(চাপা গলায় প্রশাস্তর প্রতি) শুধু ছাতায় হবে না, মোজা-জুতো—

প্রশান্ত। (মৃত্র স্বরে) বেশ, তাই।

রাজমোহন। হাতে কাজ করছি, কান খোলাই আছে। কি বলতে চাও, বল। বনমালী। আজে, কথাটা হল ছোটবাবুর—

রাজমোহন। (মুখ ফিরিয়ে) ছোটবাবুর ? বলি, ছোটবাবু কি বোবা হয়ে গেল হঠাং ? আমমোক্তারনামা দিয়েছে তোমায় ? বনমালী। বটেই তো! যা বলবাব বলুন আপনি ছোটবারু। আমি পারব না। আমি কেন বলতে যাব, আমমোক্তারনামা দেন নি তো আমায় ?

द्राज्याह्म। वन् कि वनवि-विनिशार्धद छिविन ?

প্রশান্ত। আজেনা।

রাজমোহন। ও, হয়েছে। তানপুরো কেনবার ঝোঁক হয়েছিল, তানপুরো টংটাং করে কান ঝালাপালা করবি।

প্রশান্ত। ও সব নয়।

রাজমোহন। তবে ? থেলা আর গানবাজনা এই তো হুটো ছিল। আবার কোন্নতুন বাতিকে ধরল ?

প্রশাস্ত। বাতিক নয় বাবা। নীরদের সঙ্গে পাত্রী দেখতে গিয়েছিলাম এক জায়গায়—

রাজমোহন। পাত্রী নীরদের জত্তে?

প্রশাস্ত। আজে হাা, গোড়ায় তাই ছিল। কিন্তু এক গণ্ডগোল ঘটে

রাজমোহন। গণ্ডগোল ? বেখানে যাবি, গণ্ডগোল ! থেলার মাঠে গেলি দেখানে মারামারি। এবারে কি হল—মার থেলি, না মেরে এলি ?

প্রশান্ত। মেয়েটি আমিই পছন্দ করে এলাম বাবা।

রাজমোহন। বটে! আমার বাড়ির বউ হবে, তুই পছল করবার কেরে? দেখছিদ নিত্যি কত লোক দলে দলে আসছে।

প্রশাস্ত। বড় বিপন্ন তারা, অবস্থা মোটে ভাল নয়।

রাজমোহন। এ তো দব কতাপক বলে থাকে। কুবের হালদার লক্ষণিতি
মানুষ, মেয়ের বিয়ের সময় তিনিও নাকে কাঁদতেন। কি রকম সম্বন্ধ খুলে বল্ দিকি। টাকা-পয়দা কি থরচ করবে ?

বনমালী। আজ্ঞে — এঁরা ওদিক দিয়ে যান না।

রাজমোহন। তার মানে ? অবস্থা কি রকম ?

বনমালা। আজে, অবস্থা-মানে খ্যামলা মেয়ে, আর গুলি হাত-

রাজমোহন। হেঁয়ালি ছেড়ে টাকার অষটা বল্ যাতে সঠিক আন্দান্ত পাব। প্রশাস্ত। টাকার দিক দিয়ে—মানে—

অশান্তঃ মা তমালবাসিনী একটু আগে এসেছেন।

রাজমোহন। না না, তবে হবে না। হাগরের মেয়ে আমি কিছুতে আনছি না।

তমাল। মেয়ে দেখতে কেমন রে?

বনমালী। আছে, খ্রামলা—

তমাল। তুমি ফোড়ন দিও না বাপু। এখন একটু যাও দেখি।

ৰনমালীর অপ্রসন্ন ভাবে প্রসান।

প্রশান্ত। থারাপ নয় মা, অনেক গুণ দে মেয়ের।

রাজমোহন। আরে, খারাপই যদি হয়—বলি, থারাপ মেয়ের বিয়ে হয় না ? পড়ে থাকে নাকি ? নগদ ছ' হাজার নীরদ দর দিয়ে গেছে, তা ছাড়া গয়না-বরসজ্জা—তার ওপরে উঠবে কিনা দেইটে বল্ আগে।

তমাল। টাকার লোভে তুমি যে এক রক্ষেকালীর বাচ্চা নিয়ে আদবে, আমার অন্দরে তাকে ঢুকতে দেব না।

রাজমোহন। আর তৃমি যে রঙচঙে প্রতিমা বলে পড়মাটির বোঝা বাড়িতে আনবে, আমার দদর দিয়ে তাকেও ঢুকতে দিচ্ছি নে।

তমাল। দেখা যাক!

রাজমোহন। (হেদে) গিন্ধি, তুমি ভাহা বোকা।

তমাল। বোকা আমি?

রাজমোহন। আলবং। এক কাঁচা বৃদ্ধি নেই। আমার সদর পেরিয়ে তবে তোমার অন্দর, সেইটে থেয়াল রাথ না কেন? বউ বদি হস্থমানের মতো লন্ফ দিয়ে সদর ডিঙিয়ে যায়, তা হলে অবশ্যি আলাদা কথা। কিন্তু হস্থমান-বউয়ে যে তোমার আপত্তি। না হলে, এত মেয়ে দেখেছ—তাদের মধ্যে থেকে এদিনে কবে একটা লাফিয়ে অন্দরে ঢুকে পড়ত।···বাক, ওকথা ছেড়ে দাও। কন্সাকর্তা কোথায় ?

- প্রশাস্ত। তাঁরা এখানে থাকেন না, পাড়াগাঁয়ের মাত্র্য—মেয়ে নিয়ে ক-দিনের জন্মে গড়পারে একজনের বাড়ি এসে উঠেছেন।
- ক্লাজমোহন। আমাদের দক্ষে যথন কুটুছিতা করতে এসেছে, আছে নিশ্চর

 ত্বসমা। হিদেবি মাছ্য—চেপে যাচ্ছে। কাল কক্তাকর্তাকে দেখা করতে
 বলিদ। কারবারি মাছ্য চোখের জলে চিঁড়ে ভিজবে না, সেটাও বলে
 দিবি ভাল করে ? রূপ নিয়ে কি ধুয়ে থাব ? রূপো চাই।

প্রস্থান।

প্রশান্ত। মা, তা হলে কি হবে ?

ভমাল। (তথনও রাগে গরগর করছেন) বোকা আমি! তুই কিচ্ছু ভাবিদনে। আমার পছন্দ আগে। ওঁর আগে আমি মেয়ে দেখব। অন্তের বাড়ি গিয়ে হান্ধামা করব না, মেয়েওয়ালাদের আদতে বল্ এথানে।

প্রশাস্ত। বাবা টের পেলে তো আরও হাঙ্গামা। তার চেয়ে তুমিই চল।
তমাল। না বাপু, কোথায় কার বাড়ি এসে উঠেছে, সেথানে গিয়ে আমি মেয়ে
দেখব না। ওদের নিজের বাড়ি হলেও বা কথা ছিল।

প্রশাস্ত। তা হলে এক কাজ কর মা, ওদের বাড়ির সামনে পার্ক রয়েছে।
সেইখানে চল না। পার্কে বেড়াচ্ছে না বেড়াচ্ছে—এই ভাবে মেয়ে এনে
দেখাবে।

তমাল। তা মন্দ বলিদ নি। দখানেই মেয়ে দেখাবার বন্দোবস্ত কর্। প্রশাস্ত। বেশ তাই। একুনি খবর দিয়ে দিছি।

ভুমাল। ই্যারে, সভ্যি বল্দেখি, মেয়ে কেমন ? নীরদের মাসতুতো বোনকে দেখেও তৃই খুঁতথুঁত করেছিল। তোর যথন এত ইচ্ছে, ঝিল্ডয় খুব ফরসা মেয়ে।

প্রশাস্ত। আমার চোখে তো ফরদাই মা, কিন্তু তোমার চোখে হয়জো বা একটু ময়লাই হয়ে দাঁড়াল। মা আমার বড় লক্ষী—দয়াধর্ম করতে হয়, বুঝলে মা? ময়লা মেয়ের কি বিয়ে হয় না?

ভমাল। হয়। দক্ষিপাড়ার বোসেদের বাড়ি হয় না। যাকগে, চোখে ভো দেখি আগে।

थाम

मक घुरत ।

॥ দ্বিতীয় দৃশ্য ॥

পার্ক। সকালের আলো কুটছে ক্রমণ। শিবনাধ, বিভাও গৌরীর প্রবেশ।

বিভা। এই হল পার্ক। এখানকার কথা বলে দিয়েছে। চলে যাব নাকি
দাত্ব স্থাপনারা থাকুন—

শিব। বলিস কি রে, তুই-ই তো সব। গেঁয়ো মাহুষ, আমরা কি গুছিয়ে ছুটো কথা বলতে পারি? বড় ভয় হচ্ছে, কিনারায় এসে ভরাড়বি না হয়। কিন্তু এ কী রকম সাজে মেয়ে নিয়ে এলি বল্ তো? কে বলবে মে বিয়ের পাত্রী!

বিভা। গৌরীর যে আপত্তি।

গৌরী। বাঃ রে, আমি কখন কি বললাম ?

বিভা। আজ নয়, সেদিন। বলছিলি নে, সেজেগুজে দাঁড়াতে লজ্জা করে, ঘেন্না করে,—হানো-ত্যানো কত কি! তা ছাড়া প্রশাস্ত বাবুর মা-ও বলে দিয়েছেন, সাজগোজ করতে হবে না।

শিব। ও অমন স্বাই বলে। মিলের শাড়ি পরনে। কত কি তোরা মাথামাথি করিস, কিছু আজ গায়ে ছোয়ালিনে, চুলটা অবধি বাঁধা নেই। বিভা। সেদিন কত সাজালাম, কোন-কিছু কাজে এল না। আমার সাদামাটা পোশাক ছিল, আমাকেই পছল করে বদল। তাই আজ কায়দা বদলেছি। খুঁত-খুঁত কর কেন দাত্, বেশ তো দেখাছে। ঝোপে ঝাপে ফুটে-ওঠা তুলদীমঞ্জরী। আমরা সাজ-পোশাক করি চোয়াড়ে চেহারা ঢাকবার জন্মে, গৌরীর তো সে ব্যাপার নয়।…এ এসে পড়লেন রোধ হয়।…য়া, এ তো প্রশান্তবাব্। ওঠ, উঠে দাড়া গৌরী। পিছিয়ে য়, আরও পিছিয়ে। বোদ-গিয়ি ফরওয়ার্ড মেয়ে মোটে দেখতে পারেন না, প্রশান্তবাব্ পই-পই করে বলে গেছেন।

ব্দর বোমটা-দেওরা তমানবাদিনী ও প্রশান্তকে দেখা গেল। প্রশান্ত ওঁদের দেখিরে দিল। ভুমান চাপা গলার বলনেন:

তমাল। বুড়ো মাহুষটাকে তুই সরিয়ে নিয়ে যা। ওঁর সামনে দেখাগুনোর স্ক্রিধা হবে না।

প্রশাস্ত আরো একটু এগিরে আসতে শিবনাথ সামনে এলেন।

শিব। এই ষে প্রশান্ত!

প্রশান্ত। আমার মা--

শিব। (নমস্কার করে) আহ্নন মা-জননী, আমার নাতনীকে দয়া করে যদি
নিয়ে নেন---আপনার অনেক দয়া শুনেছি---

প্রশান্ত। আহ্বন, আমরা ওদিকে যাই, মেয়েরা আলাপসালাপ করুন।

শিবনাথকে নিরে প্রশাস্ত সরে গোল। বিভা লাজুক ভাবে তমালবাসিনীকে প্রণাম করল।
ভমালবাসিনী বিভার মুখ তুলে ধরে দেখছেন। আনন্দের হাসি ফুটল, জড়িরে বরলেন তাকে
বুকের মধ্যে। গৌরী প্রণাম করল।

ভমাল। (গৌরীকে) থাক থাক্, হয়েছে। তাই তো বলি, আমার পেটের ছেলে—নিশ্চয় তার রুচি-জ্ঞান আছে। নীরদের বোন কাছে ট্রাড়াতে পারে? (বিভাকে) বদনাম শুনেছ যে আমার বড় দেমাক, মেয়ে দেখে দেখে বাতিল করে বেড়াই। নিশ্চয় শুনেছ। মিছে কথাও নয়, তা বিশ-পঁচিশটা হবে গুণতিতে। কিন্তু পছন্দ হবে কি করে বল তো? আজেবাজে জায়গায় ঘ্রে মরেছি—আমার ঘরের লক্ষী, চিরকালের মাজননী দেখা দেন নি যে এতকাল। দেখা হলে চিনতে আমার এক মিনিটও লাগে না। (গৌরীকে) দেখ তো বাছা, কোন্ দিকে ওঁরা গেলেন—ডাক দাও, হাঁ করে দাঁড়িয়ে রইলে যে!

গৌরার ই তন্তত ভাব দেখে তমালবাদিনা বিরস্ত হলেব; ডাকতে ডাকতে তিনি এগিয়ে গেলেন।

তমাল। ও প্রশাস্ত, আমার হয়ে গেছে। এস তোমরা। গৌরী। আমাকে ঝি ভেবে বদেছে, তোকে ভেবেছে কনে। বিভা। ভাবলে আমি কি করব ? আমি তো কিছু বলতে ঘাই নি। যে রকমে হোক, কান্ত হয়ে গেলেই হল।

প্রশান্ত ও শিবনাথ প্রবেশ করলেন।

ভমাল। দেখা হয়ে গেছে। আপনার নাতনী আমার ঘরের লক্ষ্মী। শিব। মা, কি বলব যে আপনাকে! গাঁয়ের মামুষ, গুছিয়ে বলতে পারিনে। ভমাল। বলবেন আবার কি, কিছু বলতে হবে না। এই মা'টির ভল্লাসে ছিলাম এতদিন।

- প্রশাস্ত। মা আমার লক্ষী মেয়ে। মাকে আমার কাঁধে নিয়ে নাচতে ইচ্ছে করছে।
- তমাল। তুই লক্ষীছাড়া ছেলে, মিছে কথা বলে আমার মন থারাপ করে দিয়েছিলি। না, বিনয় হচ্ছিল, চমকে দেবার মতলব ছিল আমায় ?
- প্রশান্ত। বলেছিলাম না দাত্, মাকে নিয়ে কথা নয়, মা আমার বড়ড ভাল। ভাবনা বাবার জন্ম।
- তমাল। ভাবনা, কিদের ভাবনা? আমি যখন পছন্দ করেছি, আলবাৎ দেই মেয়ে নিতে হবে।

প্রশাস্ত। কিন্তু তাঁর যে ধহুক-ভাঙা পণ--

ভমাল। আপনি ভাববেন না। আমার পছন্দের মেয়ে বাতিল করবেন,
আমি তা কিছুতে হতে দেবো না। (চিস্তিতভাবে) তবে কথা হচ্ছে,
শুভকর্মের ব্যাপার, মা-লক্ষ্মী হাসিথুনির মধ্যে নিজের ঘর-বাড়িতে
আসবেন…এক কাজ করুন, আপনি তো আমাদের বাড়ি আজ যাচ্ছেন—

निव। इँगा भा, विक्लादना यावात्र कथा।

তমাল। উনি ষা দাবি করেন, তাতেই আপনি রাজি হয়ে আদবেন।

প্রশান্ত। নীরদ বলে গিয়েছে ছ-হাজার---

তমাল। ছয়-সাত বাই হোক, সে টাকা আমি দেবো। টাকার জন্তে পছন্দর
বউ আনতে পারব না, এ কেমন কথা! অবাক হচ্ছেন কেন? আমার স্ত্রীধন। বাবা শুচ্চের টাকা দিয়েছিলেন, বিশ বছর ব্যাক্তে পচছে। কেন দেবো
না, লোকসানটা কিসের? সে টাকা আবার আমার ঘরে ফিরে আসছে।
শিব। (সজল চোখে) করুণাময়ী, জগন্ধাত্রী মা আমার—

তমাল। আর, এই কড়িহারগাছা খুলে দিচ্ছি বাবা, বড় ভারী, গলায় পরে বেড়াতে কট হয়। আর, আজকালকার ওরা সব তো এক-একটি পাঝি। হার ভেঙে ফ্যাশান মতো বউমার ছ-চারটে গয়না গড়িয়ে দেবেন। কি আশ্চর্য, আমার জিনিস আমারই কাছে তো আসছে। খুব কাছাকাছি তারিথ ঠিক করবেন, আমার দেরি সইছে না। দেখি, আজকেই যদি ব্যাহ্ব থেকে টাকা বের করা যায় তো বিকেলের আগেই প্রশাস্ত দিয়ে আসবে। আয় প্রশাস্ত, তাড়াতাড়ি চল।

প্রশান্ত। কী স্থন্দর আমার মা! এমন মা ভূ-ভারতে কারো নেই---

ছোট ছেলের মতো দে মাকে জড়িয়ে ধরতে বার।

ভমাল। আ:, করিদ কি—ছাড়্ছাড়, কি মনে করছেন ওঁরা পাগল ছেলের কাণ্ড দেখে ?···আদি বাবা, আদি গো বউমা—হাা, একেবারে বউমা-ই ডেকে বদলাম। প্রশান্ত। আসি দাতৃ--

শিব। চল, ঐ তো তোমাদের গাড়ি?

ত্যালবাসিনা ও প্রশান্ত চলল। শিবনাথও করেক পা চললের তালের সজে।

গোরী। এ জোচ্চুরি—

বিভা। কিনে ? আমি কিছু বলতে গিয়েছি ? দেখ্, বিয়ের কনে তুই, চুপচাপ থাকবি। ঝগড়া করতে এসেছিদ তো দেবো এক থাপ্পড়। দাছুর উপর, মার উপর দরদ তো উথলে ওঠে! এবারে তুমি নিজে ভাংচি দিয়ে পণ্ড করে দাও, দাছ তাতে বড্ড খুশি হবেন।

শিবনাথ ফিরে এসেছেন।

শিব। কি দাত্ব-দাত্ব করছিল তোরা দিদি?

বিভা। গৌরী বলছে—দাত্ যদি অন্তত তিরিশটা বছর পরে জন্মাতেন, তা হলে প্রশাস্তকে ঘেঁষতে দিই ? দাত্ যে ভূল করে ফেলল।

শিবৰাপ হেসে উঠলেন।

গৌরী। (নিম কঠে) পরে যখন জানান্ধানি হবে বিভা? আমার বড্ড ভয় করছে।

বিভা। কিছু না, কিছু না। গিন্নি একদিনে তোকে ভালবেসে ফেলবে।
কটা রঙটা ছাড়া দকল গুণ যে বিধাতাপুরুষ তোর উপরে উদ্ধাড় করে
ঢেলেছেন। তোকে ভাল না বেদে উপায় আছে ? চল্, চল্—

वक पूत्रन।

॥ তৃতীয় দৃশ্য ॥

রাজমোগনের বৈঠকথানা। বনমানী সংকার বদে আছে , পাশে গোবিন্দ।

গোবিন্দ। তা হলে সরকারমশাই, ঐ কথাই রইল। বড়বাবুকে বলে আমার ঘটক-বিদেয়টা যাতে তাড়াতাড়ি হয়—

বনমালী। আরে বাপু, কাজকর্ম ষোলআনা চুকেবুকে যাক—

গোবিন্দ। তার আর বাকি কি রইল? ছোটবাবু আমায় বলে দিয়েছেন, গোবিন্দ তুমি নিশ্চিন্ত থাক—ওথানে ছাড়া আমি কোথাও বিয়ে করছি না। এইবারে কনের বাড়ির ওদিকটায় তুমি ভাল করে নজর রেথো। তা হলে আমি তোমায় আলাদা—

বনমালী। আলাদা? এঁ্যা, এর মধ্যে আবার আলাদা কি তোমার?

গোবিন্দ। মানে, দশ-আনা ছ-আনা—সে তো ঠিকই আছে—

বনমালী। তুমি আলাদা আবার কি দব বন্দোবস্ত করেছ? তবে আমি এ বিয়েয় নেই।

গোবিন্দ। আপনি দেখছি সব ঘুলিয়ে ফেলেছেন। আলাদা পেলেও কি আপনাকে ভাগ দেবো না? দিব্যি করে বলছি, আপনি ঐ হিসেবেই পাবেন। দেখুন, আমায় অবিশ্বাস করবেন না। আমার ঠাকুরদার নাম ছিল সত্যদাস, আমার বাবার নাম ছিল ধর্মদাস, আর আমি গোবিন্দদাস—

বনমালী। তোমার পালায় পড়ে আমায় শেষটা ভোম্বলদাস না হতে হয়—

গোবিন্দ। কিছু ভাববেন না—আপনি তাই হয়েই আছেন।

वनभानी। कि वनतन ?

গোবিন্দ। আমার সঙ্গে কাজ কারবার করুন, করে দেখুন একবার। করকরে নোট আপনার হাতে ঝপাঝপ যথন গুঁজে দিতে থাকব…(পকেটে হাত দিয়ে) ও, ভাল কথা—এই নিন সাড়ে ন-আনা। সেদিন ছোটবারু সামাক্ত গাড়িভাড়া দিয়েছিলেন, তার ভাগ নিন।

বনমালী। ছোটবাবু কত দিয়েছিলেন?

গোবিন্দ। এক টাকা সাড়ে তের আনা।

বনমালী। এক টাকা সাড়ে তের আনা ? আমায় বোকা ঠাউরেছ ? ভেবেছ, আমি কিছু দেখি নি ? অস্তত হুটো টাকা—

গোবিন্দ। আহা, ত্-টাকার মধ্যে তো দশ পয়দা বেরিয়ে গেল চা আর পান থেতেই —

বনমালী। আমি তো আর চা-পান খাই নি। আমায় ছ্-টাকা হিসেবেই দিতে হবে।

গোবিন্দ। এই দেখুন, কী সব গোলমেলে কথা বলছেন। ধর্ম রেখে দিতে গেলাম কিনা—

বনমালী। দরকার নেই আমার কিছু নিয়ে। এ বিয়েয় আমি নেই।

[নেপথ্যে রাজমোহনের কণ্ঠস্বর শোনা গেল—বনমালী !] :

शाबिन में फ़िरा नफ़न। वनमानी छाफ़ाराफ़ि हाछ वाफ़िरा बरन:

वनमानी। (वार जाद) मांव, मांव—या त्माद मांव।

(गोविन्स। थोक, त्म भारत इत्त।

বনমালী। এই দেখ, গণ্ডগোল করে। শিগগির দাও না—

রাজমোহন প্রবেশ করলেন।

রাজমোহন। ওহে বনমালী, বোস। অনেক কাজ আছে। (গোবিন্দকে দেখিয়ে) তুমি—তুমি কে?

(गोविन्त । चाड्डि, चरीन (गोविन्त घटेक ।

রাজমোহন। ঘটকে আমাদের দরকার নেই। ছেলের বিয়ের **দব ঠিক হয়ে**গৈগছে।

গোবিল। আজে, কিন্তু আমিই তো সেই সম্ম্ব--

- রাজমোহন। তুমি সম্বন্ধ করেছ ? চালাকি ? ফাঁকি দিয়ে ঘটক-বিদেয় নিভে চাও ? আমার ছেলে নিজে সম্বন্ধ করলে আর তুমি মধ্যিখান থেকে—
- গোবিন্দ। আহা, কথাটা আমার শুহুন না। ছোটবাবুর ঐ সম্বন্ধ তো আমিই—
- রাজমোহন। (খুব চটে গিয়ে) ছোটবাবুর সম্বন্ধ করে থাক, তাকে বল। আমার সঙ্গে কোন সম্বন্ধ নেই। এখন যাও, গোলমাল করো না।

রাজমোহন বসে পড়লেন।

- গোবিন্দ। দেখুন, আমরা গরিব মাতুষ, ঘটকালি করে খাই—এ সম্বন্ধ আমার হাত দিয়েই এসেছে। কি বলেন সরকার মশাই ? আপনি তো সবই—
- প্ৰকেট থেকে প্রদা বের করে গোপনে বনমালীর হাতে গুঁজে দিতেই বনমালী আমতা-আমতা করে বলল:
- বনমালী। ই্যা—মানে—ঐ একরকম বলতে পারেন। সম্বন্ধটা ও-ই এনেছিল।
- রাজমোহন। (রাগত ভাবে) এনেছিল যদি, আমায় গোড়ায় বলতে কি
 হয়েছিল ? যাও—যাও—-

রাজমোহন কটমট করে তাকালেন।

গোবিন। তা হলে আমি কিছু পাব না?

রাজমোহন। বনমালী, এ তো আচ্ছা নাছোড়বান্দা লোক!

বনমালী। আজ্ঞে, ঘটক কিনা—ওরকমের হবেই। শুভ কাজে ছ্-পয়দা ওরা পেয়ে থাকে।

রাজমোহন। তা বেশ, গোটা পঞ্চাশ টাকা তবে—

গোবিন। (ব্যাকুল কণ্ঠে) তা হলে স্থার আমার তো কিছু থাকে না!

রাজ্মোহন। (সবিশ্বয়ে) তোমার থাকবে না তো আবার কার থাকবে ?

বনমালী। আ:, তুমি বড় বাজে কথা বল গোবিন্দ। বিয়েটা চুক্ েষাক, তারপর হবে। এখন তুমি এস। গোবিন। কিন্তু পঞ্চাণ হলে আমার ষে-

वनमानी अक्रक्म र्छाट्ये न शाबिमक रार्थान त्थक महिरत पिन ।

রাজ। এইবারে ফর্দ লেখ বনমালী। বরের পট্টবস্ত্র এক জোড়—হাঁ। হাঁ।,
লিখে যাও না, পরে ঠাকুর মশায়কে দেখিয়ে নেব।…পট্টবস্ত্র হল—লেখ,
টোপর একটা, বরাঙ্গুরীয়ক এক দফা—

বনমালী। বরাং- তারপরে?

রাজ। বরাঙ্গুরীয়ক বানান হচ্ছে না? কি মুশকিল।

বনমালী। কেন হবে না? ব, রয়ে আকার, অহস্বার--হল গে বরাং; গ-রে - ব্রস্থ-উ রয়ে হ্রস্থ-ই-শগুরি। স্বরে-অ আর ক--

রাজ। সরস্বতী একেবারে জিভের ডগায়! বেশ, বেশ—তাই সই। বানান আর কে দেখছে? তারপরে হলগে জাঁতি—

বনমালী। জাতি কিসে লাগবে স্থার ?

রাজ। জাঁতি হাতে বিয়ে কর নি? ভূলে মেরে দিয়েছ, বিয়ের সময় কি ধরেছিলে হাতে?

বনমালী। কান---

রাজ। কান?

বনমালী। সে এক সর্বনেশে ব্যাপার স্থার। সকলে মাথায় মতলব চুকিয়ে দিয়েছিল—ছাঁদনাতলায় বর তুলতে গেলে আমি বেঁকে বসলাম। সাইকেল না দিলে উঠব না। সাইকেল না পার তো ফুলট-বাঁশী। খুড়খণ্ডর তিরিক্ষি মেজাজের মাহ্যয—আসরের মধ্যে লাফিয়ে পড়ে কান ধরলেন। তোর মামা এক-শ টাকা দাদন খেয়ে বসে আছে, উঠবিনে কি রকম ? কানের নেতি পড়পড় করে ইঞ্খিখানেক ছিঁড়ে গেল। 'বাপ-বাপ' বলে কান চেপে ধরে বিয়েয় বসে গেলাম।

बब्रोप ও बिलिब्र धरवण।

রাজ। ধবর কি নীরদ, ভাল? কি চাকরি করছ এখন? তোমার সক্ষেত্ব-হপ্তা দেখা না হলেই ভানি, তার মধ্যে বার তুই চাকরি ছাড়া হয়ে গেছে।

নীরদ। চাকরি আর করব না কাকাবার্, ভাবছি স্বাধীন ব্যবসায়ে নামৰ এবার—

রাজ। সে ভাল।

নীরদ। এই ভদ্রলোক আমার পরমান্ত্রীয়। এঁকে নিয়ে এলাম। আপনার সঙ্গে একটা বিষয়ে আলাপ করতে এসেছেন।

রাজ। আগ্রীয়, কি রকম আগ্রীয় শুনি?

নীরদ। ইনি হলেন আমার—তাই তো মল্লিকমশায়, কি হন আপনি আমার ?

নিশি। অনেক হিসেবের ব্যাপার। তার চেয়ে তুমি হও পিসত্তো ভাইয়ের মাসত্তো শালা। এইটে সোজা। আমার নাম এনিশিকাস্ত মল্লিক—
নিবাস বীরপুর।

রাজ। বস্থন, বস্থন মশায়। বেলপুকুর-বীরপুর—সেই জায়গা তো ? বড়চ বিশ্রী জায়গায় বাদ আপনাদের মশায়। যাতায়াতে বড়চ কষ্ট। দাও তো বনমালী, থাতাথানা—

বনমালী। কোন্থাতা?

রাজ। সেই যাতে পথের কথা লিথে নিলাম। হ্যা, হ্যা, এই—

পাতা হাতে নিয়ে দেখছেন।

সা-পুর অবধি ট্রেনে গিয়ে তারপরে নৌকোয়—

নিশি। আজে হাা, ভাঁটি ধরে যেতে হয়।

রাজ। তার পরে বামনঘাটায় গিয়ে—কি মশায়, জায়গাটা বামনঘাটা তো ? বামনঘাটায় নৌকো বেঁধে জোয়ারের জন্ম বনে থাকা।

নিশি। ভাল ব্যবস্থা আছে। লম্বা টিনের চালা, চার আনা ভাড়াঁয় চার বাই তিন খাটিয়া পাবেন। চালে-ভালে থিচুড়িও ঘুঁটে নিতে পারেন দেখানে।

রাজ। জায়গা বটে ! আপনাদের বীরপুর যেতে যতক্ষণ লাগে, ঐ সময়ে গ্রাপ্তকর্ডে স্বচ্ছনে এলাহাবাদে পৌছান যায় মশায়।

নীরদ। বীরপুরে প্রশান্ত এক মেয়ে দেখে এসেছে, শুনেছেন বোধ হয়।

- রাজ। সেই জত্যে তো বলছি। নইলে, ভূগোলের মান্টারি করিনে, জাঞ্জিবার কি হাওয়াই খীপে কেমনে যেতে হয়, তাতে আমার গরজটা কি ? দশটা দিন পরে যাক্তি যে মশায় আপনাদের গাঁয়ে।
- नौत्रम। त्म कि कथा! वित्र छ। श्टन-
- রাজ। পাকা। একটু আগে শিবনাথবাবু এসে পাকাদেখা-লগ্নপত্তোর করে গেলেন। পথ-ঘাট ভিনিই সব লিখিয়ে দিয়ে গেছেন।
- নীরদ। কিন্তু আমার মাসতুতে। বোনের সঙ্গে যে হচ্ছিল। আপনি এক রকম
 কথাও দিয়েছেন। নগদ ছ-হাজার চেয়েছিলেন, আমরা আপনাকে
 একটুখানি বিবেচনা করতে বলেছিলাম।
- রাজ। এদের কাছে আরও পাচশ বাড়িয়ে চাইলাম, এক কথায় রাজি। ভূল হল, পুবোপুরি সাত বলে দিলেই হত।
- নিশি। সাত হাজার কি বলেন! বুড়োকে সাতবার বেচলেও তো হয় না।
 মুখের কথায় ট্যাক্মো নেই, যা হোক একটা বলে গেছে। বাড়ি আর
 ধান-জমি বেচবে, তাতে সিকি টাকাও উঠবে না।
- নীরদ। কাকাবাব্, আপনি ধাপ্পাবাজ বুড়োর পাল্লায় পড়েছেন। ছোট মাসি কালও লিখেছেন তারিখ ঠিক করে ফেলতে।
- রাজ। ওরে বাবা, রাজমোহন বোসকে ধাপ্পায় ভুলোবে, সে মাহ্র আজও জনায় নি। অশোকস্তম্ভ-ছাপা ঝকঝকে নোট গুণে দিয়ে গেল, তবু বল ধাপ্পা ? নোট গুণে নিয়ে তবে পাকা কথা দিয়েছি।
- নিশি। ভারি তাজ্ব!
- নীরদ। কনেটা দেখেছেন কাকাবাবু? আমার মাসতুতো বোনের পায়ের কাছে দাঁড়াতে পারে না।
- রাজ। সে আমার ডিপার্টমেণ্ট নয়, ওদিকে—ওদিকে । সেখান থেকে পাস ় হয়ে তবে আমার কাছে এদেছে।
- নীরদ। কিন্তু কর্তা আপনি। ছোট মাদীকে বলেকয়েও আরও না হয় ত্-পাঁচশ'—

ভমালবাসিনীর প্রবেশ।

ভমাল। কি গো, ছেলে নীলামে চড়াচ্ছ?

নিশি। আহন মা। আমি বীরপুরের মাহুষ, ছোট্ট বয়স থেকে দেখছি সেই মেয়েকে। মেয়ের রঙ কিন্তু ময়লা।

তমাল। মেয়ে ফরসা--দম্বর-মত ফরসা।

প্রশাস্ত:ক দেখা গেল; দোরের কাছে, অলক্ষ্যে সে গুনছে।

নিশি। কী বলেন! তবে বোধ হয় মেয়ে দেখানোয় কোন চালাকি আছে।
তমাল। আমি বোকা নেই। চালাকি করে কেউ পার পাবে না।…ছোট্ট
বয়সে বাপ হারিয়েছে, বিধবা মা আর ঠাকুরদা বুকে তুলে বড় করেছে।
গ্রামের মাহ্ময় এত পথ ভেঙে তাদের উপকার করতে এসেছেন ?…আর
ত্মিও চমৎকার! টাকাকড়ি গুণে নিয়ে বাক্সে তুলে এখন মন্ধা করে
আমার বাড়ির বউ, আমার নতুন কুটুরদের কুচ্ছো-কথা গুনছ?

রাজ। ভদ্রলোকেরা বললে তো মুখ চেপে ধরতে পারি না।

তমাল। এরা ভদ্দর! আর তুমি এক ভদ্দর ছেলের বিয়েয় গুণে গুণে টাকা নিলে। ভদ্দরে ঘেন্না ধরে গেল বাবা! এই রকম পোড়া ভদ্দরের দল কবে যে নির্বংশ হবে পিরথিম থেকে!

নীরদ। (বিচলিত ভাবে) উঠি এখন কাকাবাবু।

রাজ। বরষাত্রী ষেতে হবে আগে থেকে বলে রাথছি—

নীরদ। আজে না। ভারি বেয়াড়া জায়গা। আমার জরুরি-ৄ্রকাজ ঐ সময়···মানে, অস্থ্ধ—

নিশি। নমস্বার!

নিশি ও নীরদ ভাড়াভাড়ি বেরিরে গেল।

রাজ। বনমালী, সব ঘুলিয়ে দিল। খাতা বন্ধ করো, রাত্তিরে বন্দে বন্দে ত্ব-জনে ঠিক করব।

वनमानी। य जांख-

भगात शास्त्र ।

গদা। বাব্, মিস্ত্রিরা বলছে—ফটকের কাজ তো হয়ে গেল। সিংহ ছুটোর কি রঙ ধরানো হবে ?

রাজ। বনমালী, পছন্দ করে দিয়ে এস। লাল রঙ—

वनमानी। य व्याख्य।

তমাল। লাল নয়, সবুজ--

वनमानी। (व व्याख्य !

यनमानीत धातान।

রাজ। গিন্নি, তুর্মি বোকা। সিংহ বৃঝি সবুজ হয়?

তমাল। সিংহ বুঝি লাল হয় ?

গদা। একটায় লাল একটায় সবুজ দিতে বলে দেব বাবু?

রাজ। না, তোমায় কিছু বলতে হবে না। আমি নিজে গিয়ে দেখছি।

ধ্বক ধ্বের গদা চলে গেল। রাজমোহনও যাচ্ছি:লন, এমন সমর প্রশান্ত এল।

রাজ। কি রে প্রশান্ত, টাকাটা জমা দিয়ে এনেছিদ ?

প্রশান্ত। ই্যা, এই রসিদ-

প্ৰশান্ত ব্যাক্ষের রসিদ দিল।

রাজ। যাক, আমি নিশ্চিন্ত।

রাজমোহনের প্রস্থান।

প্রশাস্ত। মা, নীরদ আর বীরপুরের একটা লোক এখানে কেন এসেছিল বল তো?

ভমাল। ভাংচি দিতে। ইতরের বে স্বভাব। আমি থুব শুনিয়ে দিলাম। নিজের চোখে দেখে এসেছি, সেই মেয়ে বলে কিনা ময়লা।

প্রশাস্ত। আছো মা, কোন্ মেয়েটা দেখে এসেছ, ঠিক করে বল দিকি ?'
মেয়ে তো ছটো ছিল।

(M-1-1-6

ভমাল। দেই যে লাল বেনারসি-পরা। এগিয়ে এসে প্রণাম করল।

প্রশাস্ত। সে কি ? আসলটি ছিল তো পিছনে। একেবারে উন্টোপছন্দ করে বসে আছ ?

তমাল। তাই নাকি? না না, চালাকি করছিদ আমার দকে।

প্রশাস্ত। ইয়া মা, যে মেয়েট চুপচাপ পিছনে দাঁড়িয়েছিল, সে-ই হল গৌরী। উ:, কী রকম বোকা তুমি মা!

ভমাল। বোকা আমি?

প্রশাস্ত। বাবা মিছে কথা বলেন না। তোমার বৃদ্ধি নেই। নামটা অস্তত একবার জিজ্ঞাসা করে দেখতে হয়।

ভমাল। বলিদ কি ? অকটু-আধটু দেখেছি পেছনের মেয়েটাকে—ময়লাই তো মনে হল রে! তাই তো, ময়লা মেয়ে বউ করে ঘরে তুলব কেমন করে ?

প্রশাস্ত। ময়লা হোক ফরসা হোক, এখন আর পিছানোর উপায় নেই মা।
সমস্ত ঠিকঠাক হয়ে গেছে—পাকাদেখা লয়পত্তোর অবধি সারা।
ভদ্রলোকদের বেইজ্জত করবে কোন্ হিসাবে ?

তমাল। কী মৃশকিল!

প্রশাস্ত। তোমারই বোকামি। তাঁদের দোষ নেই, তাঁরা তো ভূল মেয়ে দেখান নি। ছি-ছি, তুটো কথাবার্তা বলে দেখতে হয়। বাবা যথন ওনবেন—

ভমাল। ওঁকে কিছু বলতে যাবিনে, খবরদার ! · · · আচ্ছা, সভ্যি করে বল তো বাবা, মেয়েটা কেমন ? রঙে একটু চাপা হলেই কিছু আর খারাপ হয় না!

প্রশাস্ত। আমি তো তাই বলি। মেয়ে তো গাদা গাদা দেখেছ মা, কিছ অমন শাস্তশী স্বর্গ-মর্ত্য-পাতাল ত্রিভূবনের মধ্যে তুমি খুঁজে পাবে না।

তমাল। ইাা রে, পাঁড়াগাঁয়ের মেয়ে যখন—নিশ্চয় খূব সেবা-য়ত্ব করবে। কি মনে হয় তোর ?

প্রশাস্ত। রাতদিন অইপ্রহর তোমায় খাটে বসিয়ে রাখবে, মেজেয় পা ছোঁয়াতে দেবে না। ভারি কাজের মেয়ে।…কটা মেয়েটা দেখেই তুমি নাঁ একেবারে গলে গেলে—চোথ তুলে দেখলে না পিছনে, ছটো কথা জিজাসাবাদ করলে না।

ভমাল। কে বলে দেখি নি ? আড়চোধে দেখেছি তাকিরে তাকিরে।
পছন্দ করলাম তো পিছনের ঐটিকে। কেমন নরম-শরম ভাব, লজ্জার
ক্রের ক্রের পড়ছে। একটা হুটো কথা বলল—কী মিষ্টি! আগের মেয়েটা
তো হঠহঠ করে এগিয়ে এল, মুখে খই ফোটে। মা গো, বিয়ের কনে
নয়—বেন লড়াইয়ের সওয়ার!

প্রশাস্ত। তবে ঐ যা একটু খুঁত, রঙ ময়লা—

তমাল। ও:, তুই বা কোন্নবকার্তিক রে! নিজের চেহারা আয়না ধরে দেখেছিন ?

প্রশান্ত। তা হলে মা—

ভমাল। কোন রকম টু শব্দ করবি না এ নিয়ে। খবরদার! আনেক দিন ধরে বিলিয়া 5-টেবিলের কথা বলছিস—দেব তাই, আমার টাকায় কিনে দেব।

প্রশান্ত। আর তানপুরে।?

ভমাল। সেটা ওঁর কাছ থেকে। এত টাকা কবে নিলেন, দেবেন না-ই বা কেন ?

প্রশাস্ত। আর একটা কথা মা। বন্ধুরা বরষাত্রী যাবে—তারা আলাদা হয়ে বৈতে চায়। আলাদা নৌকো, রেলের আলাদা কামরা—কর্তাদের মধ্যে বসে যাবে না।

[এমন সময় রাজমোহনের গলা শোনা গেল—ওগো!]

প্রশাস্ত বলতে খেষে গেল। রাজমোহন প্রবেশ করলেন।

রাজ কি বলছে ?

ভমাল। কতদিন থেকে একটা তানপুরো চাইছে— রাজ। তানপুরো বাজিয়ে বিয়ে করতে যাবি নাকি ?

- তমাল। তা অত টাকা নিলে—ছেলে একটা বায়না ধরেছে, আমি তো বিলিয়ার্ড-টেবিল দিচ্ছি।
- রাজ। দেব তানপুরো! মঞ্র। মন দিয়ে বিয়ের কাজে লেগে যা। আর বায়নাকা করবিনে।

মনের ক্তিতে প্রশান্ত বাপ-মারের পারে তিবটিব করে প্রণাম করে চলে গেল।

- রাজ। কায়দায় পেয়ে সবাই বাগিয়ে নিচ্ছে। দে ব্রাদার্স ডেকরেটার্স চেয়ে বসল চার-শ টাকা। তাদের বদলে স্থর কোম্পানিকে দিলাম। আড়াইশ'য় হয়ে গেল। বরের বেলা তো বদলাবদলি চলবে না! নিয়ে নে তানপুরো, উপায় কি?
- তমাল। নৌকো ত্-খানা করতে হবে, আমায় বলে গেল। একটায় আত্মীয়-কুটুম-মুক্সবিরা। আর একটায় ছেলে, তার বন্ধুবান্ধব—
- রাজ। তার মানে, গুরুজনদের দামনে দিগারেট ফুঁকবার অস্থবিধা হবে। বেশ, হল তাই। ছু-খানা নৌকো—
- ভমাল। ছাতে ত্রিপল দিচ্ছ, দাও। উঠোনে কিন্তু সামিয়ানা চাই। চারিদিকে স্থন্দর ঝালর থাকবে, সেই সেকালে আমাদের বিয়ের যেমন করেছিল—

रनभानी हुकन।

রাজ। বেশ, মঞ্জুর---

তমাল। ফুলশব্যার দিন আত্মীয়-কুটুম্ব আর পাড়াটা খাইয়ে দেবো। আর, বউভাতের দিন—

রাজ। ছ-দিন কেন? ভোজ তো এক দিনই হয়ে থাকে। বনমালী, ক'দিন? বনমালী। আজে, এক দিন—

তমাল। না, ছ-দিন--

ভষানবাসিনী বনমালীর দিকে কুছ দৃষ্টিভে ভাকালেন।

বনমালী। আজ্ঞে হাা, ছ-দিন--

তমাল। তারপরে ধরো, বউ বাড়ি এসে বখন নামল—মুখ দেখব স্থামি কঙ্কণ দিয়ে।

রাজ। উন্ত, আংটি দিয়ে। কন্ধণ পরা হাল-ফ্যাসানে উঠে গেছে।

তমাল। কিচ্ছু ওঠেনি। আমার একটা বউ—আমি জড়োয়া কংশ দিয়ে আশীর্বাদ করব। সরকার মশায়।

यनगानी। चार्छ-

তমাল। নতুন ডিজাইনের জড়োয়া কঙ্কণ গড়তে দেব। একুণি স্থাকরা ডাকুন।

वनमानी। य पार्ड --

রাজ। তা জড়োয়ার কি দরকার ?

তমাল। ই্যা, জড়োয়া—হীরেমুক্তো বসানো—

ভষালবাদিনী চলে গেলেন।

রাজ। বনমালী, এ যে ফতুর হবার জোগাড়!

বনমালী। হরে-দরে ঐ দশ-আনা ছ-আনা-

রাজ। দশ-আনা ছ-আনা মানে ?

বনমালী। আজে, দশ-আনা ওদের, ছ-আনা আপনার। তার বেশি পড়তার আসে না স্থার—

তৃতীয় অঙ্ক

॥ প্রথম দৃশ্য

শিবনাথের বাহির-বাড়ি। উঠানে সামিয়ানা থাটানো। সেটের থারে কলাগার, পূর্ব কৃত্ত। ভাঙা বাড়ির চেহারা পালটেছে—ইট বের-করা দেয়ালে লাজ-নীল কাগজ আঁটা। চোল-কাশি-সানাই তুমুগ শব্দে বাজছে। লোকজনের আনাগোনা। শিবনাথ উন্নাসে আরু পাগালর যতো। চুলিদের মধ্যে চলে এলেন একবার। ভালে ভালে নাচেন, আর ছড়া কাটেন।

শিব। কালকে ছিল অধিবাদ, আজ গৌরীর বিয়ে। শিবুঠাকুর নৃত্য করেন ধুচনি মাথায় দিয়ে॥

এক দল মেরে-বউ অন্সরের দিক থেকে জল সইতে বেরিরে এল। মাধার বরণকুলো কাঁথে কলি, হাতে ঘটি। নিবনাথের কাও দেখে হানারানি করছে কমবরদি ক'টি মেরে। গেট পার হরে ভারা চলে গেল। চুলির ভাদের নিছনে নিছনে গেল। গৌরীর আজ অপঞ্জপ নাজ—চন্দন-আঁকা মুখ, লাল চেলি-পরা, সোনার গানো বিক্ষিক করছে। সকৌতুল্ক দে নিবনাথের কাও দেখিটিল।
নিবনাথ তাকে দেখতে পেরে হাত খরে উঠানে আনলেন।

শিব। আহা-হা, মুখ যে শুকিয়ে গেছে! বউমা, অ বউমা, শোন, একটু তুখ খেতে দাও। আমি বলছি বউমা, কোন দোষ হবে না।

ভাক ওবে স্থাবালা একেন। কাদখিনী ও হবা বলে একটা মেরে এই দিক বিজে বাছিল, তারাও এল।

স্বর। (কাদখিনীকে) দেব ঠাকুরঝি ? দিই একটু গরম তুধ ? বাবা বলছেন।
কাদ্ধিনা বউ, ক্ষেপেছ ? চিরজনাের একটা দিন। মায়ায় পড়ে বিধিনিয়ম ভাঙতে বেও না। কিনে কি হয়, কে বলতে পারে ? এই আমরা

বেমন কপাল পুড়িয়ে বসে আছি।

গৌরী। আমার থেতে ইচ্ছে হচ্ছে না দাতু। অধা। (চুশি চুপি) অনেক থাওয়া হবে কিনা বাসরঘরে! গৌরী। (কিন তুলে) এই-ও, অসভ্য কোথাকার—

একটা মেরে চিত্র-করা পি'ড়ি নিয়ে এল বাইরের দিক খেকে; স্থা পি'ড়ি হাতে নিয়ে তারিপ করে।

স্থা। খাদা এঁকেছে তো! ঠিক যেন এক খেতপদ্ম।

শিবনাথ পি'ড়ি নিরে মাটিতে রাখলেন।

শিব। আয় দিদি, ওঠ্ একবার পিঁড়ির উপর—পদ্মের উপর কমল-কামিনী হয়ে দাঁডা। দেখি আমি, ত্-চোথ ভরে দেখি।

कान। वावा, जुमि त्य भागन श्रम राजन-

শিব। ওরে কাহ, মনে পড়ে গোণাল যে দিন চোথ বুজল? কত বছর হয়ে গেল—তাবপরে বাজনা বেজেছে কোনদিন এ বাড়ি? এত মাহ্য এসেছে, এত আলো জলেছে?

कामियनी ও স্ববালা আঁচলে চোথ মুছকেন।

আৰু আমার কি আনন্দ, সে তোবা ব্ঝবিনে। নে দিদি, নে—পিঁ ড়িব্ব উপর দাঁড়িয়ে পড, আমিও তোর পাশে দাঁডাই একটুথানি। সোনার বর এসে পডলে তথন তো আর ঘেঁসতে দিবিনে— গৌরী। না, অমন করলে আমি দাঁডাব না কিছুতে।

গৌরী সরে গেল।

স্থর। এই গৌরী, কি হয়েছে—আয় না! বাবার দাধ হয়েছে—লজ্জা কার কাছে? বাবা বলছেন—একবার এসে দাঁড়া। এস ঠাকুরঝি, আমরা ধাকতে হবে না।

স্থাবালা কাৰ্যবিনীকে নিয়ে চলে গেলেম।

শিব। নে, ওরা চলে গেছে।

গৌরী লক্ষিত মূখে ধীরে ধীরে পি ড়ির উপর দ'ড়াল।

শিব। আমি দাঁড়িয়ে পড়ি এ-পাশে, কি বল ? মেয়েরা ভাড়াভাড়ি রীতকর্মগুলো সেরে ফেল্। উলু দে, শাঁখ বাজা।

वूषा निक्बरे छेलू किष्छन।

(भोती। जाः, नाइ (यन की!

भोत्रो ছूटि भानान।

श्वित । श्वित वर्ष शांनात्म्ह, वर्षे शांनात्म्ह, धत्—

ভূবন প্রবেশ করলেন।

ভূবন। কার বউ পালাচ্ছে গো? কার বউ ?

শিব। এই বে ভ্বন এদে পড়েছ। এদো, এদো। তেগারীর আমাদের ভারি লক্ষা! পাশে দাঁড়িয়েছি তো ছুটে পালিয়ে গেল।

ভূবন। বিয়ের কনে, লজ্জা তো হবেই—

শিব। কই, বিভা এদে পৌছল না এখনো ?

ভূবন। আদে কি করে? আদকে অবধি একজামিন চলল। মন তার এখানে পড়ে আছে। লিখেছে, ভোর নাগাত তার মামাকে নিয়ে এলে পড়বে।

শিব। তার আমোদ বেশি সকলের চেয়ে—তারই বিয়েটা দেখা হল না।

ভূবন। কী আর হবে, বাদিবিয়ে দেখবে।

শিব। কি জান ভুবন, বিভা থাকলে গৌরীর বড় আহলাদ হয়। ···বলতে গেলে, সে-ই তো সব করল।

ভূবন। শুমূন, আমার কম্পাউগুার কলকাতা থেকে ফিরছিল—"সে দেখে এল, বর-বরষাত্রীরা বামনঘাটায় পৌছে গেছে, রান্নাবান্না করছে। এ হল বিকেলবেলার কথা—

ট্যাক্যডি বের করে দেখলেন।

এইবার এসে পড়বে, আর দেরি নেই। প্রথম লগ্নেই বিয়ে হয়ে ধাক।

সাতকড়ির্র প্রবেশ।

শাত। সেই ভাল, মেয়েরা আমোদ-আহলাদ করতে পারবে। রাভ বেশি হয়ে গেলে অস্থবিধে হয়।

শিব। মশাল-টশাল ঠিক আছে, ও সাতকড়ি ?

সাতকড়ি। সব ঠিক আছে। আপনি কিছু ভাববেন না কর্তামশাই। আমরা যথন আছি, চোথ বৃদ্ধে বদে থাকুন। আছিা, বর্যাত্রী কতন্ত্বন আদবে বলে মনে করেন ? সেই হিসেবে জায়গা হবে কিনা!—নিশি-দা জিজ্ঞেস করছে।

শিবনাথ। বেশি নয়। রাজমোহন বাবু বললেন, বিশুর ধরচ—পনের-কুড়ির বেশি রাহাধরচ দিয়ে এভদুর আনবেন না।

সাতকড়ি। ভালই হয়েছে। এই এঁদো বাড়ি আর স্বংলি গ্রাম দেখে চক্ষ্ চড়কগাছ হয়ে যাবে তাঁদের।

শিবনাথ। তা যা বলেছ! মন্ত বড়লোক তাঁরা। মন্তবড় বাড়ি, মন্ত গাড়ি, লোকজন, দারোয়ান-গোমন্তা, চারিদিক গমগম করছে—

সাতকড়ি। আমায় একবার দক্ষে করে কুটুমবাড়ি নিয়ে যাবেন কর্তামশাই— কলকাতাটা দেখে আদব। শুনেছি, আজব শহর—পাড়াগাঁয়ের লোকেরা দেখানে গেলেই গাড়ি চাপা পড়ে।

ছুবন। কে বলল এ সব কথা?

সাতকড়ি। নিশি-দা।

শিবনাথ। (হেসে) তাই অমনি বিশ্বাস করলে সাতকড়ি ? গৌরীর বিয়েট। হয়ে যাক—তারপরে তোমায় দেখিয়ে আনব, কোথায় আমার দিদি গিয়েছে!

কোমবে গামহা-জড়ানো, গারে ফতুরা, নিশি হকার দিরে এসে পড়ল।

নিশি। বাং! বাং! বরষাত্রী কত হবে, তোমায় তাড়াতাড়ি জ্বেনে বেতে ৰলনাম সাতকড়ি, তুমি দিব্যি আডো জমিয়ে বদেছ। সাতকড়ি। না না, আড়া কোধায় ? কর্তাবাবুর সঙ্গে তো সেই সৰ কথাই—

সাতকড়ি ও শিবনাথ অগ্রন্ত হরে গেছেন।

নিশি। একটা কথা জিজ্ঞানা করতে কত ঘণ্টা লাগে? সবাই ফাঁক কাটিয়ে বেড়াবে তো একলা আমি কত দিক দামলাই ?

শিবনাথ। না না, তুমি যাও সাতকড়ি। যাও—

নিশি। ববধাত্রী এসে গেলে সঙ্গে সংক্ষ ভিতরের উঠানে বসিয়ে দেব। সাতকড়ি পাতাটাতাগুলো করে ফেলুক ততক্ষণ। আপনারা এদিকে দেখাশুনো করুন। আর, বিনোদকে ঠাকুরদের রান্নার কাছে রেখে দিয়েছি। বেটারা বিষম চোর—

निवनाथ चां प्रत्य प्रश्वि पिर्वान । निनि अञ्चारनाग्रह ।

সাতকড়ি। তুমি কোথায় রইলে মল্লিক-দা ? নিশি। আমি ভাঁড়ারে। না হলে জিনিসপত্র সমস্ত সরে যাবে। সাতকড়ি। আচ্ছা, আমি যদি ভাঁড়ারে থাকি, আর তুমি যদি ভোজের দিকটা দেখ—

নিশি। চুপ কর! তা হলে আর লোক থাওয়াতে হবে না।

নিশি ও সাত্ৰভড়ি চলে গেল।

ভূবন। নিশি কি করছে এথানে ?

শিবনাথ। না ভ্বন, নিশি খ্ব খটিছে। সকাল থেকে ভাঁড়ার আগলানো, লোকজন খাওয়ানো একা-একা সব করছে। ব্ঝতেই পারছ, লোকবল বড়ড কম—নিশি, সাতকড়ি, বিনোদ এরাই যা ভরসা।

ভূবন। তাতো বটেই!

[নেপথ্যে গোবিন্দ—এই ষে, এই দিকে, এই দিকে। আন্থন বড়বাবু—]

ভূবন ও শিবনাথ এপিরে গোলেন। রাজনোহন, গদা ও দশ-বারোজন বরবাতী প্রবেশ করল।
শিবনাথ ও ভূবন বরবাত্রাকের "আহন" "আহন" বলে আহ্বান করলেন। তাঁরাও আসন নিডে
বাডেন, এমন সময় নিশি প্রবেশ করল।

নিশি। এখানে আর বসানো কেন? ওদিকে পাতা তৈরি—একেবারে পাতায় গিয়ে বসলেই তো হয়।

রাজমোহন। হাঁা হাা, সেই ভাল। খাওয়াদাওয়া সেরে নাও তোমরা—

নিশি বরবাত্রীদের নিয়ে চলে গেল।

ভূবন। বস্থন বোসজা মশাই। (রাজমোহন বদলেন) বর আদে নি ? শিবনাথ। আর সব কথন আদবে ?

রাজমোহন। আসছে, এসে পড়ল বলে। বর আর বরের বন্ধুরা পিছনের নৌকোয়। আমাদের বড় পানসি, সময় লাগবে বলে আগে ছেড়েছি। ছেলেছোকরার কাণ্ড — বুঝলেন না ? তাস পিটছে, হারমোনিয়াম পাঁ্যা-পোঁ করছে, সিগারেট ফুঁকছে, হেলেহলে আসা হচ্ছে।

ভূবন। তা গোবিন্দ, তুমি বরের সঙ্গে এলে না কেন?

গোবিন্দ। আমি না হলে বড়বাবুকে রান্তা দেখিয়ে আনে কে? ঘাট পর্যস্ত অবশ্য ঠিকই আদতেন—তারপর?

রাজমোহন। খুব জায়গায় আপনাদের বাড়ি মশাই। উ:, এমন অন্ধ পাড়াগাঁ জন্মে দেখি নি। নেহাৎ ছেলেটা আর গিন্নি ঝুঁকে পড়লেন, তাই। নইলে এদেশে মামুষ আসে!

গোবিন্দ। তা বড়বাব্, আপনার কোন দিক দিয়ে তো লোকদান হয় নি।

যা চেয়েছিলেন, যোলআনা কড়ায়-গণ্ডায়—

রাজমোহন। তুমি চুপ কর। ঘটক-বিদেয় নেবার ফিকিরে ছেলেটার মাধা থেয়েছ।

গোবিন্দ। হেঁ-হেঁ-ভোজে, আমাদের যে ব্যবসা তাই করছি। ছ-হাত এক হয়ে গেলেই আমার পাওনাটা যেন পাই। রাজমোহন। দাঁড়াও, শুভকাজ চুকে যাক, ছেলে-বউ ঘরে তুলি—তারপর।
গোবিন্দ, দেখ না একটু এগিয়ে, বরের নৌকো আসছে কি না ?
গোবিন্দ। যে আজ্ঞে—

शाविनद्र श्रञ्जान ।

ভূবন। (ঘড়ি দেখলেন) প্রথম লগ্নে মিটে গেলেই ভাল। তার খুব বেশি দেরি তো নেই।

রাজ। আভ্যতিক হয়েছে ?

ভূবন। আপনারা না এসে পৌছলে—

রাজ। এসে তো গেছি। আভ্যুতিকে বসিয়ে দিন। এদিকে সব হয়ে থাকুক, আসা মান্তোর সম্প্রদান শুরু হবে।

ভূবন। হাঁ, হাা—বসিয়ে দিন কর্তামশায়। সেই ব্যবস্থা করুন তবে। পুরুত ঠাকুরকে বলুন।

শিবনাথ ভিতরে গোলেন ৷

রাজ। এতক্ষণে তো এসে পড়া উচিত। ব্ঝলেন মশায়, টেড়ি-কাটা
সিগারেট-ফোঁকা ঐ যে একদল ছোকরা হয়েছে—তাদের যদি একটু
দায়িত্বজ্ঞান থাকে। প্রশাস্ত থপ্পরে পড়ে গেছে, কি করবে? আমার
ভূল হল, প্রশাস্তকে আমাদের পানসিতে টেনে নেওয়া উচিত ছিল,
তারপরে যত রাত খুশি টহল দিয়ে বেড়াক ওরা।

ভূবন। ব্যস্ত হবেন না, সময় আছে এখনো।

রাজ। নিতান্ত এ লগ্নে না হয়, আরও চুটো লগ্ন আছে এর পরে। উতলা হবার কিছু নেই।

ভূবন। না-না, উতলা কেন হব ? আরও তো তুটো লগ্ন—

ভূলোর মা এল।

ভূলোর মা। ডাক্তার বাবু, ভিতরে আস্থন। বেহাই মশায়কে নিয়ে আস্থন। আভূয়তিকে বসছে, কনে আশীর্বাদ করে যান।

ভূলোর মা'র দক্ষে ভূবন ও রাজমোহন ভিতরে গেলেন।

নিশির ছুই ছেলে ক্রাড়া ও গাঁড়ো এবং ছুই মেরে থেঁদি ও চুলি প্রবেশ করল। থেঁদি "বাবা" বলে ডেকে ভিতর দিকে বাচ্ছিল—নিশি বেরিয়ে এল।

(थें मि। वावा!

নিশি। ইস, দেরি করে ফেললি। চার জনে তোরা এলি, মণ্টু-ঝণ্টুর কি হল ?

থেঁদি। মণ্ট ুজরে হাঁসফাঁস করছে। ঝণ্ট ুর ফোড়া টাটাচ্ছে।

নিশি। আচ্ছা, দাঁড়া তোরা। সদর-দরজায় এমন করে দাঁড়াসনে, গাছের ঐ দিকটায় যা। আড়া গাঁড়া, পাত্তোর নিয়ে আসতে বলেছিলাম তোদের—

ক্তাড়া। গামছা এনেছি বাবা---

গ্যাড়া। আমি এই হাঁড়ি। আর কিছু পাওয়া গেল না।

নিশি। আচ্ছা। হাঁড়িই সই—

নিশি সামছা ও হাঁড়ি নিবে ভিতরে ঢুকল। পরক্ষণে গামছার বাঁধা থাবার ও হাঁড়ি ভরতি লুচি নিরে এলো।

নিশি। চলে যা। ছোট্। কাল-পরশু ছ-দিন ধরে সকলে খাওয়া বাবে।
চট করে বাড়িতে রেখে ভোজে এসে বসে পড়্। থেঁদি-ছলি, ভোরা কি
করবি—তোরা দাঁড়িয়ে যা একটু—

স্তাড়া-গ্যাড়া ফটক দিরে ছুটে বেরুল। নিশি ভিতর খেকে চাঙারিভে করে নানান জিনিস নিবে এল।

নিশি। মাছ-ভাজা। দেখিস কি—পাঁচ-সাতথান। ঢুকিয়ে দে একসজে। এই রসগোলা—চালান কর্, চালান কর্—

থেঁদি। মাছ রসগোলা একসকে খাই কি করে?

নিশি। যাবে তো এক জায়গায়। শিগগির, শিগগির। কে কোন দিক দিয়ে এসে পড়বে। গিলে ফেল্। ভগবান গলার নলিও দের নি ভরোরের বাচ্চাদের ! · · দই চুমুক দে। এই দেখ, সারা মুখে মেখে ফেলেছে। মোছ, মুছে ফেল্—

(थेंनि। वावां विदय कथन ?

নিশি। বর এসে পৌছয় নি এখনো। বাড়ি চলে যা, ঝণ্টু-মণ্টু রয়েছে।

च्नि। विद्य प्रथव वावा।

নিশি। বিয়ের আবার কি দেখবার আছে ? বিয়েবাড়ির আদল হল খাওয়া। দে তো হয়ে গেল। যা, শিগগির চলে যা—

থেঁদি। আবার আসব। বাজি পুড়বে। উনু ভনলে চলে আসব বাবা---

থেঁদি ও ছলির প্রস্থান।

 * যুগল-তারকার অন্তবর্তী অংশ রঙমহল-মঞ্চে অভিনীত হয় না। তার বদলে নিয়লিথিত রপ অভিনয় হয়ঃ—

সাভকড়ি ও নিশির প্রবেশ—নিশির হাতে কলাপাতার ঢাকা ছুটো মালসা।

- নিশি। সাতকড়ি, যাও—এ ছটো আগে আমার বাড়ি দিয়ে এস। ছেলে-পুলেরা খায় নি ভাল করে।
- সাতকড়ি। থায় নি কি বলছ? আমি নিজের হাতে তোমার চার ছেলে, ছুই মেয়েকে ঠেসে থাইয়ে দিয়েছি।
- নিশি। বাজে বকো না। যা খেয়েছে—অর্ধেক রান্তিরে উঠে আবার চেঁচাবে। তথন দেখবে তুমি? আজ সারারাত তো আমার বাড়ি যাওয়া হবে না।—নাও।

সাভকড়ি বিরক্তভাবে মালসা দুটো নিরে চলে গেল। নিশি কটক অবধি গিরে সম্বর্গণে দেখে এল, সাভকড়ি ঠিক বাক্ছে কিনা।"

ভূলোর যা এনে গাড়াল।

ভূলোর মা। ই্যাগা মল্লিক মশাই, তোমার আক্রেলটা কি ? ভাঁড়ারে চাবি
দিয়ে এখানে চলে এলে ? ওদিকে মিষ্টির জন্তে লোকে হাঁ করে বদে
আছে। পিদিমা চাবিটা চাইলেন,—দাও।

নিশি। এই নাও। (টঁয়াক থেকে চাবি বের করে দিল) ভাঁড়ার হাট করে রাখলে কাজের বাড়ি এতক্ষণে কিছু থাকত? সব পাচার হয়ে বেত।

ভূলোর মার প্রস্থান।

মদন পাগলার প্রবেশ।

মদন। কর্তাবাবু, কর্তাবাবু!

নিশি। এই মরেছে। তুই এখানে কি করতে এলি? এখন যা। বা এখান থেকে।

মদন। কেন যাব? এ কি তোমার বাড়ি? কর্তামশায়ের বাড়ি।

নিশি। জানিস, এখন আমি এ বাড়ির কর্তা—

্মদন। কর্তানাহাতী!

নিশি। দেখ, পাগলামির সময়-অসময় আছে—ভাল চাস্ তো মানে মানে সরে পড়।

মদন। তুমি থাম: ! তোমার কাছে কি আমি টাকা ধারি বে, বা বলবে আমি তাই শুনব ? আমি সাতকড়িও নই, নকড়িও নই—আমি কানাকড়ি। হাঁা—হাঁা বাবা, থেয়ে বাব।

নিশি। কি বললি তুই ? আঁ্যা—খেয়ে যাবি ?

মদন। ই্যা—তৃমি থেমন তিন-তিনটে বউকে থেয়েছ, তেমনি তোমার হাড় থাব, মাদ থাব, চামড়া নিয়ে ডুগড়ুগি বাজাব। আমায় চেন না, আমি মদন—ই্যা—

ৰাড় বেঁকিরে চেরে রইল।

নিশি। বেরো, বেরো এখান থেকে। বিয়েবাড়ি এসেছে পাগলামি করতে! মদন। (চিংকার করে) না—যাব না—কিছুতেই নয়।…এসো, এসো না গায়ে হাত দিতে, হাত কামড়ে ছিঁড়ে নেব—

निरनाथ क्रज थारान करातन।

শিবনাথ। কি, হয়েছে কি?

নিশি। দেখুন না, থাবার জন্মে একেবারে হতে হয়ে ছুটে এসেছে। বলছি, কাল স্কালে আসিস—তা নয়, আমায় মারতে এল।

নিশির গ্রন্থান।

শিবনাথ। না না, তুই এখানে বোস মদন। বরষাত্রীদের থাওয়াটা হয়ে
গেলেই তোকে আমি দাঁড়িয়ে থেকে থাওয়াব।

রাজ:মাহন ও ভুবন ভিতর থেকে এসে দ'ড়ালেন।

রাজমোহন। তাই তো, এখনো এল না ? বড় ভাবনার কথা।
শিবনাথ। সত্যি, মনটা বড় অস্থির হচ্ছে। কী যে করব, ভেবে পাচ্ছি না।
রাজমোহন। (রাগত ভাবে) প্রশান্তর ঐ যে কতকগুলো বয়ু জুটেছে,
একের নম্বরের সব ফক্কড়। ধরে ধরে আইেপিটে চাবকাতে হয়। ছ্-হাঁড়ি
থিচুড়ি গিলে তারপরে কাঁদি কাঁদি ডাব পাড়িয়েছে। বলে, আপনারা
এগোন, আমরা ডাব থেয়ে যাচছি। ডাব, গুটির মাথা খাচছে।

शाबिमत्र थावन।

গোবিন্দ। ঘাটে তো কোন নৌকোর চিহ্ন দেখতে পেলাম না বাবু! রাজমোহন। আমার তো মাথা থারাপ হয়ে যাচ্ছে।

ভূবন। বদে থাকা যাচ্ছে না। ঘাটে আপনাদের নৌকো আছে ভো-চলুন খানিকটা এগিয়ে দেখি।

রাজনোহন। তাই চলুন-

* * যুগল-তারকার অস্তবর্তী কথা ক'টের জায়গার রঙমহল-মঞ্চে নিম্নোক্ত রূপ অভিনয় হয় :---

नीवरमव क्षरवर्म।

নীরদ। এই যে কাকাবাবু-

बांक्टभार्न। तक, नीवन ? ज्ञि त्य जांमत्ज भावत्व ना, त्मिन वनतन ?

নীরদ। আজে, তাই বলেছিলাম বটে। তারপরে মনে হল, বিয়েয় না এলে প্রশাস্ত বড় হুঃখ করবে।

রাজমোহন। কিন্তু প্রশাস্তর তো এখনো দেখা নেই। ভারা আলাদা নৌকোয় আদছিল, এখনও এদে পৌছল না।

নীরদ। তাই তো, বড় ভাবনার কথা।

রাজমোহন। তুমি আসবার পথে তাদের দেখতে পাও নি ?

নীরদ। না, আমি এসেছি সকালবেলা। এখানে আমার এক আত্মীয় আছেন, তাঁর বাড়ি এসে উঠেছি।

শিবনাথ। মাথায় আমার ষেন বক্সাঘাত হয়েছে! কি করব, ভাবতে পারছিনে।

नीत्रम। आत नग्न त्नरे ?

শিবনাথ। হাঁা, মাঝের লগ্ন পড়ে গেছে। এর পরে আরও একটা আছে— শেষ লগ্ন।

নীরদ। তবে ভাবনার কি আছে ? এর ভিতর ঠিক এসে পড়বে।
ভূবন । বসে থাকা যাচ্ছে না। আমরাও চলুন, থানিক এগিয়ে দেখে আসি—
রাজমোহন। তাই চলুন। নীরদ আদবে নাকি ?

নীরদ। আজ্ঞে, আমি সেই আত্মীয়ের বাড়ি একটু ঘূরে তারপর ঘাটের দিকে যাব।

(러--히--+

শিবনাথ ও সদন ছাড়া সকলে চলে গেল। শিবনাথ মাথার হাত দিরে বারান্দার বসে পড়লেন। মদন ধীরে ধীরে উঠল।

भाग । कडीवाव, कडीवावू!

শিবনাথ পাধরের মূর্তির মতো বসে আছেন।

মদন। কর্তাবাবু!

মন্দন। না-না কর্তাবাব্, আমি এখন খাব না। বর আহ্বক, তারপরে-

मक घूरल।

॥ দ্বিতীয় দৃশ্য ॥

সেই কামরা। আজুগারিক হরে গেছে, বরণণি ড়িভে গৌরী বসে। পুরোহিড, স্থরবালা এবং হুধা, লীলা প্রভৃতি করেকটি মেরে।

পুরোহত। আভ্যুতিক হল বিয়ের অর্ধেক। অর্ধেক বিয়ে হয়ে গেছে, জান মা ?
বাকি এখন সাত পাক ঘুরিয়ে ঘুটো ফুল ফেলে কন্যা-সম্প্রদান। বিধির
বিধান, এতকাল খাইয়ে পরিয়ে শেষটায় পরঘরি করে দেওয়া। • • কিন্তু
বড্ড রাত হয়ে যাচ্ছে—

স্থর। সেই তো ভাবনা। আমি যাই, দেখি ওদিকে কদ্র কি হল।

ञ्बरामा हरन शासन।

পুরোহিত। এ লগ্নেও হবে বলে তো মনে হয় না। শেষ লগ্নে—ষা ব্রুছি।
আমি গড়িয়ে নিইগে একটু। কনেই বা ঠায় বসে থাকবে কেন? দেরি
আছে, ঘুমিয়ে নাও গো মা ততক্ষণ।

পুরোহিত হাই তুলে চলে গেলেন।

স্থা। সুমৃতে বলে গেলেন, বুড়োমাছধের আর কত বৃদ্ধি হবে। সুম কি আসে আজ?

পৌরী। না, আসে না! হাকামা মিটিয়ে বাসরে একবার বেতে পারলে হয়।
ছধা। যা-ষা, বকাসনে। বিয়ে যেন আমাদের হয় নি! আজ বলে নয়,
ঘ্মের দফা রফা এবার থেকে। সে ঘুম্তে দেবে না, ভূইও ঘুম্বিনে।
ভারপর সারাদিন ধরে চুলবি, আর লোক হাসাবি।

গোরী। আচ্ছা, দেখিস, দেখিস—

শীলা। ও ভাই, আমিও বলেছিলাম। বাসরে গিয়েই ঢুলে ঢুলে পড়ছি। বড়দি বললেন, সারাদিন না খেয়ে নেতিয়ে পড়েছে, ক্ষমা দে তোরা এখন। মেয়ে-বউগুলো চলে গেল, ভদ্দরলোক উঠে তো ছয়ারে খিল দিল। তার পরে—না, আর বলব না, লজ্জা করছে।

(गोती। वन्, वन्-

স্থা। বল - শুনে নিক, শিখে নিক।

এक वर्शेत्रमी महिला-तक्रनीत थादन।

রজনী। চললাম বাছারা। বড় রাত্তির হয়ে গেল, গৌরীর বর আর দেখে যেতে পারলাম না।

হুধা। আর একটু থেকে যাও না মাসি—

রজনী। না, আজ চলি। ছেলেমেয়েগুলো ঘুমে ঢুলছে। আসি গৌরী। কাল সকালে না হয় একবার —

वक्षेत्र अञ्चान ।

দীলা। দেখ গৌরী, একটা কথা তোকে বলে দিচ্ছি। বর পেয়ে আদরে গলে গলে পড়বিনে। খবরদার ! খুব কড়া রকম ধাতানি দিবি। গৌরী! আমি তা পারব না লীলা—

লীলা। পারবি নে ? টের পাবি তা হলে। বর আর বাঁদর নাই পেলে কাঁধে চড়ে বসে। গোরী। (হাতভোড় করে প্রণাম করল) দেবতা, দয়াল ঠাকুর। ও-স্ব খারাপ উপমা কখনো দিবিনে লীলা। জানিস, মন্দিরে পিয়ে আমি আক্রকাল শ্রামফুন্তরের মৃতি দেখতে পাইনে, উনিই ঠাকুর হয়ে চোখের সামনে ভাসেন। কত দয়া, কত দরদ! দেবতারও অত দয়া হয় না।

হুধা। মর্ তবে তুই। ভোগান্তি আছে কপালে।

গৌরী। সতি্য ভাই, মরতে চাই আমি ঐ দেবতার পায়ের নিচে। মরেও তৃপ্তি! ঠিক কথা বলেছিস স্থা, ঘুম কি আসে? তিনি আসছেন— যত রাত্রেই আম্বন, এই বরণপি ড়ির উপর আমি জেগে বসে থাকব। এই পি'ড়ি বয়ে নিয়ে যাবে উঠানে, সাত পাক ঘ্রিয়ে রেখে দেবে তাঁর পাশে। আমার কত সাধের রাত, কত স্বপ্লের রাত আজকে!

लोती काथ वृक्तन, शानखक मृर्छि।

मक चूबन।

॥ তৃতীয় দৃশ্য ॥

শিবনাথের বাহির-বাড়ি।

নিবৰাৰ বারালার চুপ করে বনে আছেন। মদৰ এক পাশে। চিত্র-করা পি'ড়ি, আসন ও ঘটি হাতে ভুলোর মা'র প্রবেশ।

ভূলোর মা। কর্তাবাব্, পুরুতঠাকুর তো শুয়ে পড়লেন। বললেন, বিয়ের স্ব গোছগাছ করে রাখ—বর এলেই সম্প্রদান হবে। বর তো এখনো আসে না। শিবনাথ। কি জানি, কেন আসছে না এখনো। বিষম ভাবনার কথা হল ভূলোর মা।

ভূলোর মা। তা বরের বাপ কি বলেন ?

তৃতীয় অন্ধ: তৃতীয় দৃশ্য

বিলোদ প্রবেশ করল।

শিবনাথ। বরের বাপ আর কি বলবেন? তিনিও ব্যস্ত হয়ে থোঁজাখ্জি করছেন।

বিনোদ। কর্তামশাই, গতিক স্থবিধের নয়। আমার মনে হয়, খুঁজতে ধাবার অছিলায় বরের বাপ বোধ হয় সরে পড়ল।

ভুলোর বা উঠানে জল ছিটিয়ে কনের পি'ড়ি ও পুরুতের আদন পেতে দিয়ে চলে গেল।

শিবনাথ। না না, ভূবন রয়েছে সক্ষে আছা বিনোদ, বামনঘাটা থেকে এখানে আসতে তো এত দেরি হয় না! রাস্তা ভূল করল নাকি? বিনোদ। ভূল করবে কি করে? দাঁড়ি-মাঝিরা ঠিক নিয়ে আসবে। শিবনাথ।। তা-ও তো বটে! (দীর্ঘখাস ফেলে) আমার মাথায় গোলমাল লেগে যাচ্ছে বিনোদ।

শিবনাথ ভিতরের দিকে গেলেন।

বিনোদ। উ:, গা ছমছম করে—এই নাকি বিয়েবাড়ি! আমি পইপই করে বলেছিলাম—আগেভাগে থাইয়ে দিও না, থাওয়ার পিত্যেশে মাহ্মম্বন্ধন তবু বসে গুলতানি করবে! অবর্ষাত্রীগুলো কেমন নিশ্চিন্দি হয়ে মোমের মতন নাক ডাকছে—

बाबान्याय উঠে चरत्रत्र मामरन विश्कात करत्र छाकरह :

বিনোদ। ও মশাইরা, থেয়েদেয়ে কবে তো ঘুম দিচ্ছেন! উঠুন, উঠে পড়ুন সব। প্রথম লগ্নে হল না, পরের লগ্নও শেষ হয়ে বায়—বর আসচছে না কেন এখনো?

ডাকাডাকিতে বরবাত্রীরা ঘুম-চোপে বেরিয়ে এল।

প্রথম বরষাত্রী। কি বলছেন ? আচমকা ঘুমটা ভাঙিয়ে দিলেন— দিতীয় বরষাত্রী। মাঝরাতে ডাকাডাকি কেন ? হয়েছে কি ? বিনোদ। বর কোথায় ? জাত-যাওয়া কাও, মেয়ে আভ্যুতিক হয়ে বঙ্গে রয়েছে—বর খুঁজে নিয়ে আস্থন। প্রথম বরষাত্রী। আমরা আগে এসেছি, আমরা কি জানি?
বিনোদ। বর সঙ্গে না নিয়ে আসেন কোন বিবেচনায়? গাঙ-থালের রাজ্যি—
থেয়াল থাকে যেন। বর না এলে আপনাদেরও ফিরে যেতে হবে না।
বিতীয় বরষাত্রী। ভেবেছেন কি মশায়? অভন্র কথাবার্তা বলছেন।
বিনোদ। বলছি সতিয়কথা। খালের জলে চুবোব—অমনি ছাড়ব না।
আমাদের গাঁয়ের পুরো নামটা জানেন—ভধু বীরপুর নয়, ঠাঙাড়ে-বীরপুর।
প্রথম বরষাত্রী। জঘন্ত জায়গা—অতি হাছেতাই জায়গা—

ৰরণাত্রীর। ক্রত বেরিরে গেল।

মদন। (হাসতে হাসতে) চলে যাচ্ছ সব? যাও, আবার আসতে হবে। বিয়ে না হলে আমার যে খাওয়া হবে না!

ভূলোর যা কুল ও বরণকুলো নিরে এল।

ভূলোর মা। নাঃ, এমন কাগু বাপের জন্মে দেখিনি রে বাপু! স্বাই এসে গেল, বরের খবর নেই—

মদন। জান ভূলোর মা, আমার বিয়ের সময়ও ঠিক ঐ রকম। খুব ধুমধাম হচ্ছে, কনে ওদিকে ফুডুং করে পালিয়ে গেল। ভূলোর মা। তুই আর জালাদ নে বাপু।

निरनात्वत्र व्यवन ।

শিব। ও বিনোদ, বিনোদ! কী করা যায় এখন বল।

থট-থট আওয়াল। ঘোড়া ছুটিয়ে কে আসছে। আওয়াল খেমেছে। বহু বিশাস ছুটতে

ছুটতে এল।

বঙ্গু। সর্বনাশ হয়েছে।

শিব। কি ? কি ? কি হল, বল না ? চুপ করে আছে কেন ?

সৌরী ও বেরের বেরিরে এল।

बङ्ग । (कॅरन रक्नन) वरतत्र त्नीरका जूरव शिष्ट ।

नकरन चार्छना करत्र छेठेन।

্শিব। খ্যা, নোকোড়বি হয়ে গেছে ?

वित्नाम। अफ़ त्नरे, वाभी त्नरे—विन कि तत ?

বস্থ। আজে মশাই, ত্ই গাঙের মোহনা—চণ্ডীর দ'—এরা কিনা সবাই এক দিকে ঝুঁকলেন কুমির দেখতে! নৌকো এক দিকে কাত হয়ে ভূবে গেল। বিনোদ। বর কোথায়—বর প

বন্ধ। ভেদে গেছেন। কোটালের টান—কোন থোঁজ হল না বাবু।

बकु हत्न शान , महत्व शान ।

শিব। নৌকোডুবি হয়ে গেছে, নৌকোডুবি হয়ে গেছে—

শিवनाथ इंडाइंडरनद मर्टा वाम भएरान ।

कामियनो ७ ख्रवानाव थार्ग।

কাদখিনী। কি হয়েছে বাবা ? ও বিনোদ, কি হয়েছে ? বিনোদ। কোটালের টানে বরের নৌকোড়বি হয়ে গেছে। কাদখিনী। এঁয়া, কি বলছ ? প্রশাস্ত নেই ?

क्रुकरत्र (कैंग्ल डेर्फ्रांगन ।

ছরবালা। ঠাকুর ভামস্থলর, তুমি আমার খুব ডাক শুনেছ, খুব ভাল করেছ! জলজাস্ত ছেলে, রোগ নয় পীড়ে নয়, জলে ভেসে গেল! (গৌরীকে লক্ষ্য করে) ঐ যে অলক্ষ্ণে, রাক্ষ্ণী মেয়ে—ওকে ঘরে নিডে গিয়েই তো এমন সর্বনাশ হয়ে গেল!…এত লোক মরে, তুই মরিস নে কেন? মর্, মরে যা। গলায় দড়ি দিগে যা। ক্ষোর মধ্যে ঝাঁপিয়ে পড়্—

भोती किंख मुद्द मुद्द शगरह।

স্থরবালা। হাসছিন ? বড় বে ফুর্তি ! পরের ছেলে গিলে খেয়ে হাসি
বেরিয়েছে ? কড় তোর পেটে কিংধ—(ছুটে কাছে গিয়ে চুলের মৃঠি
ধরে টান দিলেন) খা, আমাকে খেয়ে ফেল।

क्या वांशा विन।

স্থা। আ:, কি করছেন কাকিমা—ওর দোষ কি? আপনি কি পাগল হলেন ? স্বরবালা। (কারার স্থরে) ইঁা মা, আমি পাগল। পাগল না হলে কি বিনি-দোষে হেনন্তা করি? সারাদিন জলবিন্দু মূথে দেয় নি মাণিক আমার! কত আশা করে বসেছিল—আজ তার কত সাধ!…ও স্থা, ও ঠাকুরঝি, দেখ দেখ, গৌবী যেন কেমন করে তাকাচ্ছে—হাসছে—

গৌরী দশব্দে হেদে উঠল। উত্থাদের মতো বিকট হাসি হাসছে।

- স্থরবালা। ও মা, তুই হাসিসনে অমন করে। আমার ভয় করে। কাঁদ, কাঁদ্—একট্থানি কাঁদ্। গরিবের মেয়ে হয়ে জন্মেছিস, কেঁদে কেঁদে বুকের বোঝা হালকা কর্।
- গৌরী। (প্রাণপণে কারা চাপছে) না—না, আমি কাঁদব না—(মাথা নাড়তে নাড়তে) কিছুতে কাঁদব না—
- ছথা গোরীকে টেনে নিয়ে গেল। বারাপ্তার বারে নিবনাথ পাবাণমূতির মতো বনে। ফ্রবালা সেদিকে ছুটে গেলেন।

च्यावाना । बावा, वाबा त्या, এ कि इन वाबा ?

আকুল হরে আহছে পড়লেন।

শিবনাথ। বউমা, কি করব মা? আমি কি করব ?

कथा ब्लाभाष्क् ना निवनात्थन मूर्य ।

স্থ্রবালা। (কাঁদতে কাঁদতে) না থেয়ে, না দেয়ে, সাতরাজ্যি ঘূরে নাতনীর জন্মে কভ সাধের বর এনেছিলে। কোথা থেকে কী হয়ে গেল বাঁবা।

তৃতীয় অহঃ তৃতীয় দৃশ্য

भूरताहिक ७ मन्दनत्र व्यादन ।

কাদস্বিনী। চূপ কর বউ, চূপ কর। আমরা ভেঙে পড়লে উপায় কি হবে ? পুরোহিত। দেখুন, যা হবার সে তো হয়ে গেল। সবই বিধাতার নির্বন্ধ। আভ্যতিক হয়ে গেছে, ও মেয়ে তো ঘরে রাখা যাবে না—

স্থরবালা। কে তাড়ায় দেখি আমার মেয়ে!

পুরোহিত। অব্ঝ হোয়ো না মা। জাত-কুল রক্ষে করতে গেলে রাভের মধ্যে একজন কারো হাতে ওকে সঁপে দিতেই হবে। নইলে রাভ পোহালে—

শিবনাথ। (উঠে দাঁড়িয়ে) কিন্তু কাকে পাব এখন ? সোনার প্রতিমা আমি কার হাতে সঁপে দেব ?

সাতক জি। এ পাড়ায় আপনাদের স্বঘর বলতে ঐ মল্লিক-দা। কিন্তু তার সঙ্গে কি---

কাদস্বিনী। যা গতিক—এখন তো দেখছি, নিশি ছাড়া কোনও উপায় নেই সাতক্তি।

বিনোদ। (অস্ট খরে) কী সর্বনাশ! নিশি-দার সঙ্গে গৌরীর বিয়ে?
স্থারবালা। তুমি বলছ কি ঠাকুরঝি?

কাদখিনী। বলছি কি সাধ করে বউ ? জাত ধাবে, লোকে কুচ্ছো করবে, মেয়েকে আধ-কপালে বলবে—সারা জীবনে আর ওকে কেউ ঘরে নেবে না। তার চেয়ে তো তাল ?

শ্বরণালা। অমন কথা মুখেও এনো না ঠাকুরঝি, গৌরী ভা হলে মরে শাবে। আমি বেমন ওকে জানি, কেউ তোমরা জান না।

পুরোহিত। এ লয়ের আর বেশি সময় নেই কিন্তু পিসিমা। আমি নার্রায়ণশিলা এনে ফেলি, আপনারা তাড়াতাড়ি ঠিক করে ফেলুন। কপালের
লিখন, আমরা কি করব! নইলে এমন কাণ্ড কে কবে শুনেছে?

কাদখিনী । বাবা, নিশিকেই তা হলে ডাকতে পাঠাই ? আর তো ভাবনার সময় নেই।

निवनाथ कथा वनतान ना।

- মদন। তার চেম্বে হাড়িকাঠে পুরে বলি দাও মেয়েকে, হাড়িকাঠে পুরে বলি
 দাও---
- কাদম্বিনী। আ:, তুই আর জালাসনে! সাতকড়ি, নিশিকে ভেকে নিয়ে এসো বাবা।
- সাতকড়ি। হাা, ত্মার ষথন উপায় নেই—ডাকতেই হবে।

সাতকড়িও মদনের প্রস্থান।

স্থরবালা। সত্যিই আমার মেয়েকে বলি দেবে ? আমি তা চোখে দেখতে পারব না, আমি তা চোখে দেখতে পারব না। ঠাকুর শ্রামস্থলর, এ তুমি কি করলে ?

স্থাবালা ক্রন্ত ভিতর দিকে ছুটলেন। অক্ত বে ক'ট বেরে ছিল, তারাও গেল।

বিনোদ। না, গতিক ভাল নয়। চলি। এ বিয়ে দেখতে পারব না আমি, এ বিয়ে দেখতে পারব না।

वित्नारमञ् थन्तान।

শিবনাথ। কেউ দেখবে না তো, আমিই দেখি ছ্-চোখ মেলে। সিঁথির সিঁত্র মুছে কাদি শশুরবাড়ি থেকে চলে এল, দেখলাম। গোপাল মারা গেল, চিরকালের ভূষণ্ডী কাক হয়ে তা-ও দেখলাম। নাতনীর বিয়েও দেখব আজকে। আর কত দেখাবে ঠাকুর—আর কত দেখাবে ? তার আগে আমার এই চকু তুটো অন্ধ করে দাও। জন্মের মতো অন্ধ করে দাও। ॥ ठड्रथ मृश्र ॥

প্রামের রাজা।

मान गारेए :

রাধা কাঁদে, কি হবে উপায় ? নয়ন-জলে ঢেউ উথলে

ভূবন ভেসে যায় গো॥
পত্র নড়ে, বাতাস বহে;
অঙ্গ জ্বলে বিষের দহে;
কাঁদাসনে আর তোর রাধারে, ধরি ছটি পায় গো॥
জাগে রাতের চক্র-তারা, জাগে দীপের শিখা,
চোখেতে পলক নাহি, জাগে শ্রীরাধিকা;
ডাকছে আকুল আঁথির নীরে,
ফিরে এস, এস ফিরে—
(তোমার) আদরিণী গরবিনী ধূলিতে লুটায় গো॥

* * ॥ शक्य मृश्रा

শিবনাশের বাহির-বাড়ি। শিবৰাথ আচ্ছল্লের মতো বারাশার বসে আছেন। পারের কাছে কাদখিনী।

নিশি। সাতকড়ি নাছোড়বান্দা। কিন্তু তিন তিনবার ঘরের লক্ষ্মী গৃহশৃত্য করে গেল, আর আমার ওদবে কচি নেই।

পঞ্চন, বঠ ও সংগ্রম দৃশ্র রদবদল হয়ে একয় একটিয়ায় দৃশ্রে রঙমহল-য়ঞ্চে অভিনাত হয় ।
 পরিশিয়য়পে সেই অংশ পৃথকভাবে হাপা হল ।

- কাদ। তুমি রক্ষে না করলে উপায় নেই বাবা। তা ছাড়া, তুমিই তো কথা তুলেছিলে গেল বছর।
- নিশি। হাঁা, ছেলেপুলের কট দেখে। কিন্তু তথন যে না করলেন। ভাবলেন, লাটবেলাট সব জামাই হয়ে ছাঁদনাতলায় বসবে। তথন হলে হত, এখন মন তিত্বিরক্ত হয়ে গেছে।
- সাতকড়ি। কিন্তু এই তো সেদিনও তুমি—
- নিশি। (চাপা গলায় তাড়া দিয়ে উঠল) তুমি এগৰ কথায় থেকো না সাতকড়ি—
- কাদ। আর কত থেলাবে নিশি? সকাল হলে সর্বনাশ হয়ে যাবে, তথন আর কিছু বলতে যাব না।
- নিশি। তা বেশ —এত করে যখন বলছেন, দায়-উদ্ধার করতেই হবে। কিন্তু স্পাষ্ট কথা—গয়না-বরশয়া খাট-পালত্ব যা-কিছু দিচ্ছিলেন, তার এক পাই এদিক-ওদিক হলে চলবে না। নগদও কিছু চাই। হয়তো বা মনে করলেন, গাঁয়ের ছেলে, আর ইয়ে মানে—আকারে একটু ভারিকি মতন হয়েছি…কিন্তু আমার দিকটাও বিবেচনা করবেন। বাড়ির এক পাল ছেলেমেয়ে, বাইরের মাছ্যজন—সকলের মুখ বন্ধ করতে হবে।
- কাদ। সমস্ত পাবে নিশি, ফর্দমতো তৃমি মিলিয়ে নিয়ো। আর দেরি করো না। নিশি। বেশ, আহ্বন পুরুত মশায়।…চাদর একখানা জড়িয়ে বসতে হয় বে! ষাক্রে, যাক্রে, গামছাই সই—

त्कायदात्र भागका थूल भारत बड़ान, दिल्य माथात्र पिन । भूदाहिक अपन वमलन ।

রাত তুপুরে এখন মন্তরের বন্তা খুলে বদবেন না ঠাকুর মশায়— পুরোহিত। বিয়েথাওয়ার কান্ধ, চালাকি ?

নিশি। রাথুন রাথুন। যোড়শোপচার, পঞ্চোপচার, আবার তিল-উচ্ছুগ্য করেও পারেন আপনারা। অনেক বিয়েকরা আছে, শর্মার কাছে দর বাড়াবেন না। শাত। চুলি ব্যাটারা তো কদমতলার ঘাটে পড়ে পড়ে ঘুমুদ্ছে।

নিশি। ঘুমুকগে, বাজনায় কাজ নেই। ঢোলের শব্দে পাড়ার লোক জমবে। হিংস্থটে মাহ্যজন—নানান জনে নানান কথা বলবে। কাজকর্ম চুকে যাক, তথন যত খুশি ঢোল বাজিও। সাত পাকের বিয়ে, তিন সাতে একুশ উন্টো পাক দিয়েও আর খোলবার জো নেই। কেই, হল আপনার ঠাকুর মশায় ? সর্দির ধাত—রাত্রিবেলা চানটান করতে পারব না। গলাজল ছিটিয়ে শুদ্ধ করে নিন আমায়। আচমন করে নিচ্ছি—ল্রীবিফু, ল্রীবিফু, ল্রাকাক্ষং স বাহাভান্তর: শুচি:। নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাসতে বিফুতেজদে জগৎ সবিত্রে শুচয়ের দবিত্রে কর্মদায়িনে ইদমর্ঘাং ও নমঃ ল্রীস্থায় নমঃ করে গো, কনে নিয়ে এস না, কনে ছাড়া বিয়ে হবে কি করে ? কনে—

পুরোহিত। দাঁড়াও, এদিকার হয়ে যাক।

নিশি। দাঁড়াতে গেলে এ লগ্ন ফেল হবে। শুভশু শীজং। এই কর্ম করে করে চুল পাকিয়ে ফেললাম, আমায় কিছু শেখাতে আদবেন না। দেখুন তবে, আমিই দব করছি। আপনি নমো নমো করে যান শুধু—

গৌরী এল। সঙ্গে সাতকড়ি, ভূলোর মা ও হুণা।

পুরোহিত। আরে ছি: ছি:, পি'ড়িতে বদিয়ে আনতে হয় বে!

নিশি। (চটে উঠল) ঠিক আছে। ফোড়ন কাটবেন না ঠাকুর মশায়। বসিয়ে দাও—কনে বসিয়ে দাও এবার বাঁয়ের পিঁড়িতে। হাত-পা কোলে করে বসে আছেন যে কর্তা মশায়—বসে পড়ুন এখানটা। সম্প্রদান করবেন। ও সাতকড়ি, নিয়ে এস—

সাত্ৰকড়ি শিবনাশের হাত ধরে আনল। ব্যবচালিতের মতো শিবনাশ এনে বসলেন।
পুরোহিত। এমন জন্মে দেখিনি বাবা! আলো নেই, বাজনা-বাছি নেই,
মামুষজন নেই,—বিয়েবাড়ি নয়, যেন ভূতের বাড়ি। গা ছমছম করে।…

মেয়েরা যে রা কাড়ো না গো! বাজনদার ভেগেছে, তা উলু দিতে পার না তোমরা কেউ ?

শিব। উনুদাও, উনুদাও—গোরী-দিনি বিদেয় হয়ে যাচ্ছে, আমার দিদি-ভাইয়ের সাধের বিয়ে—উলুদাও তোমরা।

কান। বিধবার যে দিতে নেই। স্থা এয়ো-মাহ্য আছিস, তুই দে—

स्था (हरें। करन, किंद्ध स्विष्ध इन ना ।

স্থা। পারছিনে — গলা কাঠ হয়ে গেছে পিশিমা, আমি পারছিনে।
গৌরী। আমি পারব — আমি পারব—

সহসা থাকি দিয়ে গৌণী নাখাৰ কাপড় কেনে দিল। পি'ড়ি থেকে উঠে পড়েছে। উদ্ভান্ত দৃষ্টি। প্রবেল কঠে নে উলু দিছে। সমস্ত উঠানে ছুটাছুটি করে উলু দিয়ে বেড়াছে। হ্রবালা ছুটে এনে ভাকে জড়িয়ে ধরলেন।

স্থর। থাক্ থাক্, হয়েছে। ও গৌরী, ওরে মা আমার, শাস্ত হ—শাস্ত হ— শিবনাথ উঠে পড়লেন।

শিব ! দিদি, অনেক উলু হয়েছে। চুপ কর।
পোরা খিণখিল করে হাদছিল, হঠাৎ চুপ করল।

গৌরী। চুপ করব? কেন? বিয়েয় আনন্দ করব না?
শিবনাথের কাছে দে ছটে এল।

আমার বিয়েয় বাজনা বাজছে না দাহ, উলুটাও কেউ দিচ্ছে না। কেন দাহ, কেন ?

শিবনাথ চুপ করে আছেন। তথন গোরী মারের দিকে এলো।
মা, আমার বিয়ে হচ্ছে — তুমি উলু দাও। তুমি উলু দাও মাগো—
হরবালা ভূকরে কেনে উঠলেন।

কাঁদছ ? আমিও কাঁদি তবে-

মারের বুকে মুখ রেখে দে কাঁদছে। কুদ্ধ নিশি পি'ড়িতে দ'ড়িরে পড়ল।

নিশি। দেখুন, ভাল চান তো মেয়ে পিঁ ড়ির উপর বসিয়ে দিন।

স্থব। মেয়ে আমার পাগল হয়ে গেছে। একটু ঠাণ্ডা হোক।

নিশি। পাগল না হাতী! পুরো দিনরাত্রি উপোসি আছে—তার উপর একবার এর সঙ্গে বিয়ে, একবার ওর সঙ্গে বিয়ে! আমাদের পাকা মাথা ধারাপ হয়ে যায়, এ তো এক ফোঁটা মেয়ে। কিছু না, এক্ষ্ ঠিক হয়ে যাবে। লগ্ন চলে যায়—শুভন্ত শীভ্রং। দিন, বসিয়ে দিন পি'ড়িতে।

কাদবিনী গৌরীকে কনের পি ড়িভে বসালেন।

কারা আদে ? এই রে:, আমারই পঙ্গপাল!

স্থাড়া, গাঁড়ো, খেঁদি ও ছলি ফটক দিয়ে চুকল।

থেঁদি। বর এসে গেছে। উলু শুনে ছুটে এলাম বাবা—

গ্যাঁড়া। এ কি বাবা, বর তো তুমি!

নিশি। কি করি! এঁদের মহা বিপদ। পাড়া-প্রতিবেশী ধরে পড়লে না বলি কি করে?

গ্যাঁড়া। না না, বিয়ে করতে দেব না তোমায়।

দাত। স্থাত-যাওয়া কাণ্ড। দেব না, বললেই হল ? জ্বাত যাবে এঁদের, সমাজে পতিত হবেন—

খেদি। ছোট-মা'কে বাবা মেরে ফেলেছে। আমি জানি, সমন্ত চোখে দেখেছি, কাউকে বলিনি এদিন।

গৌরী। মেরে ফেলেছে তোমার মাকে?

খেদি। হাা। জ্বে কাঁপতে কাঁপতে রামা করেছে, ছন দিতে ভূলেছিল, তাইতে এক চড় কানশিরে। তারপর গলায় দড়ি ঝুলিয়ে রটিয়ে দিল, গলায় দড়ি দিয়ে মরেছে।

নিশি। (হকার দিয়ে উঠল) এইও থেঁদি—

- থেঁদি। মারবে ? ফেল মেরে। পরের মেয়ে নিয়ে গিয়ে আবার ছোট-মা'র মতন মেরে ফেলবে, আমরা তা কিছুতে হতে দেব না। তার চেয়ে নিজের ছেলেমেয়ে মারো—
- গৌরী। (আতকে কাঁপছে) ও মা, ও দাহ, আমায় বাঁচাও। মেরে ফেলবে আমায় নিয়ে গিয়ে।
- নিশি। বাব্দে কথা, মিথ্যে কথা। শুয়োরের বাচ্চারা ভণ্ডুল দিতে এসেছে।
- কাদ। মারবে কেন, কত আদর্যত্ব করবে দেখিস। আগের তিন বউয়ের বাক্স-ভরতি গয়না—সমস্ত তুই পরে বেড়াবি।
- গৌরী। চাইনে গয়না, কিছু চাইনে। ও মা, ও দাত্ব, আমায় বাঁচাও। বিয়ে দিও না, আমি বিয়ে করব না—

গৌরী পি ডি থেকে উঠতে গেল। নিশি সজোরে হাত খরে বসিয়ে দিল।

- পৌরী। উত্ত-ত্, হাত ভেঙে দিয়েছে। ও মা, আমায় খুন করবে, বাঁচাও। গাঁাড়া। বাড়ি চল বাবা—
- নিশি। বাড়ি যাব, নয় তো কি ঘরজামাই থাকতে এসেছি? যাব, এই কাজটুকু সেরে দিয়ে।
- গ্যাড়া। নন্ট ুহাঁসফাঁস করছে, এক'শ-পাঁচ জ্ব-এক্লি চলো-

নিশির হাত ধরে টানছে।

- নিশি। মাথায় জল ঢাল গিয়ে এখন। বললাম তো, সকালবেলা যাব তোলের নতুন-মাকে নিয়ে।
- গ্যাড়া। না, না এক্ণি-

চার ছেলেমেরে নিশিকে টানাটানি করছে। পৌরী এই কাঁকে পিঁড়ি থেকে উঠে পালাল।

निनि। ४१-५१-

গৌরী তথন ফটক অবধি গিরেছে। নিশির কথার মুখ কিরিয়ে উলু দিরে উঠল। উলু দিতে দিতে প্রায়পথে অনুক্ত হল। সাত। বিয়ের কনে পালায়, এ কি তাজ্বব ! আহ্বন কর্তামশায়, দাঁড়িয়ে কি দেখছেন ?

শিবনাথও চললেন ভাদের সঙ্গে। নিশিব সঙ্গে তথন ছেলেমেয়েদের ধভাধন্তি চলছে।

নিশি। ভেবেছিদ কি, বড় বাড় বেড়েছে। খুন করব সব, রক্তগঙ্গা বইয়ে দেব। ছুঁচো-ইত্রপ্তলোকে বধ করে নির্বংশ হব আমি—

হাতের থাকার পারের লাখিতে ছেলেমেরেদের হিটকে কেলে, মাধার টোপর খুলে দাওরার উপর রেখে নিশিও ছুটল।

मक घुवन।

* * ॥ ७४ मृश्रा

ৰোপ-জন্সলৈ ভরা গ্রামের হ'ড়িপথ। শিবনাথ ও সাতকড়ি গৌরীকে খুঁজে বেড়াচ্ছেন।

শিব। ও গৌরী, দিদি-ভাই, গরবিনী দিদি আমার! সাত। গৌরী!

শিব। কোথায় আছিদ, দাড়া দে দিদি। আর যে পারিনে! হাতে পায়ে
থিল ধরে আসছে আমার।

সাত। গেল কোথায় এর মধ্যে ? কর্পুরের মতন উবে গেল খেন। শিব। গৌরী, দিদি-ভাই—

আপুরে গাছের নিচু ভালে গৌরী পা ব্লিরে বসে আছে। কারও দেদিকে নজর পড়ে বি। হঠাং উলু দিয়ে উঠল সেখান থেকে। উলু, উলু, উলু—

শিব। ঐ যে—ঐ দিদি আমার। এখানে লুকিয়ে বদে তুই ? চলে আয়। পারী। না, বাব না। আমায় খুন করবে। বল, বিয়ে দেবে না। তবে বাব।

(4-8-1

- শান্ত। আঃ, বিয়ের কনে ঐ বকম বলে বৃঝি! মন্ত্রিক-দার ছেলেমেয়ের। কি বলে গেল, তাই অমনি সত্যি ধরে নিলে ? ওসব ভাংচির কথা।
- গৌরী। ষত্বঅভি করবে, তিন বউয়ের গয়না আমার দর্ব গায়ে পরিয়ে দেবে—হি-হি-হি! (পাগলের হাসি। সহসা সে গজীর হল) চাইনে বত্ব, চাইনে কিছু ···ও দাহ, সবাই এরা এক দলের। সবাই হুশমন। আমি বিয়ে করব না, আমায় বাঁচাও—
- শিব। ভয় নেই, দেবো না বিয়ে। চুলোয় যাক জাত, চুলোয় যাক সমাজ। চলে আয় দিদি, বাড়ি আয়। আমি সম্প্রদান করব না।

निनि इहेट इहेट बन।

- নিশি। সম্প্রদান করবেন না—চালাকি! অর্ধেক বিয়ে তো হয়েই গেছে।
 নিজের ছেলেমেয়ের হাতে নাজেহাল হলাম, দশের কাছে মুখ ছোট হয়ে
 গেল—এক কথায় অমনি কেটে দিলেই হল, দেব না বিয়ে!
- সাত। নাঃ, তোমারও বৃদ্ধিশুদ্ধি লোপ পেয়েছে মল্লিক-দা। ভূলিয়ে ভালিয়ে নিয়ে তুলতে হবে তো বাড়ি!

গৌরী নেমে দাঁড়িয়েছিল। আধার দে ডালে চেপে বদল।

- গৌরী। ভূলিয়ে নিয়ে যাচ্ছ, ও দাহ ? আমি বিয়ে করব না, বাড়ি আমি যাব না।
- নিশি। তোর ঘাড় যাবে। পড়েছিস শমনের হাতে অসমি হলাম নিশি মল্লিক, তিন-তিনটে তাগড়া বউ সায়েন্তা করেছি—তুই তো এক নেংটি ইছুর! আয়, নেমে আয় বলছি—
- বিশি রাবে রাবে গৌরীর পা ধরে টান দিতে দে মাটিতে পড়ে গেল। বিবম লেগেছে। গৌরী বাঁপিরে পড়ল নিশির উপর। কিল-১ড় বারছে। নিশিও সহজ পাত্র বর। গাছের ভাল ভেঙে নিরেছে। সাতকড়ি ঠেকাতে বার। শিবনাথ আত্রনায় করছেন।
- সাত। করছ কি মল্লিক-দা ? শিব। পাগল হয়ে গেছে দিনি আমার…মারধোর কোরো না বলছি, থবরদার !

নিশি। উত্ত, আমায় মারবে, আর আমি ফুল-বিবিপত্তে প্রেশ করব। সেরান পাগল। তাতে-পারে ধরে বরাসনে বসিয়ে শতেক রকমে হেনন্ডা করে এখন বলেন, বিয়ে দেব না—

गथःगारमञ्ज मरश मक यूत्रम ।

* * ॥ সপ্তম দৃশ্য ॥

শিবনাধের বাহির-বাড়ি। পরিভ্যক্ত বিরের আসর। স্থরবালা কাঁদছেন, হথা তাঁর চোধ মুছিরে দিল।

স্থা। কাঁদছেন কাকিমা? কাঁছ্ন, কাঁছ্ন। কপাল করে এসেছেন বটে। মেয়ের কপাল, মা'র কপাল, বুড়ো দাদা মশায়ের কপাল।

স্থর। স্থা, উনি বেদিন চলে গেলেন—কি বলব তোকে, এক ফোঁটা মেয়ের মৃথে তাকিয়ে আমি বুক বেঁধেছিলাম। গৌরীর আমার স্থ-শান্তি হবে, সোনার সংসার হবে, কার্তিকের মতো বর হবে। যা-কিছু চেয়েছিলাম, বিলিক দেওয়ার মতন সমস্ত একবার দেখিয়ে ঠাকুর কেড়ে নিলেন।

কাছাকাছি কোখার ঢোল-কাঁসি বেলে উঠল।

কাদ। কদমতলার ঘাট দেখে দেখে বাজনদাররা ফিরে আসছে।

স্থর। ঠাকুরঝি, মানা করে এস, উঠোনে না ঢোকে। বাজনা থামাক, চলে যাক ওরা। কান আমার ফেটে চৌচির হয়ে যাচ্ছে।

স্থা। এক্ষি গৌরীকে নিয়ে আদবে। কদূর আর যাবে?

কাদ। শেষ-লগ্নের ভিতরে হয়ে গেলে যে হয়! হাত-পা বদে যাচ্ছে যেন আমার—

স্থর। না। না আসে যেন আর গৌরী—

কাদ। বলছ কি বউ? আদবে না তো যাবে কোথায়?

স্থর। কত জায়গা আছে হতভাগীর! জন্দে দাপ আছে, জোয়ারের গাঙ

আছে। নিশি মল্লিকের ঘরের চেয়ে গাঙের জল অনেক ঠাণ্ডা, সাপের বিষে অনেক আরাম।

স্থা। ছি: কাকিমা, মা হয়ে এ আপনি কি বলছেন ?

স্থর। মা হয়ে আমি ঠাকুর শ্রামস্থলরের কাছে চাইছি—ঠাকুর, এই একটু দয়া কর, মেয়ে যেন আমার না ফিরে আদে!

कान। बाह, बाह !

চোলের বাঞ্চনা খুব নিকটে এসেছে। বিভা কটকের পথে ছুটতে ছুটতে এল।

বিভা। বর নিয়ে এলাম, ও কাকীমা। জলকাদা ভেঙে ছুটছিলেন, নৌকোয় তুলে নিয়ে এলাম…এ কি, লোকজন কোথায়? উঠুন স্বাই। বর এসেছে। বাজনা বাজিয়ে বর নিয়ে এসেছি।

প্রশাস্ত ও বিভার মামাকে গেটের পথে দেখা গেল। চুলিরা পিছনে। প্রশাস্তর মামার হাতে হাতিকেন। প্রশাস্তকে দেখে সকলে ভঙ্কিত।

কাদ। নৌকোড়বি হয়েছে, ভৃত হয়ে এল নাকি ?

প্রশাস্ত। নৌকোডুবি?

বিভা। ষড়যন্ত্র—আমি শুনেই আপনাকে বলেছিলাম।

স্থা। কি হয়েছিল?

প্রশাস্ত। তাব-টাব থেয়ে দকলে ঘাটে এদে দেখি নৌকো নেই। দাঁড়ি-মাঝিরাও থাওয়া-দাওয়া করতে উপরে উঠেছে। সবাই বলে, কাছি খুলে নৌকো ভেদে গেছে—

বিভা। মতলব করে নৌকো সরিয়েছে।

প্রশাস্ত। থাল-বিল ভেঙে হস্তদন্ত হয়ে ছুটলাম। ভাগ্যিস বিভা দেবী দেখতে পেয়ে তাঁর নৌকোয় তুলে নিলেন—

স্থা। ঘোড়া ছুটিয়ে এদে থবর দিয়ে গেল, সে মাহ্যটাকেও তারণর আর দেখা গেল না।

ৰাইরে হুটোপাটি। সদন পাগলা ও বিনোদ বহু বিগাসের টুটি ধরে ধাকা সেবে কেলে দিল উঠানে। সংজ্ঞানকরেক বলিষ্ঠ চাবা যুবক। विताम। এই-এই भग्नजान तोकां पुनित थनत मिरम्हिन।

মদন। আমার কেমন সন্দেহ হল। গাঙে থেয়া ছিল না,—দেখি, ঘোড়া নিয়ে দেইখানে বেটা আটকে আছে। সরে পড়তে পারে নি। ঘাড়ে ছটো রন্দা কষিয়ে দিতে সমস্ত বেরিয়ে পড়ল। • বল্ বেটা, সমস্ত খুলে বল্ এঁদের সামনে। নয় তো জ্যাস্ত পুঁতে ফেলব।

বঙ্গ। আমি কিছু জানিনে। মল্লিক মশায় পঞাশটা টাকা দিয়ে বলেছিল, নোকো দরে গেলেই ঘোড়ায় চড়ে খবরটা দিয়ে আদিদ। নোকো কারা দরাল, কোথায় নিয়ে গেল—দোহাই ধর্ম, একেবারে কিছু জানিনে আমি—

গৌরীর আত চিংকার শোনা পেল।

গৌরী। যাব না, বিয়ে করব না আমি। ও দাত্, আমায় বাঁচাও। ও মা—
গৌরীর হাত ধরে হিড়হিড় করে টেনে আনছে নিশি। সাতকড়ি ও শিবনার পিছবে
পড়ে গেছেন।

निनि। विदय कदत्व ना, देशकि।

দাওরার উপর থেকে টোপরটা নিরে নিশি মাথার পরল।

পুরুতঠাকুর মশায়, আহ্বন—শেষ লগ্ন-এখন যদি মেয়ে ফের বেয়াড়াপনা শুরু করিস, কেটে কুচি-কুচি করে ফেলব।

গৌরী। ও মা, আমি বিয়ে করব না-

স্থর। উঠোন আলো করে বর দাঁড়িয়েছে। কেন করবে না বিষে? নিশি। নিশ্চয়, নিশ্চয়—

গৌরী। মা মাগো, দেখ, রক্ত বের করে দিয়েছে। তও শিসি, বিয়ে হলে গয়না পরাবে বলেছিলে—বিয়ের আগেই সারা গায়ে কত গয়না দিয়েছে দেখ। গয়নায় মুড়ে দিয়েছে। এই দেখ, কানে দিয়েছে মুক্তো-ঝুমকো, গায়ে তোড়াগুজরি—

ध्यक्रांद्रिक मांश (मबाएक ।

বিভা। পশু!

এডকণে গৌরীর বিভার দিকে দৃষ্টি পঁড়ল।

- গৌরী। বিভা, ওরে বিভা, তুই ছিলিনে, হাড়িকাঠে পুরে আমায় বলি দেবে। তুই বাঁচা—
- বিভা। আমি তোর বর নিয়ে এলাম গৌরী। দেখতে পাদনি—দোনার বর, তোর শ্রামস্থলর দয়াল ঠাকুর!
- ৰকুলগাছের ছারাজকারে প্রশান্ত দাঁড়িরেছিল, গৌরী এতকণ দেখেনি। বিভা প্রশান্তর হাত ধরে থালোর টেনে বিরে এল। বিশির মাধা থেকে টোপর তুলে বিরে মদন প্রশান্তর মাধার পরিরে দিল। ঝিকি মিকি হাসি কুটল গৌরীর মুখে।
- বিভা। দেখ, চোখ ভরে দেখ সকলে। সোনার বর কেমন দেখাচ্ছে গৌরীর পাশে!
- পৌরী। কোথায় ছিলে ঠাকুর ? রাত পোহায়ে যায়, এত দেরি করতে হয়!
 এই দেখ—আমায় মেরেছে, কেটে কেটে গিয়েছে।

ভূবৰ ও রাজমোহন ক্রত এসে চুকলেন।

- রাজমোহন। উ:, দর্বনেশে কাণ্ড! এমন পাজি এ জায়গার মান্ত্য! মাঝির কাছে শুনে ছুটতে ছুটতে আসছি।
- ভূবন। (টাঁ)াকঘড়ি বের করে) শেষ লগ্ন যে পার হয়ে যায়। মোটে আর ষোল মিনিট—
- রাজমোহন। (প্রশান্তকে) বদে পড়্পিঁড়িতে। শিগগির, শিগগির—

वषन ও চাবী-যুবকেরা নিশি ও বঙ্কুকে ঠেলতে ঠেলতে নিয়ে বাচ্ছে।

- ভূবন। কোথায় নিয়ে বাও?
- মদন। গোয়ালে গরুর দড়ি দিয়ে বেঁধে রাখি। পালাতে না পারে। ভাইপো থানায় যাচ্ছে।
- নিশি। (করজোড়ে) দোহাই ডাজারবাবু, আমায় বাঁচান—আমার ঘাট হয়েছে—

রাজমোহন। কেউ বাঁচাতে পারবে না। রাজমোহন বোসকে চেনো না। তোমায় জেলের ঘানি ঘুরিয়ে তবে আমি ছাড়ব।

নিশি। আঁা, জেল ? কর্তামশায় আপনার পায়ে পড়ি। বুড়ো বয়সে জেল খাটতে পারব না।

শিব। আনন্দের মধ্যে এ দবে কাজ নেই বোসমশায়—

রাজমোহন। বলেন কি, ছেড়ে দেব ?

ভূবন। দিন, তাই দিন। অনেকগুলো কাচ্চাবাচ্চা—তাদের মুখ চেয়ে ছেড়ে দিন পাজিটাকে।

রাজমোহন মদনের দিকে ছেড়ে দেখার জন্ত ইঞ্চিত করলেন।

মদন। বেরোও, বেরিয়ে যাও। বেঁচে গেলে এনাদের দয়ায়।
শিব। শুধু-মুথে ছাড়িদ নে রে! সারাদিন বড্ড থেটেছে। তেলে বাজা রে, ঢোল বাজা—

তাড়াতাড়ি ক্লা-সম্প্রদানের ব্যবহা হচ্ছে। থাতা হাতে গোবিন্দ প্রবেশ করে।

শৌবিন্দ। এই যে, বিয়ে আরম্ভ হয়ে গেল। ভাল হয়েছে, ভাল হয়েছে। আমার থাতা থেকে এক জোড়া বর-কনের নাম ফাটা গেল। এই কাটলাম, এই কাটলাম—

গোৰিল ৰাভা থেকে নাম কটিছে। ওনিকে চোল-কাঁসি-সানাই বেলে উঠন।

थीरत थीरत ययनिका शहन।

পরিশিষ্ট

পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম দৃশ্যের স্থলে রঙমহল-মঞ্চে নিম্নলিথিত রূপ অভিনয় হয়। ১১ পৃষ্ঠার ফুটনোট দ্রষ্টবাং]

॥ পঞ্চম দৃশ্য ॥

मिरनार्थंद्र बाहित-बाढ़ि। मिरनाथ ७ काप्तविनो रूणांग्लार्य वरन चाहित।

- নিশি। আচ্ছা দেখুন দেখি, সাতকড়ির কাণ্ড! কিছুতে ছাড়বে না, টেনে নিয়ে এল।
- কাদিধিনী। তা বাবা, আজকে রাতে তুমি রক্ষে না করলে বে আর উপায় নেই। তা ছাড়া আগে তো তুমিই একদিন বলেছিলে নিশি—
- নিশি। ই্যা—অতগুলো ছেলেপুলে নিয়ে সামলাতে কট্ট হয়, তাই বলেছিলাম।
 কিন্তু তথন আপনারা যে কলকাতার লাটবেলাটের হাতে ছাড়া মেয়ে
 দেবেন না বলে পণ করেছিলেন। এখন বিয়ের ইচ্ছে আর আমার
 নেই।
- শাতকড়ি। কিন্তু এই তো সেদিন তুমি—
- নিশি। (চোথ টিপে নিষেধ করল) তুমি বিয়ের কথায় থেকো না সাতকড়ি। কাদম্বিনী। আভ্যুতিক হয়ে গেছে—সকাল হলে আমাদের যে সর্বনাশ হয়ে যাবে, তাই তোমায় এত করে বলা। আর তো এখানে কেউ নেই, থাকলেও বা—
- নিশি। তা আপনারা যথন এত করে বলছেন, তথন আমায় দায়-উদ্ধার করতেই হবে। কিন্তু স্পষ্ট কথা বলি, গয়না-বরশয্যা থাটপালঙ্ক যা-কিছু দিচ্ছিলেন, তার এক পাই এদিক-ওদিক হলে চলবে না। তাছাড়া কিছু নগদ দিতে হবে। বাইরের লোকের মুখ বন্ধ করতে হবে তো!

কাদস্বিনী। তুমি যা চাও, আমরা সর্বস্ব বেচে দিয়েও তোমায় দেব নিশি। তুমি আমাদের এই দায় উদ্ধার কর।

পুরোহিতের নারারণ-শিলা সহ প্রবেশ।

নিশি। আহ্বন পুরুতমশাই। ও, চাদর একটা নিতে হয়—না? (গামছা চাদরের মতো গায়ে দিল) তা এই গামছাতেই হবে। টোপরটা নিয়ে এস হে সাতকড়ি।

সাতকড়ি ভিতরে গেল।

পুরোহিত নারারণ-শিলা ও কোশাকুশি নিয়ে বসলেন। শিবনার পাধরের মূর্তির মতো দ'াড়িরে আছেন, নিশি কি করছে, বেয়াল নেই। ভূলোর মা একথালা ফুল ও চন্দনের বাট এনে সামনে রাখল।

পুরোহিত। তা হলে শানাইটা একবার---

নিশি। না না, আর শানাইয়ে কাজ নেই। এক্শি পাড়ার লোক জমবে। কাজকর্ম চুকে যাক, তারপর সারারাত ধরে শানাই বাজুক, ক্ষতি নেই। পুরোহিত। হাা, তা তো বটেই!

পুরোহিত গঙ্গালন ছিটিয়ে সব শুদ্ধ করে নিলেন।

নিশি। সাতপাকের বিয়ে, তথন তিন সাত্তে একুশ পাক দিলেও আর কেউ খুলতে পারবে না।

পুরোহিত। বটেই তো! (মনে মনে মন্ত্র পড়তে লাগলেন)

নিশি। নিন—তাড়াতাড়ি সাক্ষন। (সাতকড়ি টোপর এনে নিশিকে পরিয়ে দিল) বেশি হান্ধামায় দরকার নেই—লগ্নটা আবার চলে যাবে। দিন গন্ধাজল—

পুরোহিত গঙ্গাজল হাতে দিতে নিশি নিজেই আচমন করে কুল তুলে নিল।

শ্রীবিষ্ণু, শ্রীবিষ্ণু, শ্রীবিষ্ণু—নমঃ অপবিত্রঃ পবিত্রোবা দর্বাবস্থাং গতোহপিবা।
ষঃ শ্বরেৎ পুগুরীকাক্ষং দ বাহাহভাস্তরঃ শুচিঃ। নমো বিবস্বতে ব্রহ্মন্

ভাস্বতে বিফুতেজনে, জগৎ সবিত্রে শুচয়ে সবিত্রে কর্মদায়িনে ইদং অর্ঘ্যং ওঁ নম: গ্রী সুর্যায় নম:।

বাটি খেকে চন্দ্ৰ নিয়ে কগালে লাগাল।

কই গো, কনে নিয়ে এসো না, কনে ছাড়া বিয়ে হবে কি করে ? কনে পিঁড়িতে বসাও।

কাদস্বিনী ও ভুলোর মা ভিতর-বাড়ি গেলেন।

কর্তামশায়ের একটা আসন আন সাতকড়ি। সাতকড়ি। আনছি।

সাতকড়ির প্রস্থান।

নিশি। (পুরোহিতের দিকে চেয়ে সহাস্তে) বিয়ের ব্যাপার, জানেন তো পুরুতমশাই, একেবারে আমার মুখস্থ। তিন-তিনবার হয়ে গেছে কি না! পুরোহিত। বটেই তো!

গৌরীর হাত ধরে হুধা ও ভার পিছনে কাদম্বিনী প্রবেশ করলেন। বস্ত্রচালিতের বড়ো গৌরী আসছে।

একটা পিঁড়েয় বসিয়ে কনে আনা হল না ?

গৌরীকে পি'ড়িতে বসিরে দিল। গৌরী স্থিত্ত্তিত পুত্তের মতো বসে। সাতকড়ি আসন এনে পালে পেতে দিল।

নিশি। ঠিক আছে। আপনি আর হান্ধামা বাড়াবেন না। সব সংক্ষেপে সারতে হবে। তেও কর্তামশাই, আপনি আবার হা করে বসে রইলেন কেন? সম্প্রদান করতে হবে না? আফুন এ দিকে। সাতকড়ি!

সাতকড়ি অনিজ্যাসত্ত্বও শিবনাথের হাত ধরে।নরে এল। শিবনাথ আচ্ছল্লের সভো সামনে এসে বসলেন।

নিশি। নিন, ওঁকে এবার মন্ত্র পড়ান। তোমরা শাঁথ বাজাও, উলু দাও। কাদস্বিনী। বিধবাকে তো উলু দিতে নেই। অ-স্থা। স্থা। (কান্না চেপে) আমি পারব না—আমি পারব না পিদিমা! গৌরী। (হাদতে হাদতে) আমি পারব—আমি পারব—

ভারণর উঠে পাগলের মতো গৌরী উলু দিতে গুরু করল। হুরবালা ও **অন্ত নে**রেরা প্রবেশ করলেন। গৌরী শিট্টি থেকে নেমে এসে আরতি করার মতো হাত নেড়ে যুরে ঘুরে উলু দিছে। থামে না। হুরবালা ছটে এসে তাকে লাগটে ধরলেন।

ख्तराना। ७ कि कत्रिम मा? भाख र, भाख र-

শিবনাথ উঠে পড়েছেন; তথনও গৌরী উলু দিচ্ছে।

শিবনাথ। দিদি, দিদি, ও কি করছ ভাই ? চুপ কর।
গৌরী। (হঠাৎ চুপ করে) চুপ করব ? কেন ? বিয়ে হচ্ছে, আনন্দ করব না ? আমার বিয়ে কিনা, তাই কেউ উলু দিচ্ছে না দাহ! (আবদার করে) কেন দিচ্ছে না দাহ ?

শিবনাথ চুপ করে রইলেন। গৌরী মাজের দিকে ফিরল।
মা, আমার বিয়ে হচ্ছে— তুমি উলু দাও লক্ষীটি!
স্থাবালা দুপিরে কাদতে লাগলেন।

কাদছ? তবে আমিও কাদি!

माजब व्रक म्थ त्रस्थ भोडी कॅमरङ नामन। मिनि भिं फ़िर में फ़िर बाह्य।

নিশি। দেখ, ভাল চাও তো মেয়েকে বসিয়ে দাও পিঁ ড়িতে।

স্থরবালা। (কাঁদতে কাঁদতে) মেয়ে আমার পাগল হয়ে গ্রেছে। একটু ঠাণ্ডা হোক।

নিশি। পাগল না হাতী। ও-সব ঐ শহরে মেয়ে বিভাটার সঙ্গে মিশে মিশে শিথেছে।

नीत्रापत्र व्यावन ।

নীরদ। আবে নিশি-দা যে! আপনিই শেষ পর্যস্ত তা হলে বসে গেলেন পিঁড়িতে ?

- নিশি। কি করি ভাই, এঁদের অন্নরোধ এড়াতে পারলাম না। কিন্ধ দেখ না, বিয়ের পিঁড়ি থেকে অর্ধেক বিয়ে সেরে এখন মা-মেয়েতে মিলে শয়তানি শুরু করেছে।
- নীরদ। বিয়ের আগে মেয়ের। ও-রকম করে। আপনি একটু কড়া হয়ে কাজটা সেরে ফেলুন না!
- নিশি। সত্যি, ভালমামুষের কাল নেই আর। কর্তাবার্, গৌরীকে পিঁড়িতে বদাবেন কি না ?

শিবনাথ কি করবেন, বুঝতে পারছেন না।

নীরদ। (ঘড়ি দেখে) দেখুন, লগ্ন শেষ হতে আর দেরি নেই। অর্ধেক বিষে ষখন হয়েছে, তখন মেয়েকে পি'ড়িতে বসিয়ে সম্প্রদানটা সেরে দিন।

শিবনাথ। হাা, তাই দিই। গৌরী-দিদি, দিদি ভাই-

হাত ধরতে গেলেন, গৌরী দরে গেল।

গৌরী। না না, আমি যাব না—

মাকে জড়িরে ধরে বইল।

নিশি গৌরীর কাছে গিরে সফোরে হাত ধরে টান দিল।

নিশি। ধুৎতেরি নিকুচি করেছে মেয়ের !—চলে আয়।

গৌরী হাত ছাড়িয়ে নিল।

গৌরী। উঃ! হাতটা ভেঙে দিয়েছে আমার। আমি যাব না, আমি যাব না—

बक्नजनात्र हरन भाग। निमि नीत्रापत्र पिरक रहात्र बनन :

নিশি। দেখ ভাই, কাণ্ড দেখ। বিয়ে করবে না—শুর ঘাড় করবে! সাতকড়ি, ও-হাতটা চেপে ধর তো—

সাতকড়ি বিরক্তভাবে বলল :

সাতকড়ি। আমি ও-সব পারব না। নিশি। কি পারবে না?

- শাতকড়ি। একটা মেয়েকে খুন করতে। আমার গায়ে এখনও মাহুষের রক্ত বইছে। আগে আমি ব্রুতে পারি নি, এখন ব্রেছি—তোমার এ ব্যাপারে আমার থাকাটা ভাল হয় নি।
- নিশি। কিন্তু মনে থাকে যেন, তোমাকে আমি ভিটেছাড়া করব।
- সাতকড়ি। কোরো যা তোমার ইচ্ছে। তেক্তামশাই, নাতনীকে ভালবাসেন, কেন তবে এই ভাবে জাতরক্ষে করতে চান ?
- নীরদ। আপনারা পাগলামো করছেন সবাই। বর-কনে যথন পিঁড়িতে বসেছে, তথন আইনত তাদের বিয়ে এক রকম হয়ে গেছে। সম্প্রদান না করেন, আমরা আদালত করব।
- निन। निक्ष कवर। थानाय टिंग्स निया विख्य कवर।

গোরী ছুটে এল দাছুর কাছে।

গৌরী। (পাগলের ভাবে) দাত্, দাত্—আমায় বাঁচাও, আমায় থানায় টেনে নিয়ে থাবে—থানায় টেনে নিয়ে থাবে।

नियनाथरक कड़िएम धत्रल ।

- শিবনাথ। ভয় নেই, দেব না এ বিয়ে। চুলোয় যাক জাত, চুলোয় যাক সমাজ। সম্প্রদান আমি করব না।
- কাদস্বিনী। বাবা, মাথাটা ঠাণ্ডা কর। একটু ভেবে দেখ। এই শেষ লগ্ন— গৌরীর জীবনে আর এ ক্ষণ ফিরে আসবে না। বিসর্জনের বাজনা যথন বেজেছে, তথন প্রতিমাকে তো আঁকড়ে থাকলে চলবে না।
- শিবনাথ। (বিহবল ভাবে) সত্যিই আমার প্রতিমাকে বিদর্জন দিতে হবে? ভগবান, তুমি নেই, তুমি নেই—
 - [দ্র থেকে কোলাহল—"শিগগির চল— আর সময় নেই, তাড়াতাড়ি !"]

विका नर्वात्य हुत्वे अन ।

नकरना। थँग!

শিবনাথ গৌরীকে ছেড়ে দিরে সরে এলেন।

শিবনাথ। সে কি! তবে যে বললে নোকোড়বি?

রাজবোহন, বরবাত্রী, ভূবন, প্রশান্ত গদা প্রভৃতির প্রবেশ।

- রাজমোহন। নৌকোড়বি? কে বললে? সব মিথ্যে কথা। এ দেশের লোকগুলো হাডহাবাতে পাজি।
- বিভা। সভ্যি কথাই বলেছেন। নইলে ওঁরা ডাঙায় উঠে ডাব থাচ্ছিলেন, আর সেই সময়ে নৌকো নিয়ে পালিয়ে যায়!
- প্রশাস্ত। ভাগ্যিস বিভা দেবী নৌকো করে আসছিলেন, দেখা হয়ে গেল।
 নইলে এ রান্তিরে আর এসে পৌছতে পারতাম না। এ কি, নীরদ
 কখন এলে?
- নীরদ। অনেকক্ষণ। তোমার বিয়েয় না এলে যদি রাগ কর, তাই এদে পড়লাম।
- রাজমোহন। যাক, আর দেরি করে লাভ নেই শিবনাথবার্, শুভলগ্নে কনে-সম্প্রদানটা শেষ করে ফেলুন।

নিশি। কনে সম্প্রদান করবেন কাকে?

বাজমোহন। কেন, আমার ছেলেকে।

নিশি। কনে পিঁড়িতে বদেছে, আমায় ওঁরা ডেকে পিঁড়িতে বিয়ে করবার জন্মে বদিয়েছেন, বিয়ের নিয়মকর্ম সারা। আমি আমার অধিকার ছাড়ব কেন?

রাজমোহন। এ সব কি কথা! শিবনাথ বাবু, ব্যাপার কি ?

निवनाथ कि बलदबन, एक्टर भाव ना।

নীরদ। ব্যাপার আমি বলছি। বিয়ের শেষ-লগ্ন পার হয়ে যাচ্ছে দেখে ওঁরা এই নিশিবাবুকে বিয়ে করবার জত্যে ধরে নিয়ে আসেন। ওঁর অনিচ্ছা সত্ত্বেও পিঁ ড়িতে বসিয়ে ওঁকে বিয়ের মন্তব-টম্ভর সব পড়ানো হয়ে গেছে। এখন শুধু সম্প্রদানটা বাকি।

রাজমোহন। (চিস্কিড ভাবে) তাই তো, তা হলে-

শাতকড়ি। না-না, মস্তর-টস্তর কিছু পড়ানো হয় নি। মল্লিকদা নিজেই বিজ-বিজ করে কি সব বলছিল। তারপর ঐ বাচ্চা মেয়েটাকে জাের-জবরদন্তি করে বিয়ে করার জল্ঞে টানাহেঁচড়া করে পি ড়েয় বসাতে গিয়ে পাগল করে দিয়েছে।

নিশি। সাতকড়ি।

দাতকড়ি। হুঁ, থাম:--

রাজমোহন। (চিন্তিত ভাবে) না, বুঝতে পারছি, এ সব গোলমালের ব্যাপার। প্রশান্ত, চলে এস।

প্রশান্ত হতভব। কি করবে ভাবছে—এমন সমর মৌরী ছুটে এসে প্রশান্তর হাত ধরে
সাঞ্জনহনে বলে:

গৌরী। নানা, যাবেন না—একটু দাঁড়ান। আপনাকে ধরে রাখতে পারি, এমন ক্ষমতা আমার নেই। আর, আমার চাইবারও আপনার কাছে কিছু নেই। কিন্তু আমার বুড়ো দাহ আর মা—ওঁদের জন্মে আমি ভিক্ষে চাইছি, একটু সিঁত্র পরিয়ে দিয়ে যান আমার সিঁথিতে। আপনার পা ছুঁয়ে প্রতিজ্ঞা করছি, এ জীবনে স্তীর দাবী নিয়ে আপনার সামনে কখনো দাঁড়াব না। শুধু আশীর্বাদ করে যান, যেন এ অভিশপ্ত জীবন বেশিদিন বয়ে বেডাতে না হয়।

প্রশাস্ত। (দৃঢ় কণ্ঠে) কী! তোমায় আমি সিঁত্র পরিয়ে এখানে ফেলে রেখে যাব না গৌরী। তোমায় আমি সঙ্গে করে নিয়ে যাব আমার মায়ের কাছে, তিনি তোমায় বরণ করে ঘরে তুলবেন। বাবা!

রাজমোহন। লগ্ন পেরিয়ে যাচ্ছে—নে, পিঁড়িতে বোস্—

নিশি। আমি নালিশ করব আপনাদের নামে। জোর করে দলবল নিয়ে আমার ভাবী বউকে আপনারা ছিনিয়ে নিচ্ছেন। মনে থাকে যেন!

িনেপথ্যে কোলাহল—"মার্, মার্ বেটাকে।" আর একজন কাঁদতে কাঁদতে বলছে—"ওরে বাবা রে, গেছি। ওরে বাবা, মরে গেছি—"]

ভূবন। কি, হয়েছে কি?

मनन ও वित्नाम वकू विश्वामतक छोना है। नित्न अन ।

মদন। এই বন্ধা বিশ্বেস নোকোভূবির মিথ্যে খবর দিয়ে পালাচ্ছিল। আমি
ঠিক ধরেছি।

ভূবন। কেন মিথ্যে খবর দিয়েছিলি রে বেটা?

বকুর ঘাড় ধরলেন।

বঙ্কু। (হাঁপাতে হাঁপাতে) আমার কোন দোষ নেই বাবু। নিশিবাবু আমাদের পঞ্চাশ টাকা দিয়ে বলে দিয়েছিল যে বরের নৌকো সরে গেলেই তুই ডাঙার পথে ঘোড়া ছুটিয়ে এদে বলবি, নৌকোড়বি হয়ে গেছে।

নিশি। মিথ্যে কথা। বেটা মিথ্যে কথা বলছে।

বঙ্গ। আমি প্রমাণ দিতে পারি বাবু।

ভূবন। আমি ওকে দেখে নেব। বিনোদ, থানায় থবর দাও এখনি।

वित्नाप बकूटक थरत निरंत्र ठलन । मपन प्लोट्ड शिरत निर्मित योड धतन ।

নিশি। (করজোড়ে) দোহাই ডাক্তারবার, আমায় বাঁচান—আমার ঘাট হয়েছে।

ভূবন। সত্যি কথা বল। এ কু-মতলব করেছিলে কেন?

নিশি। (কাঁদ-কাঁদ ভাবে) আজে, আমি করি নি। মানে, আমার এই আত্মীয় বলেছিল যে, এক ঢিলে ছই পাখি মারতে হবে, তাই—

नीत्रम्क (मर्थान ।

নীরদ। নিজের দোষ আমার ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন—বেশ তো! প্রশাস্ত। নীরদ, তুমি এতবড় অমামুষ ? এখন বুঝতে পারছি, এখানৈ তুমি কেন এসেছিলে। তুমি না শিকিত,—ভদ্রশৌক ? ছি:-ছি:-ছি:। খদি বিন্দুমাত্র লজ্জা থাকে, তা হলে বন্ধুসমাজে ও-মূথ আর দেখিও না। নীরদ। আমার এথানে আসাটাই ভুল হরেছে।

রাগত ভাবে এছান।

নিশি। আমিও যাই তাহলে?

রাজমোহন। না, তুমি এখনও রাজমোহন বোদকে চেন নি। তোমায় আমি জেলে দেব।

নিশি। এঁটা, জেল ? কর্তাবাব্ আপনার পায়ে পড়ি—আমায় বাঁচান।
বুড়ো বয়সে জেল থাটতে পারব না।

শিবনাথ। আমি কি করব নিশি? তুমি এঁদের কাছে ক্ষমা চাও।

রাজমোহন। নানা। ওকে আমরা ক্ষমা করব না—কিছুতেই নয়। ওকে ঘানি টানাব, তবে আমার নাম—

নিশি। (হাতজ্ঞাড় করে গৌরীর প্রতি) মা গৌরী, আমি একটা কু-কাজ করে ফেলেছি—তুমি আমাকে বাঁচাও মা।

প্রশাস্ত। বাবা, এই কুৎদিত ব্যাপারের এইখানেই শেষ হোক। ও চলে যাক। রাজমোহন। বেরিয়ে যা এখান থেকে—

मनन निनित्क गांक-शांका पित्त वाहेरत नित्त राज ।

ভূবন। কর্তাবাব্, আহ্নন। বিভা, গৌরীকে পিঁ ড়িভে বসা। এস বাবান্ধী।
পুরুত মশাই, তাড়াতাড়ি কান্ধ সেরে ফেলুন।
পুরোহিত ইভিনধ্যে বনে পড়েছিলেন। শিবনাব হাসিমুধে ছুটে এসে আসনে বসলেন।

शाविनात्र धारम ।

গোবিন্দ। এই বে, ছোটবাবু এসে গেছেন ? ওরে সানাই—সানাই—
সানাই থেল উলে।

ভূবন। শাঁথ বাজাও, উলু দাও সব। শহুধানি, মেরেরা উলু দিছে। পুরোহিত। নিন কর্তাবার, নাতনী আর নাতজামাইয়ের হাতে হাত মিলিয়ে দিন।

শিবনাথ তাই করলেন।

মদন। আমার থাতা থেকে এক জোড়া বর-কনের নাম কাটা গেল। এই কাটলাম—এই কাটলাম—

গোৰিন্দ থাতা পুনে নাম কাটছে। প্ৰশান্ত মিতহান্তে মন্ত্ৰ পড়তে লাগল। ব্যনিকা পড়ল।

প্রথম অভিনয়-রজনীর শিল্পির্ন্দ

পুরুষ

| প্রশাস্ত | | রবীন মজুমদার |
|-----------------|-------|--------------------------|
| বনমালী | ••• | হরিধন মুখোপাধ্যায় |
| নিশি | ••• | জীবেন বোস |
| গোবিন্দ | ••• | জহর রায় |
| <u> শিবনাথ</u> | ••• | সত্য বন্দ্যোপাধায় |
| রাজমোহন | ••• | সৌরেন ঘোষ |
| শাতক ড়ি | | অজিত বন্দ্যোপাধ্যায় |
| नीत्रम | ••• | দীপক মৃথোপাধ্যায় |
| ভূবন | • • • | অশ ভট্টাচার্য |
| গদা | ••• | দেবী নিয়োগী |
| মদন | •• | প্রশান্ত চট্টোপাধ্যায় |
| বস্থ বিশাস | ••• | কার্তিক সরকার |
| পুরোহিত | ••• | বলীন সোম |
| মাঝি | ••• | মণি মৈত্ৰ |
| বর্যাত্রী | ••• | শশাৰ, স্থনীত, স্থনীল, |
| | | মিন্টু, কাশীনাথ ও খ্রামন |

स्री

| গোরী | • • • | প্রণতি ঘোষ |
|--------------|-------|----------------------------|
| বি ভা | ••• | গীতা সিং |
| স্থ্রবালা | ••• | কেতকী দত্ত |
| কাদস্বিনী | • • • | ইরা চক্রবর্তী |
| | | (পরে, সাধনা রায় চৌধুরী) |
| ভূলোর মা | ••• | আশা দেবী |
| তমাললতা | • • • | मका प्रती |
| স্থা | ••• | শুক্লা দাশ |
| नीना | | শীলা পাল |
| মাধবী | ••• | রীণা চট্টোপাধ্যায় |
| কমলা | • • • | मञ्जू (एवी |
| त्रक्नी | • • • | কানন দেবী |
| বেশা | ••• | বেবী গুপ্তা |

শেষ লগ্ন

উদ্বোধন রজনী—৮ নভেম্বর, ১৯৫৬

পরিচালনা

वीरतञ्जक्ष ভज

সঙ্গীত-পরিচালমা

রাজেন সরকার

দুখ্য-পরিকল্পনা

गटनम माम

স্থারক

বিমল খোৰ ॥ মণি চটোপাৰ্যার

मक-ख्यावशान

নিখিল রায়

ব্যব**ন্থাপনা** মণীক্র রায়॥ প্রভাস ঘোষ

বস্ত-ব্যবস্থাপনা

ष्यमुना नसी

ক্লপসজ্জা শেখ মেহ্বুব

নেপথ্য-বাদন প্রভাত হাজ্বা

যদ্ভিসংঘ

হরিদাস মুখোপাধ্যায়॥ ত্রিগুণ ঘোষ॥ কীরোদ গাঙ্গুলি॥ নারায়ণ বসাক॥ শেখর রায়॥ কার্ডিক মল্লিক॥ বংশীধর রায়॥ কানাই দাস

রপসজ্জা

ওঁকারনারায়ণ মিশ্র। তারক দাস। সত্যেন অধিকারী। ইন্দ্রাণী মৈত্র

আলোক-সম্পাত

অভয়চরণ দাশ। ক্ষ্দিরাম দান। লালমোহন ভট্টাচার্য। ত্র্গাচরণ বসাক। বিনয় ধর। বিজয় চট্টোপাধ্যায়। ব্যোপাল ভট্টাচার্য

দৃত্যপট-যোজনা

কালীপদ সোম। আশুতোৰ দাস। অনাদি ঘোষ। বাদর ঘোষ। পঞ্চানন কুগু। ভবতারণ দত্ত। ধীরেক্রনাথ মিত্র। তারাপদ মগুল